শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌরজন-চিদ্বিলাস-

শ্রীশ্রীল-ভক্তিবিনোদ-ঠক্কুর-কৃত-

শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-

স্মরণমঙ্গলস্তোত্রম্

তথা

স্বনিয়মদ্বাদশকম্

শ্রীল-ভক্তিবিনোদ-প্রভুবরস্য প্রিয়শিষ্যেণ

শ্রীমদ্-ভক্তিপ্রদীপ-তীর্থগোস্বামি-

মহারাজেন

প্রতিশব্দান্বয়-বঙ্গানুবাদ-বিষয়নির্দ্দেশ-ও শিতিকণ্ঠবাচস্পতি মহাশয়েনকৃত 'বিকাশিণী' নাম্নী টীকা সহিতং

সঙ্কলিতং সম্পাদিতঞ্চ

গৌড়ীয় মিশনস্য বর্তমান আচার্য্যপ্রবর

শ্রীশ্রীমদ্ ভক্তিসুহৃদ পরিব্রাজক মহারাজেন

প্রকাশিতম্

১) শ্রীশ্রীভক্তিবিনোদ-বিরহ-তিথি

গৌরাব্দ ৪৫৬, ১৫ বামন
বঙ্গাব্দ ১৮৮৯, ২৮ আষাঢ়
খৃষ্টাব্দ ১৮৮২, ১৩ জুলাই

২) বলদেব প্রভুর শুভ আবির্ভাব তিথি

২৯শ্রীধর ৪৯৬ গৌরাব্দ
১৯ শ্রাবণ ১৩৮৯
৪ আগষ্ট ১৯৮২

৩) শ্রীনৃসিংহ চতুর্দ্দশী

গৌরাব্দ—৫২১, ২৯ মধুসূদন
বঙ্গাবাদ—১৪১৪, ১৭ বৈশাখ
খৃষ্টাব্দ—২০০৭, ১ মে

প্রাপ্তিস্থান––

শ্রীগৌড়ীয় মঠ (রেজিঃ) (হেড অফিস), বাগবাজার, কোলকাতা-৩
শ্রীমদ্‌ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গৌড়ীয় মঠ, গোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ,নদীয়া-১৫
শ্রীপুরুষোত্তম মঠ, চটক পর্বত, গৌরবাটসাহী, পোঃ পুরী-১, উড়িষ্যা
শ্রী সনাতন গৌড়ীয় মঠ, ৮/১৭ বড়গম্ভীর সিং, সোনারপুর, বারাণসী (ইউ পি)
শ্রীকৃষ্ণচৈতন্য মঠ, কিশোরপুরা, বৃন্দাবন, মথুরা-২৮
শ্রীগৌড়ীয়মঠ, মতিনগর, লক্ষ্মৌ-৪

মুদ্রাকর ঃ— শ্রীভক্তি নিষ্ঠ ন্যাসী মহারাজ
শ্রীশ্রীবৃহদ্ মৃদঙ্গ ভাগবত যন্ত্রালয়
শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কোলকাতা - ৩

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রকাশকের নিবেদন

'শ্রীগৌর ভক্তি-সাম্রাজ্যের ধুরন্ধরাগ্রণী' ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর শ্রৌত-প্রণালীতে অপূর্ব্ব মৌলিকতার সহিত সংস্কৃত-পদ্যছন্দে "শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণমঙ্গলস্তোত্রম্" ও ইংরাজী ভাষায় উহার তাৎপর্য্যানুবাদ রচনা করিয়া উহা ১৮৯৬ খৃষ্টাব্দে গ্রন্থাকারে প্রচার করেন। প্রথিতনামা পণ্ডিত মহামহোপাধ্যায় শিতিকণ্ঠ বাচস্পতি মহাশয় উক্ত স্তোত্রের 'বিকাশিনী'-নাম্নী একটী টীকা প্রণয়ন করিয়াছিলেন। উক্ত সংস্করণে মূল ও টীকা উভয়ই দেবনাগরী অক্ষরে মুদ্রিত হয়। এই সংস্করণটী সংস্কৃত-ভাষাভিজ্ঞ পণ্ডিত-মণ্ডলী তথা পাশ্চাত্য-ভাষাভিজ্ঞ শিক্ষিত জনসাধারণের পক্ষে কলিযুগ -পাবনাবতারী শ্রীকৃষ্ণচৈতন্যদেবের চরিত ও শিক্ষা সূত্রাকারে আলোচনার অপূর্ব্ব সুযোগ প্রদান করিয়াছে। যাঁহারা শ্রীচৈতন্যের চরিত ও শিক্ষাকে নিত্য, স্মরণ ও ভজনানুশীলনের প্রাণবস্তু জ্ঞান করেন, তাঁহারা এই "শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণমঙ্গলস্তোত্রম্" এর ১০৪ টী সুললিত শ্লোক কণ্ঠস্থ করিয়া প্রত্যহ কীর্ত্তন করিয়া থাকেন। কীর্ত্তনমুখে স্মরণই শ্রীগৌরবিহিত ভজন-প্রণালী।

শ্রীশ্রীল ঠাকুরের সম্পাদিত 'সজ্জনতোষণী'-পত্রিকার ৭ম বর্ষের ৮ম-১১শ সংখ্যায় (১৮৯৬ খৃঃ) বঙ্গাক্ষরে বঙ্গানুবাদের সহিত এই স্তোত্র মুদ্রিত হইয়াছিল। প্রাচীন 'সজ্জনতোষণী'-পত্রিকা অনেকের নিকটই দুষ্প্রাপ্য। উক্ত পত্রিকায় মুদ্রিত বঙ্গানুবাদে বহু মুদ্রণ-প্রমাদও দৃষ্ট হয়। এজন্য বর্ত্তমান শ্রী গৌড়ীয়-সম্প্রদায়ৈক-সংরক্ষক আচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামি-ঠাকুরের অনুপ্রেরণায় সংস্কৃত-ভাষায় অনভিজ্ঞ শ্রদ্ধাবন্ত জনসাধারণের বোধ-সৌকর্য্যার্থ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের

অষ্টাবিংশতিতম বিরহ-উৎসবে এই 'স্মরণ-মঙ্গলস্তোত্র' বিবিধ পাঠান্তরসহ এবং বঙ্গাক্ষরে প্রতিশব্দান্বয়, বঙ্গানুবাদ ও প্রতি শ্লোকের বিষয়-নির্দ্দেশাদির সহিত ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সর্ব্বসমর্পিতাত্মা আদর্শ শিষ্যবর, প্রাচ্য ও পাশ্চাত্ত্যদেশে শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-বাণীর মনোঽভীষ্ট-প্রচারক পরমপূজনীয় শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামি-মহারাজের সম্পাদনায় পুনঃ প্রকাশিত হইয়াছিল। বর্ত্তমান শ্রীগৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক আচার্য্যবর্য্যের অনুপ্রেরণায় শ্রীগৌরজন্ম-উৎসবের সময় (১৯৪১ খৃঃ) এই গ্রন্থ মদ্রদেশ হইতে দেবনাগর-অক্ষরে মূল ও শ্রীবৃন্দাবনের শ্রীরাধারমণঘেরার স্বধামগত পণ্ডিতবর মধুসূদন গোস্বামী সার্ব্বভৌম মহাশয়ের হিন্দি পদ্যানুবাদের সহিত প্রকাশিত হয়।

দেবভাষায় রচিত টীকা সাধারণের বোধগম্য নহে বলিয়া উহা মূলশ্লোকের সহিত গ্রন্থ-কলেবরে মুদ্রিত না হইয়া পরিশিষ্টে ক্ষুদ্রাক্ষরে মুদ্রিত হইল। প্রত্যেক শ্লোকের টীকার অন্তে পুষ্ট অক্ষরে শ্লোকের ছন্দঃ নির্দ্দিষ্ট হইয়াছে। মূলের শ্লোকসমূহ পুষ্টাক্ষরে এবং প্রতিশব্দান্বয় ও অনুবাদ বঙ্গভাষায় মুদ্রিত হওয়ায় অধিকসংখ্যক লোকেরই পাঠে বিশেষ সুবিধা হইবে, সন্দেহ নাই। মূলশ্লোকের প্রথম ও তৃতীয় চরণের মাতৃকাক্রমে শ্লোকসূচী ও বিষয়-সূচী প্রকাশিত হইল। চিহ্নিত স্থান-সকলের 'পাঠান্তর' পাদটীকায় প্রদত্ত হইল।

পরিশিষ্টে শ্রীগৌরজন ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বিরচিত অপ্রকাশিত পূর্ব্ব "স্বনিয়মদ্বাদশকম্" -নামক নিত্যভজনীয় ও বাস্তব-জীবনে পরিপালনীয় গ্রন্থরাজও প্রকাশিত হইল। ইহার একটি সূচীও যথাস্থানে মুদ্রিত হইয়াছে। "স্মরণমঙ্গলম্" ও "স্বনিয়ম দ্বাদশকম্" উভয় গ্রন্থই একান্ত শ্রদ্ধালু ও শরণাগত ভজনেচ্ছু ব্যক্তিগণের নিত্য পাঠ্য গ্রন্থ।

বর্ত্তমান সংস্করণের সম্পাদকবর শ্রীগোস্বামি-মহারাজ অত্যন্ত প্রেমাবেশে প্রত্যহ নির্ব্বন্ধ-সহকারে উচ্চৈঃস্বরে এই সকল স্তোত্র কীর্ত্তন করিতে করিতে শ্রীগৌরাঙ্গের ভুবনপাবনী লীলা স্মরণ করিয়া থাকেন। বর্ত্তমানে তিনি

শ্রীশ্রীগুরুবর্গের নির্দ্দেশানুসারে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের লীলাক্ষেত্র শ্রীক্ষেত্রে শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরে শ্রীগরুড়-স্তম্ভের পশ্চাতে থাকিয়া উচ্চৈঃস্বরে এই স্তোত্র-কীর্ত্তনমুখে শ্রীশ্রীগুরুবর্গের অনুগমনে শ্রীশ্রীগৌরসুন্দরের ভুবন-মঙ্গলময়ী লীলা নিত্য স্মরণ ও আস্বাদন করিতেছেন। অধ্যাপকবর শ্রীপাদ যদুবরদাস ভক্তিশাস্ত্রী এম্-এ, বি-এল, শ্রীপাদ রাধাগোবিন্দদাস ব্রহ্মচারী কাব্য-পুরাণ-রাগতীর্থ ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ মন্মথমন্মথদাস কাব্যতীর্থ প্রভৃতি পণ্ডিতগণ পরম পূজ্যপাদ সম্পাদককে গ্রন্থ-সম্পাদনে সহায়তা করিয়া ধন্যাতিধন্য হইয়াছেন।

পূর্ব সংস্করণের সকল কপি শেষ হইয়া যাওয়ায় ঐ সংস্করণটী ১৯৮২ সনে পুনঃ মুদ্রিত হইল। দেবভাষায় রচিত টীকা সাধারণের বোধগম্য নয় বলিয়া উহা পুনঃ মুদ্রিত হইল।

শ্রীগৌড়ীয় মঠ	শ্রীশ্রীগুরুবৈষ্ণব কৃপালব প্রার্থী
বলদেব প্রভুর শুভ আবির্ভাব তিথি	শ্রীভক্তি শ্রীরূপ ভাগবত।
২৯ শ্রীধর ৪৯৬ গৌরাব্দ	
১৯ শ্রাবণ - ১৩৮৯	
৪ আগষ্ট - ১৯৮২	

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রকাশকের নিবেদন

গৌরপ্রিয়জন শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর রচিত "শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণ-মঙ্গলস্তোত্রম্ ও স্বনিয়মদ্বাদশকম্" গ্রন্থটির ২য় সংস্করণ গুরুবর্গের অহৈতুকী কৃপায় প্রকাশিত হলো। গ্রন্থটি গৌরভক্তগণের অত্যধিক আদরের বস্তু। সংস্কৃত ভাষায় হলেও এত সহজ ও সরল সকলের বোধগম্য এবং গৌর সুন্দরের সমগ্র লীলার বর্ণনময় এরূপ গ্রন্থ দুর্লভ। গৌড়ীয় মিশনের বর্তমান পাত্ররাজ ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮ শ্রীশ্রীমদ্ভক্তি সুহৃদ্ পরিব্রাজক মহারাজের কৃপায় গ্রন্থটি পুনঃ প্রকাশিত হলেন। মুদ্রন জনিত ভুল ত্রুটি দর্শনীয় নয়।

গ্রন্থ প্রকাশনে শ্রী সদানন্দ দাস ব্রহ্মচারী ও শ্রীদেবানন্দ দাস ব্রহ্মচারীর সেবাচেষ্টা প্রশংসনীয়।

গ্রন্থটি সাধক ভক্তগণের আস্বাদনীয় হউক— এই প্রার্থনা।

শ্রীশ্রীগুরুবৈষ্ণব-কৃপালব- প্রার্থী
শ্রীভক্তিসুন্দর সন্ন্যাসী

গৌড়ীয় মিশন
বাগবাজার, কোলকাতা
শ্রীনৃসিংহ চতুর্দ্দশী
২৯ মধুসূদন (৫২১ শ্রীগৌরাব্দ)
১৭ বৈশাখ (১৪১৪)
১ মে (২০০৭)

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ।।

— **শ্রীল রূপগোস্বামিপ্রভু**

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ জয়তঃ

বিষয়—সূচী

সাঙ্কেতিক-চিহ্ন

অঃ—প্রতিশব্দান্বয়   অনুঃ—অনুবাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

বর্ণানুক্রমিকা শ্লোক-সূচী

(প্রথম ও তৃতীয় চরণ)

[শ্লোকের পার্শ্ববর্ত্তী সংখ্যাদ্বয়ের মধ্যে প্রথমটী শ্লোকসংখ্যা ও দ্বিতীয়টী পত্রাঙ্ক]

'স্বনিয়মদ্বাদশকে'র প্রতিচরণের

শ্লোক-সূচী

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-

স্মরণমঙ্গলস্তোত্রম্

রাহু গ্রস্তে জড়শশধরে ফাল্গুনে পূর্ণিমায়াং
গৌড়ে শাকে মনুশতমিতে সপ্তবর্ষাধিকে যঃ।
মায়াপুর্য্যাং সমজনি শচীগর্ভসিন্ধৌ প্রদোষে
তং চিচ্ছক্তিপ্রকটিত-তনুং মিশ্রসূনুং স্মরামি।।১।।

(প্রতিশব্দান্বয়-১) সপ্তবর্ষাধিকে (সপ্তবর্ষাধিক) মনুশতমিতে (চৌদ্দশত-পরিমিত) শাকে (শকাব্দে--অর্থাৎ ১৪০৭ শকাব্দে) ফাল্গুনে (ফাল্গুন-মাসে) পূর্ণিমায়াং (পূর্ণিমা তিথিতে) প্রদোষে (সন্ধ্যাকালে) জড়শশধরে (জড় জগতে উদিত চন্দ্র) রাহুগ্রস্তে [সতি] (রাহুগ্রস্ত হইলে) গৌড়ে (গৌড়দেশে) মায়াপুর্য্যাং (ষোলক্রোশ নবদ্বীপমন্ডলের কেন্দ্রস্থল--শ্রীমায়াপুরধামে) যঃ (যিনি) শচীগর্ভসিন্ধৌ (শ্রীশচীদেবীর গর্ভরূপ সমুদ্রে) সমজনি (আবির্ভূত হইয়াছিলেন),

বিশ্বম্ভর-প্রভু-হরি-দ্বিজ-গৌরচন্দ্র-
নিম্বেশ-নামনিচয়ঃ ক্রমতো বভূব।
যস্যার্য্যখন্ডমুকুটোপম গৌড়রাষ্ট্রে*
গৌরং স্মরামি সততং কলিপাবনং তম্।।২।।
অঙ্গীকুর্ব্বন্নিজসুখকরীং রাধিকাভাবকান্তিং
মিশ্রাবাসে সুললিতবপুর্গৌরবর্ণো হরির্যঃ।
পল্লীস্ত্রীণাং সুখমভিদধৎ খেলয়ামাস বাল্যে
বন্দেঽহং তং কনকবপুষং প্রাঙ্গণে রিঙ্গমাণম্।।৩।।

তং (সেই) চিচ্ছক্তি প্রকটিততনুং (চিচ্ছক্তিদ্বারা প্রকটিত দেহধারী) মিশ্রসূনুং (শ্রীজগন্নাথ মিশ্র-পুত্র শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুবাদ --১) ১৪০৭ শকাব্দে ফাল্গুনী পূর্ণিমা তিথিতে সন্ধ্যাকালে জড়-শশধর রাহুগ্রস্ত হইলে গৌড়দেশে শ্রীমায়াপুরে শ্রীশচীদেবীর গর্ভরূপ-সমুদ্রে যিনি আবির্ভূত হইয়াছিলেন, সেই চিচ্ছক্তিদ্বারা প্রকটিতদেহ শ্রীজগন্নাথমিশ্র-পুত্রকে আমি স্মরণ করি।

(অঃ--২) আর্য্যখন্ডমুকুটোপমগৌড়রাষ্ট্রে (আর্য্যভূমির মুকুটতুল্য গৌড়রাজ্যে) যস্য (যাঁহার) ক্রমতঃ (ক্রমে ক্রমে) বিশ্বম্ভর-প্রভু-হরি-দ্বিজ-গৌরচন্দ্র-নিম্বেশ-নামনিচয়ঃ (বিশ্বম্ভর, মহাপ্রভু, শ্রীগৌরহরি, দ্বিজরাজ, গৌরচন্দ্র, নিমাই প্রভৃতি নামসমূহ) বভূব (হইয়াছিল), তং (সেই) কলিপাবনং (কলিপাবন) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) সততং (সর্ব্বদা) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --২) আর্য্যভূমির মুকুটস্বরূপ গৌড়রাজ্যে যাঁহার 'বিশ্বম্ভর', 'মহাপ্রভু', 'গৌরহরি', 'দ্বিজরাজ', 'গৌরচন্দ্র', 'নিম্বেশ' (নিমাই) প্রভৃতি নামসমূহ ক্রমে ক্রমে (লীলাক্রমে) হইয়াছিল, সেই কলিপাবন শ্রীগৌরচন্দ্রকে আমি সর্ব্বদা স্মরণ করি।

২। * 'যস্যৈব খন্ডনবশোভিতগৌড়রাষ্ট্রে'

সর্পাকৃতিং স্বাঙ্গনগং হ্যনন্তং
কৃত্বাসনং যস্তরসোপবিষ্টঃ।
তত্যাজ তঞ্চাত্মজনানুরোধাদ্
বিশ্বম্ভরং তং প্রণমামি নিত্যম্।।৪।।

(অঃ--৩) নিজসুখকরিং (নিজসুখপ্রদ) রাধিকাভাবকান্তিং (শ্রীরাধিকার অন্তরের ভাব ও দেহের কান্তি) অঙ্গীকুর্ব্বন্ (গ্রহণহেতু) গৌরবর্ণঃ (গৌরবর্ণ) সুললিতবপুঃ (অতিললিতদেহবিশিষ্ট) যঃ (যে) হরিঃ (শ্রীহরি) বাল্যে (বাল্যকালে) মিশ্রাবাসে (শ্রীজগন্নাথমিশ্রের গৃহে) পল্লীস্ত্রীণাং (প্রতিবেশি-স্ত্রীগণের) সুখং (সুখ) অভিদধৎ (প্রচুরভাবে বিধানপূর্ব্বক) খেলয়ামাস (খেলা করিয়াছিলেন), প্রাঙ্গণে (অঙ্গনে) রিঙ্গমাণং ('হামাগুড়ি'-দানশীল) কনকবপুষং (স্বর্ণকান্তি-দেহধারী) তং (সেই শ্রীগৌরচন্দ্রকে) অহং (আমি) বন্দে (বন্দনা করি)।

(অঃ--৪) যঃ (যিনি) স্বাঙ্গনগং (নিজ-অঙ্গনে আগত) সর্পাকৃতিং (সর্পাকার) অনন্তং হি (অনন্তদেবকেই) তরসা (বলপূর্ব্বক) আসনং (আসন) কৃত্বা (করিয়া) উপবিষ্টঃ (উপবিষ্ট হইয়াছিলেন), চ (এবং) আত্মজনানুরোধাৎ (স্বজনগণের অনুরোধে) সেই অনন্তকে তত্যাজ (পরিত্যাগ করিয়াছিলেন), তং (সেই) বিশ্বম্ভরং (বিশ্বম্ভরকে) নিত্যং (নিত্যকাল) প্রণমামি (প্রণাম করি)।

বাল্যে শৃণ্বন্ বদ হরিমিতি ক্রন্দনাদ্ যো নিবৃত্ত-
স্তস্মাৎ স্ত্রীণাং সকলবিষয়ে নামগানং তদাসীৎ।
মাত্রে জ্ঞানং বিশদমবদন্মৃত্তিকাভক্ষণে যো
বন্দে গৌরং কলিমলহরং নামগানাশ্রয়ং তম্।।৫।।

(অনুঃ —৩) স্বীয়সুখপ্রদ শ্রীরাধিকার ভাব ও কান্তি-গ্রহণহেতু অতিললিত দেহবিশিষ্ট গৌরবর্ণ যে শ্রীহরি বাল্যকালে শ্রীজগন্নাথমিশ্রের ভবনে প্রতিবেশি-স্ত্রীগণের প্রচুর সুখবিধানপূর্ব্বক ক্রীড়া করিয়াছিলেন, প্রাঙ্গণে(শ্রীশচীর অঙ্গনে) 'হামাগুড়ি'- প্রদানকারী স্বর্ণকান্তি-দেহধারী সেই শিশুকে আমি বন্দনা করি।

(অনুঃ —৪) যিনি নিজ অঙ্গনে আগত সর্পাকার অনন্ত দেবকেই বলপূর্ব্বক আসন করিয়া উপবিষ্ট হইয়াছিলেন এবং স্বজনগণের অনুরোধে সেই অনন্তকে ত্যাগ করিয়াছিলেন, সেই শ্রীবিশ্বম্ভরকে আমি নিত্য কাল প্রণাম করি।

(অঃ —৫) বাল্যে (বাল্যকালে) 'হরিম্ বদ' ইতি ('হরি বল'--ইহা) শৃণ্বন্ (শ্রবণ করিয়া) যঃ (যিনি) ক্রন্দনাৎ (ক্রন্দন হইতে) নিবৃত্তঃ (বিরত হইতেন), তস্মাৎ (সেইহেতু) তদা (সেইকালে) সকলবিষয়ে (সকল ব্যাপারে) স্ত্রীণাং (স্ত্রীগণ) নামগানং আসীৎ (হরিনাম গান করিতেন); যঃ (যিনি) মৃত্তিকাভক্ষণে (মৃত্তিকাভক্ষণ-ব্যাপারে) মাত্রে (জননীকে) বিশদং (নির্ম্মল) জ্ঞানং (তত্ত্বজ্ঞান) অবদৎ (উপদেশ করিয়াছিলেন), তং (সেই) কলিমলহরং (কলিদোষহারী) নামগানাশ্রয়ং (নামকীর্ত্তনের আশ্রয়স্বরূপ বা প্রবর্ত্তক বা মূলস্বরূপ) গৌরং (শ্রীগৌরাঙ্গকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ —৫) বাল্যকালে 'হরি বল' ইহা শ্রবণ করিলে যিনি ক্রন্দন

পৌগণ্ডাদৌ দ্বিজগণগৃহে চাপলং যো বিতন্বন্
বিদ্যারম্ভে শিশুপরিবৃতো জাহ্নবীস্নানকালে।
বারিক্ষেপৈর্দ্বিজকুলপতীন্ চালয়ামাস সর্ব্বাং-
স্তং গৌরাঙ্গং পরমচপলং কৌতুকীশং স্মরামি।।৬।।

হইতে নিবৃত্ত হইতেন এবং সেই-হেতু সেই-কালে সকলব্যাপারে স্ত্রীগণ হরিনাম গান করিতেন, যিনি মৃত্তিকাভক্ষণ- ব্যাপারে মাতাকে সুনির্ম্মল তত্ত্বজ্ঞান উপদেশ করিয়াছিলেন, সেই কলিদোষহারী শ্রীহরিনাম-কীর্ত্তনের প্রবর্ত্তক শ্রীগৌরহরিকে আমি বন্দনা করি।

(অঃ —৬) বিদ্যারম্ভে (বিদ্যারম্ভকাল) পৌগণ্ডাদৌ (পোগণ্ড বয়সের প্রারম্ভে) যঃ (যিনি) দ্বিজগণগৃহে (ব্রাহ্মণদের ঘরে) চাপলং (চাঞ্চল্য) বিতন্বন্ (প্রকাশ করিয়া) [এবং] শিশুপরিবৃতঃ (শিশুগণপরিবেষ্টিত হইয়া) জাহ্নবীস্নানকালে (গঙ্গায় স্নান-সময়ে) বারিক্ষেপৈঃ (জলনিক্ষেপ দ্বারা) সর্ব্বান্ (সকল) দ্বিজকুলপতীন্ (শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকেও) চালয়ামাস (বিচলিত করিতেন), পরমচপলং (অত্যন্ত চঞ্চল) কৌতুকীশং (পরম আমোদকারী বা আমোদিশ্রেষ্ঠ) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ —৬) বিদ্যারম্ভকাল পৌগণ্ডবয়সের প্রারম্ভে যিনি দ্বিজগণের গৃহে নানাপ্রকার চপলতা বিস্তারপূর্ব্বক শিশুগণ-সঙ্গে গঙ্গায় স্নান করিবার সময় জল-প্রক্ষেপদ্বারা দ্বিজকুলপতিদিগকে বিচলিত করিতেন, সেই অতি চপল ও পরম আমোদী শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

তীর্থভ্রামিদ্বিজকুলমণের্ভক্ষয়ন্ পক্কমন্নং
পশ্চাত্তং যো বিপুলকৃপয়া জ্ঞাপয়ামাস তত্ত্বম্।
স্কন্ধারোহচ্ছলবহুতয়া মোহয়ামাস চৌরৌ
বন্দেঽহং তং সুজনসুখদং দন্ডদং দুর্জ্জনানাম্।।৭।।
আরুহ্য পৃষ্ঠং শিবভক্তভিক্ষোঃ
সংকীর্ত্ত্য রুদ্রস্য গুণানুবাদম্।
রেমে মহানন্দময়ো য ঈশ-
স্তং ভক্তভক্তং প্রণমামি গৌরম্।।৮।।

(অঃ --৭) যঃ (যিনি) তীর্থভ্রামিদ্বিজকুলমণেঃ (তীর্থভ্রমণকারী কোন ব্রাহ্মণশ্রেষ্ঠের) পক্কং (পাচিত) অন্নং (অন্ন) ভক্ষয়ন্ (ভক্ষণ করিয়া) পশ্চাৎ (পরে) বিপুল কৃপয়া (অতিকৃপাবশতঃ) তং (সেই ব্রাহ্মণকে) তত্ত্বং (নিজ তত্ত্ব) জ্ঞাপয়ামাস (জানাইয়াছিলেন) ;[যিনি] স্কন্ধারোহচ্ছলবহুতয়া (স্কন্ধে আরোহণপূর্ব্বক নানা ছলে) চৌরৌ (দুইজন চোরকে) মোহয়ামাস (মোহিত করিয়াছিলেন), সুজনসুখদং (সজ্জনের আনন্দদাতা) [কিন্তু] দুর্জ্জনানাং দন্ডদং (দুষ্টগণের দন্ডবিধাতা) তং (তাঁহাকে--সেই শ্রীগৌরাঙ্গকে) অহং বন্দে (আমি বন্দনা করি)।

(অনুঃ --৭) যিনি তীর্থভ্রমণকারী কোন দ্বিজশ্রেষ্ঠের পাচিত অন্ন ভক্ষণ করিয়া পরে বিপুল কৃপাপূর্ব্বক সেই ব্রাহ্মণকে (স্বীয়) তত্ত্ব জ্ঞাপন করিয়াছিলেন এবং যিনি স্কন্ধে আরোহণপূর্ব্বক বহু ছলনাদ্বারা চৌরদ্বয়কে মোহিত করিয়াছিলেন, সজ্জনগণের আনন্দদাতা ও দুষ্টগণের দণ্ডবিধাতা (শ্রীগৌরহরি) তাঁহাকে আমি বন্দনা করি।

লক্ষ্মীদেব্যাঃ প্রণয়বিহিতং মিষ্টমন্নং গৃহীত্বা
তস্যৈ প্রাদাদ্ বরমতিশুভং চিত্তসন্তোষণং যঃ।
মস্যাশ্চিহ্নৈর্নিজপরিজনান্ তোষয়ামাস যশ্চ
তং গৌরাঙ্গং পরমরসিকং চিত্তচৌরং স্মরামি।।৯।।

(অঃ --৮) যঃ (যে) ঈশঃ (প্রভু) শিবভক্তভিক্ষোঃ (এক শিবভক্ত ভিক্ষুকের) পৃষ্ঠং (পৃষ্ঠে) আরুহ্য (আরোহণপূর্ব্বক) মহানন্দময়ঃ (পরম আনন্দময় হইয়া) রুদ্রস্য (রুদ্রের) গুণানুবাদং (গুণানুবাদ) সংকীর্ত্ত্য (কীর্ত্তন করাইয়া) রেমে (ক্রীড়া করিয়াছিলেন), তং (সেই) ভক্তভক্তং (ভক্তাধীন) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ--৮) যে প্রভু এক শিবভক্ত ভিক্ষুকের পৃষ্ঠে আরোহণপূর্ব্বক পরমানন্দময় হইয়া রুদ্রের গুণানুবাদ সংকীর্তন করাইয়া ক্রীড়া করিয়াছেন, সেই ভক্তাধীন শ্রীগৌরচন্দ্রকে আমি প্রণাম করি।

(অঃ --৯) যঃ (যিনি) লক্ষ্মীদেব্যাঃ (শ্রীলক্ষ্মীদেবীর) প্রণয়বিহিতং (প্রীতিভরে প্রদত্ত) মিষ্টং (মিষ্ট) অন্নং (খাদ্য) গৃহীত্বা (গ্রহণ করিয়া) তস্যৈ (তাঁহাকে) চিত্তসন্তোষণং (হৃদয়ের সন্তোষকর) অতিশুভং (অতিশুভ) বরং (বর) প্রাদাৎ (দান করিয়াছিলেন); চ (এবং) যঃ (যিনি) [নিজ অঙ্গের] মস্যাঃ (কালির) চিহ্নৈঃ (চিহ্নদ্বারা) নিজ পরিজনান্ (নিজ আত্মীয়গণকে) তোষয়ামাস (আনন্দিত করিয়াছিলেন), তং (সেই) পরমরসিকং (মহারসিক) চিত্তচৌরং (চিত্তচোর) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৯) যিনি শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীর প্রীতিভরে প্রদত্ত মিষ্টান্ন গ্রহণ

উচ্ছিষ্টভাণ্ডেষু বসন্ বরাঙ্গো
মাত্রে দদৌ জ্ঞানমনুত্তমং যঃ।
অদ্বৈতবীথীপথিকৈরুপাস্যং
তং গৌরচন্দ্রং প্রণমামি নিত্যম্।।১০।।
দৃষ্ট্বা তু মাতুঃ কদনং স্বলোষ্ট্রৈ-
স্তস্যৈ দদৌ দ্বে সিতনারিকেলে।
বাৎসল্যভক্ত্যা সহসা শিশুর্য-
স্তং মাতৃভক্তং প্রণমামি গৌরম্।।১১।।

করতঃ তাঁহাকে চিত্তসন্তোষকারী অতিশুভ বর দান করিয়াছিলেন এবং যিনি [নিজ অঙ্গের] মসী-(কালি) চিহ্নদ্বারা নিজ আত্মীয়গণকে আনন্দিত করিয়াছিলেন, সেই পরম-রসিক চিত্তচোর শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--১০) বরাঙ্গঃ (সুন্দরদেহবিশিষ্ট) যঃ (যিনি) উচ্ছিষ্টভাণ্ডেষু (উচ্ছিষ্টপাত্রমধ্যে) বসন্ (বসিয়া) মাত্রে (মাতাকে) অদ্বৈতবীথীপথিকৈঃ (অদ্বৈতজ্ঞানপথের পথিকগণের) উপাস্যং (আরাধ্য) অনুত্তমং (সর্ব্বশ্রেষ্ঠ) জ্ঞানং (জ্ঞান) দদৌ (উপদেশ করিয়াছিলেন), তং গৌরচন্দ্রং (সেই শ্রীগৌরচন্দ্রকে) নিত্যং (নিত্যকাল) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ--১০) (একদিন) যে সুন্দর পুরুষ উচ্ছিষ্ট ভাণ্ডসকলের মধ্যস্থলে বসিয়া জননীকে অদ্বৈতপথের পথিক দিগের উপাস্য (উচ্ছিষ্ট-অনুচ্ছিষ্টের সমতা-সূচক) উত্তমজ্ঞান দান করিয়াছিলেন, আমি নিত্যকাল সেই শ্রীগৌরচন্দ্রকে প্রণাম করি।

সংন্যাসার্থং গতবতি গৃহাদগ্রজে বিশ্বরূপে
মিষ্টালাপৈর্ব্যথিতজনকং তোষয়ামাস তূর্ণম।
মাতুঃ শোকং পিতরি বিগতে সান্ত্বয়ামাস যশ্চ
তং গৌরাঙ্গং পরমসুখদং মাতৃভক্তং স্মরামি।।১২।।

(অঃ--১১) যঃ শিশুঃ (যে শিশু) স্বলোষ্ট্রৈঃ (নিজ ঢিলের আঘাতে) মাতুঃ (জননীর) কদনং (পীড়া) দৃষ্ট্বা (দেখিয়া) বাৎসল্য ভক্ত্যা (বাৎসল্যভক্তিতে) তস্যৈ (তাঁহাকে) সহসা (হঠাৎ) দ্বে (দুইটি) সিতনারিকেলে (শুভ্র নারিকেল) দদৌ (দিয়াছিলেন), তং মাতৃভক্তং (সেই মাতৃভক্ত) গৌরং (শ্রীগৌরাঙ্গকে) প্রণমামি (আমি প্রণাম করি)।

(অনুঃ--১১) যে শিশু স্বনিক্ষিপ্ত লোষ্ট্রের আঘাতে মাতার পীড়া দর্শন করিয়া বাৎসল্য-ভক্তিক্রমে (তাঁহার ক্লেশনিবারণের জন্য) তাঁহাকে হঠাৎ দুইটি শুভ্র নারিকেল ফল আনিয়া দিয়াছিলেন, সেই মাতৃভক্ত শ্রীগৌরচন্দ্রকে আমি প্রণাম করি।

(অঃ--১২) অগ্রজে (জ্যেষ্ঠ ভ্রাতা) বিশ্বরূপে (শ্রীবিশ্বরূপ) সংন্যাসার্থং (সংন্যাসের উদ্দেশ্যে) গৃহাৎ (গৃহ হইতে) গতবতি (চলিয়া গেলে) যঃ (যিনি) ব্যথিত-জনকং (দুঃখিত পিতাকে) মিষ্টালাপৈঃ (মধুর বাক্যের দ্বারা) তূর্ণং (সত্বর) তোষয়ামাস (তুষ্ট করিয়াছিলেন), চ (এবং) পিতরি (পিতা) বিগতে (পরলোক গমন করিলে) মাতুঃ (জননীর) শোকং (শোকের) সান্ত্বয়ামাস (সান্ত্বনা করিয়াছিলেন), তং (সেই) পরমসুখদং (পরম সুখদাতা) মাতৃভক্তং (মাতৃভক্ত) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

লক্ষ্মীদেবীং প্রণয়বিধিনা বল্লভাচার্য্যকন্যা-
মঙ্গীকুর্ব্বন্ গৃহমখপরঃ পূর্ব্বদেশং জগাম।
বিদ্যালাপৈর্বহুধনমথো* প্রাপ যঃ শাস্ত্রবৃত্তি-
স্তং গৌরাঙ্গং গৃহপতিবরং ধর্ম্ম মূর্ত্তিং স্মরামি।।১৩।।

(অনু--১২) জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীবিশ্বরূপ সন্ন্যাস-গ্রহণার্থ গৃহ পরিত্যাগ করিলে ব্যথিত পিতাকে মিষ্ট বাক্যদ্বারা যিনি শীঘ্র পরিতুষ্ট করিয়াছিলেন এবং পিতা অপ্রকট হইলে যিনি জননীর শোকের সান্ত্বনা করিয়াছিলেন, সেই পরম সুখদাতা মাতৃভক্ত শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--১৩) যঃ [যিনি] গৃহমখপরঃ (সন্) (গৃহযজ্ঞোদ্দেশ্য বিশিষ্ট হইয়া) প্রণয়বিধিনা (প্রার্থনা অর্থাৎ ইচ্ছাপূর্ব্বক) বল্লভাচার্য্যকন্যাং (শ্রীবল্লভাচার্য্যের কন্যা) লক্ষ্মীদেবীং (শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীকে) অঙ্গীকুর্ব্বন্ (বিবাহ করিয়া) পূর্ব্বদেশং (পূর্ব্বদেশে অর্থাৎ পূর্ব্ববঙ্গে) জগাম (গমন করিয়াছিলেন), অথো (এবং) শাস্ত্রবৃত্তিঃ (শাস্ত্রবৃত্তি হইয়া) বিদ্যালাপৈঃ (বিদ্যাচর্চ্চাদ্বারা) বহুধনং (প্রচুর ধন) প্রাপ (প্রাপ্ত হইয়াছিলেন) তং (সেই) গৃহপতিবরং (গৃহস্থশ্রেষ্ঠ) ধর্ম্মমূর্ত্তিং (ধর্ম্মের মূর্ত্তিস্বরূপ) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--১৩) যিনি গৃহযজ্ঞোদ্দেশ্যবিশিষ্ট হইয়া বল্লভাচার্য্যের কন্যা শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীকে ইচ্ছাপূর্ব্বক অঙ্গীকার করিয়া (অর্থাৎ বিবাহ করিয়া) পূর্ব্বদেশে গমন করিয়াছিলেন এবং শাস্ত্রবৃত্তি হইয়া বিদ্যাচর্চ্চাদ্বারা প্রচুর ধন লাভ করিয়াছিলেন, সেই গৃহস্থশ্রেষ্ঠ, ধর্ম্মের মূর্ত্তিস্বরূপ শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

১৩। * 'বহুধনমহো'

বারাণস্যাং সুজনতপনং সংগময্য স্বদেশং
লব্ধ্বা লক্ষ্মীবিরহবশতঃ শোকতপ্তাং প্রসূতিম্।
তত্ত্বালাপৈঃ সুখদবচনৈঃ সান্ত্বয়ামাস যো বৈ
তং গৌরাঙ্গং বিরতিসুখদং শান্তমূর্ত্তিং স্মরামি।।১৪।।
মাতুর্বাক্যাৎ পরিণয়বিধৌ প্রাপ* বিষ্ণুপ্রিয়াং যো
গঙ্গাতীরে পরিকরজনৈর্দিগ্জিতো দর্পহারী।
রেমে বিদ্বজ্জনকুলমণিঃ শ্রীনবদ্বীপচন্দ্রো
বন্দেঽহং তং সকলবিষয়ে সিংহমধ্যাপকানাম্।।১৫।।

(অঃ—১৪) যঃ বৈ (যিনি) সুজনতপনং(সজ্জন তপনমিশ্রকে) বারাণস্যাং (বারাণসীতে) সংগময্য (পাঠাইয়া দিয়া) স্বদেশং (নিজ দেশে) লব্ধ্বা (ফিরিয়া আসিয়া) লক্ষ্মীবিরহবশতঃ (শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীর বিরহে) শোকতপ্তাং (শোক-কাতরা) প্রসূতিং (জননীকে) তত্ত্বালাপৈঃ (তত্ত্বকথাপূর্ণ) সুখদবচনৈঃ (শান্তি প্রদ বাক্যের দ্বারা) সান্ত্বয়ামাস (সান্ত্বনা দিয়াছিলেন) তং (সেই) বিরতিসুখদং (শান্তিসুখদাতা) শান্তমূর্ত্তিং (সৌম্যমূর্ত্তি) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--১৪) (প্রভুর নিকট সাধ্যসাধন-তত্ত্ব শিক্ষা লাভ করিয়া প্রভুর সহিত নবদ্বীপে আসিতে চাহিলে) যিনি সুজন তপনমিশ্রকে বারাণসীতে প্রেরণ করিয়া স্বদেশে প্রত্যাগমনপূর্ব্বক শ্রীলক্ষ্মীপ্রিয়াদেবীর বিরহবশতঃ শোকসন্তপ্তা জননীকে বহু তত্ত্বালাপপূর্ণ শান্তিপ্রদ বচনদ্বারা সান্ত্বনা দিয়াছিলেন, সেই শান্তি সুখদাতা সৌম্যমূর্ত্তি শ্রীগৌরাঙ্গদেবকে আমি স্মরণ করি।

১৫। * 'প্রাপ্য'

বিদ্যাবিলাসৈর্নবখন্ডমধ্যে
সর্ব্বান্ দ্বিজান্ যো বিররাজ জিত্বা।
স্মার্ত্তাংশ্চ নৈয়ায়িক-তান্ত্রিকাংশ্চ
তং জ্ঞানরূপং প্রণমামি গৌরম্।।১৬।।

(অঃ--১৫) যঃ (যিনি) মাতুঃ (মাতার) বাক্যাৎ (আদেশে) পরিণয়বিধৌ (বিবাহবিধিতে) বিষ্ণুপ্রিয়াং (শ্রীবিষ্ণুপ্রিয়াকে) প্রাপ (গ্রহণ করিয়াছিলেন) ; পরিকরজনৈঃ [সহ] (সহচরগণের সহিত) গঙ্গাতীরে (জাহ্নবীতীরে) দিগ্‌জিতঃ (দিগ্বিজয়ীর--পন্ডিত কেশব কাশ্মীরীর) দর্পহারী [সন্] (দর্প হরণ করিয়া) বিদ্বজ্জনকুলমণিঃ (পন্ডিতসমাজের মণিস্বরূপে) শ্রীনবদ্বীপচন্দ্রঃ (শ্রীনবদ্বীপচন্দ্র-রূপে) রেমে (লীলা করিয়াছিলেন), সকলবিষয়ে (সর্ব্বশাস্ত্র বা বিষয়ে) অধ্যাপকানাং (অধ্যাপকগণমধ্যে) সিংহং (সর্ব্বশ্রেষ্ঠ) তং (সেই শ্রীগৌরচন্দ্রকে) অহং (আমি) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ--১৫) যিনি জননীর আদেশে শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীকে বিবাহ-বিধিতে গ্রহণ করিয়া ছিলেন এবং গঙ্গাতীরে স্বীয় পরিকরসহিত দিগ্বিজয়ী পন্ডিতের দর্পনাশপূর্ব্বক পন্ডিত সমাজের মণিস্বরূপ নবদ্বীপচন্দ্র-রূপে লীলা করিয়াছিলেন, সকল বিষয়ে অধ্যাপকগণের মধ্যে সিংহস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গকে আমি বন্দনা করি।

(অঃ--১৬) যঃ (যিনি) নবখন্ডমধ্যে (নবদ্বীপ-মধ্যে) বিদ্যা-বিলাসৈঃ (বিদ্যাবিলাস-দ্বারা) সর্বান্ (সকল) দ্বিজান্ (দ্বিজগণকে) স্মার্ত্তান্ চ (স্মার্ত্ত পন্ডিতগণকে) নৈয়ায়িক-তান্ত্রিকান্ চ (এবং নৈয়ায়িক ও তান্ত্রিক পন্ডিতগণকে)

বিপ্রপাদোদকং পীত্বা যো বভূব গতাময়ঃ।
বর্ণাশ্রমাচারপালং তং স্মরামি মহাপ্রভুম্।।১৭।।
প্রেতক্ষেত্রে দ্বিজপরিবৃতঃ সর্ব্বদেবপ্রণম্যো
মন্ত্রং লেভে নিজগুরু-পুরীবক্ত্রতো যো দশার্ণম্।
গৌড়ং লব্ধ্বা স্বমতি-বিকৃতিচ্ছদ্মনোবাচ তত্ত্বং
তং গৌরাঙ্গং নবরসপরং ভক্তমূর্ত্তিং স্মরামি।।১৮।।

জিত্বা (জয় করিয়া) বিররাজ (বিরাজ করিয়া ছিলেন), তং (সেই) জ্ঞানরূপং (জ্ঞানরূপী) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ--১৬) যিনি নবদ্বীপমধ্যে বিদ্যাবিলাসদ্বারা সমস্ত দ্বিজগণকে, স্মার্ত্তপণ্ডিতগণকে এবং নৈয়ায়িক ও তান্ত্রিক পণ্ডিতগণকে জয় করিয়া বিরাজমান ছিলেন, সেই জ্ঞানরূপী শ্রীগৌরচন্দ্রকে আমি প্রণাম করি।

(অঃ--১৭) যঃ (যিনি) বিপ্রপাদোদকং (ব্রাহ্মণের চরণামৃত) পীত্বা (পান করিয়া) গতাময়ঃ (রোগমুক্ত) বভূব (হইয়াছিলেন), বর্ণাশ্রমাচারপালং (বর্ণাশ্রমধর্ম্মের আচার সংরক্ষক) তং (সেই) মহাপ্রভুং (শ্রীমন্মহাপ্রভুকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--১৭) যিনি ব্রাহ্মণের পাদোদক-পানে রোগমুক্ত হইয়াছিলেন, বর্ণাশ্রমধর্ম্মের আচার-সংরক্ষক সেই শ্রীমন্মহাপ্রভুকে আমি স্মরণ করি।

(অঃ--১৮) সর্ব্বদেবপ্রণম্যঃ (সকল দেবতার প্রণম্য) যঃ (যিনি) প্রেতক্ষেত্রে (প্রেততীর্থ গয়াধামে) দ্বিজপরিবৃতঃ (ব্রাহ্মণগণবেষ্টিত) নিজগুরু-পুরীবক্ত্রতঃ (নিজ গুরুদেব শ্রীঈশ্বরপুরীর শ্রীমুখ হইতে) দশার্ণম্ (দশাক্ষর) মন্ত্রং (মন্ত্র) লেভে (লাভ করিয়াছিলেন);[অনন্তর] গৌড়ং (গৌড়দেশে) লব্ধ্বা

ভক্ত্যালাপৈর্নিরবধি তদাদ্বৈতমুখ্যা মহান্তঃ
প্রাপ্তা যস্যাশ্রয়মতিশয়ং কীর্ত্তনাদ্যৈর্মুরারেঃ।
নিত্যানন্দোদয়ঘটনয়া * যো বভূবেশচেষ্টো
বন্দে গৌরং নয়নসুখদং দক্ষিণং ষড়্ভুজং তম্।।১৯।।

(ফিরিয়া আসিয়া) স্বমতিবিকৃতিচ্ছদ্মনা (নিজ মতিবিকারচ্ছলে) তত্ত্বং (নিজ তত্ত্ব) উবাচ (প্রকাশ করিয়াছিলেন), তং (সেই) নবরসপরং (অদ্ভুত-প্রেমপরায়ণ) ভক্তমূর্ত্তিং (ভক্তরূপী) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--১৮) প্রেততীর্থ গয়াধামে ব্রাহ্মণগণবেষ্টিত, সকল দেবতার প্রণম্য যিনি, নিজগুরুদেব শ্রীঈশ্বরপুরীপাদের শ্রীমুখ হইতে দশাক্ষর মন্ত্র লাভ করিয়াছিলেন এবং তথা হইতে গৌড়দেশে ফিরিয়া আসিয়া নিজমতি-বিকারচ্ছলে আত্মতত্ত্ব প্রকাশ করিতে লাগিলেন, সেই অদ্ভুতপ্রেমিক ভক্তরূপী শ্রীগৌরাঙ্গকে স্মরণ করি।

(অঃ--১৯) যস্য (যাঁহার) তদা (তৎকালে) নিরবধি (নিরন্তর) মুরারেঃ (শ্রীহরির) কীর্ত্তনাদ্যৈঃ (কীর্ত্তন প্রভৃতি) ভক্ত্যালাপৈঃ (ভক্তিবিষয়ক আলাপের দ্বারা) অদ্বৈতমুখ্যাঃ (শ্রীঅদ্বৈতাচার্য্যপ্রমুখ) মহান্তঃ (মহাজনগণ) অতিশয়ং (পরম) আশ্রয়ং (আশ্রয়) প্রাপ্তাঃ (প্রাপ্ত হইয়াছিলেন); যঃ (যিনি) নিত্যানন্দোদয়ঘটনয়া (শ্রীনিত্যানন্দ প্রভুর প্রকাশের ব্যাপারদ্বারা) ঈশচেষ্টঃ (নিজ ভগবদ্ভাবপ্রকাশে তৎপর) বভূব (হইয়াছিলেন), তং (সেই) নয়নসুখদং (নয়নের আনন্দদাতা) দক্ষিণং (কৃপাময়) ষড়্ভুজং (ষড়্ভুজ) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ--১৯) তৎকালে যাঁহার নিরন্তর শ্রীহরিকীর্ত্তনাদি ভক্তিবিষয়ক

১৯। * 'নিত্যানন্দোদয়সময়তঃ'

যঃ কোলরূপধৃগহো বরণীয়মূর্ত্তি- *
গুপ্তে কৃপাঞ্চ মহতীং সহসা চকার।
তং ব্যাসপূজনবিধৌ বলদেবভাবা-
ন্মাধ্বীকযাচনপরং পরমং স্মরামি।।২০।।
অদ্বৈতচন্দ্রবিভুনা সগণেন ভক্ত্যা
নিত্যঞ্চ কৃষ্ণমনুনা পরিপূজ্যতে যঃ।
শ্রীবাসমন্দিরনিধিং পরিপূর্ণতত্ত্বং
তং শ্রীধরাদিমহতাং শরণং স্মরামি।।২১।।

আলাপদ্বারা শ্রীঅদ্বৈতপ্রমুখ মহাজনগণ পরম আশ্রয় প্রাপ্ত হইয়াছিলেন এবং যিনি শ্রীনিত্যানন্দপ্রভুর প্রকাশের ব্যাপারদ্বারা নিজ ভগবদ্ভাব-প্রকাশে তৎপর হইয়াছিলেন, সেই নয়নানন্দদাতা দয়ালু ষড়্ভুজ শ্রীগৌরচন্দ্রকে বন্দনা করি।

(অঃ--২০) অহো ! (আহা) কোলরূপধৃক্ (শ্রীবরাহরূপধারী) বরণীয়মূর্ত্তিঃ চ (ও আরাধ্যস্বরূপ) যঃ (যিনি) গুপ্তে (শ্রীমুরারি গুপ্তকে) সহসা (হঠাৎ) মহতীং (মহা) কৃপাং (কৃপা) চকার (করিয়াছিলেন), ব্যাসপূজনবিধৌ (শ্রীব্যাসপূজাব্যাপারে) বলদেবভাবাৎ (শ্রীবলরামের ভাবাবেশহেতু) মাধ্বীকযাচনপরং (মদ্য-যাচ্ঞাকারী) তং (সেই) পরমং (পরমদেবতা—শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২০) অহো, শ্রীবরাহরূপধারী ও আরাধ্যস্বরূপ যিনি সহসা শ্রীমুরারিগুপ্তকে অতিশয় কৃপা করিয়াছিলেন, শ্রীব্যাসপূজা-ব্যাপারে শ্রীবলরামের ভাবাবেশহেতু মদ্য-যাচ্ঞাকারী সেই পরমতত্ত্বকে আমি স্মরণ করি।

২০। * 'রমণীয়মূর্ত্তিঃ'

শ্রীবাসপাল্যং যবনং বিশোধ্য
চক্রে সুভক্তং স্বগুণং প্রদর্শ্য।
প্রেম্ণা সুমত্তো বিষয়াদ্বিরক্তো*
যস্তং প্রভু গৌরবিধুং স্মরামি।।২২।।
শ্রীরামরূপধৃগহো * ভিষজো মুরারেঃ
শ্রুত্বা স্তবং রঘুপতের্মুদমাপ যো বৈ।
চক্রে কুসঙ্গরহিতং কৃপয়া মুকুন্দং
তং শুদ্ধ ভক্তি-রসদপ্রবরং † স্মরামি।।২৩।।

(অঃ--২১) যঃ (যিনি) সগণেন (সগণ) অদ্বৈতচন্দ্রবিভুনা (প্রভু অদ্বৈতাচার্য্যদ্বারা) কৃষ্ণমনুনা (কৃষ্ণমন্ত্রে) ভক্ত্যা চ (ও ভক্তিভরে) নিত্যং (সর্ব্বদা) পরিপূজ্যতে (বিশেষভাবে পূজিত হন), শ্রীবাসমন্দিরনিধিং (শ্রীবাসের গৃহের মহাধনস্বরূপ), শ্রীধরাদিমহতাং (শ্রীধরপ্রমুখ মহাজনগণের) শরণং (আশ্রয়), পরিপূর্ণতত্ত্বং (পরম পূর্ণতত্ত্ব) তং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)

(অনুঃ--২১) গণসহিত প্রভু অদ্বৈতচন্দ্র যাঁহাকে সর্ব্বদা ভক্তির সহিত কৃষ্ণমন্ত্রে পূজা করিয়া থাকেন, শ্রীবাসমন্দিরের নিধি, শ্রীধরাদি মহাজনগণের আশ্রয়স্বরূপ পরিপূর্ণতত্ত্ব, সেই শ্রীগৌরসুন্দরকে আমি স্মরণ করি।

(অঃ--২২) প্রেম্ণা (প্রেমে) সুমত্তঃ (মহামত্ত) বিষয়াৎ (বিষয় হইতে) বিরক্তঃ (বিরক্ত) যঃ (যিনি) স্বগুণং (নিজ মহিমা) প্রদর্শ্য (প্রদর্শনপূর্ব্বক) শ্রীবাসপাল্যং (শ্রীবাসের পোষ্য) যবনং (দরজী যবনকে) বিশোধ্য (শুদ্ধ করিয়া) সুভক্তং (উত্তম ভক্ত) চকার (করিয়াছিলেন) তং (সেই) প্রভুং (ঈশ্বর) গৌরবিধুং (শ্রীগৌরচন্দ্রকে) [আমি] স্মরামি (স্মরণ করি)।

২২। * 'প্রেম্ণা সুমত্তং বিষয়াদ্বিরক্তম্' ২৩। * 'রামস্বরূপধৃক্'; † 'শুদ্ধ ভক্তিরসদাতিবরং'

আজ্ঞাপয়চ্চ ভগবানবধূত-দাসৌ
দানায় গোকুলপতের্নগরেষু নাম্নাম্।
সর্ব্বত্র জীবনিচয়েষু পরাবরেষু
যস্তং স্মরামি পুরুষং করুণাবতারম্।।২৪।।
যোঽদ্বৈতসদ্ম বিচলন্ সহ চাগ্রজেন
সংন্যাস-ধর্ম্মরহিতং ধ্বজিনং সুরাপম্।
তত্ত্বং বিশুদ্ধ মবদল্ললিতাখ্যপুর্য্যাং
তং শুদ্ধভক্তি-নিলয়ং শিবদং স্মরামি।।২৫।।

(অনুঃ--২২) প্রেমে মহামত্ত, বিষয় হইতে বিরক্ত যিনি নিজমহিমা-প্রদর্শনপূর্ব্বক শ্রীবাসের পোষ্য দরজী যবনকে শুদ্ধ করিয়া উত্তম ভক্ত করিয়াছিলেন, সেই ঈশ্বর শ্রীগৌরচন্দ্রকে আমি স্মরণ করি।

(অঃ--২৩) অহো (আহা) যঃ বৈ (যিনি) শ্রীরামরূপধৃক্ (শ্রীরামরূপ-ধারণপূর্ব্বক) ভিষজঃ (বৈদ্য) মুরারেঃ (মুরারিগুপ্ত-কৃত) রঘুপতেঃ (শ্রীরামচন্দ্রের) স্তবং (স্তব) শ্রুত্বা (শ্রবণ করিয়া) মুদং (আনন্দ) আপ (লাভ করিয়াছিলেন), কৃপয়া (কৃপাবশতঃ) মুকুন্দং (মুকন্দ দত্তকে) কুসঙ্গরহিতং (দুঃসঙ্গ-মুক্ত) চক্রে (করিয়াছিলেন), শুদ্ধ ভক্তি-রসদপ্রবরং (শ্রেষ্ঠ বিশুদ্ধ-ভক্তিরসদাতা) তং (সেই শ্রীগৌরচন্দ্রকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৩) অহো! শ্রীরামস্বরূপ-ধারণপূর্ব্বক বৈদ্য শ্রীমুরারিগুপ্ত-কৃত রঘুনাথের স্তব শ্রবণ করিয়া যিনি পরমানন্দ লাভ করিয়াছিলেন এবং কৃপাবশতঃ মুকুন্দকে কুসঙ্গরহিত করিয়াছিলেন, শ্রেষ্ঠ শুদ্ধ ভক্তি-রসদাতা সেই শ্রীগৌরাঙ্গ-দেবকে আমি স্মরণ করি।

অদ্বৈতবাদ-শঠতাশ্রিত-দেশিকস্য
পৃষ্ঠং ব্যতাড়য়দহো সহসা হরির্যঃ।
প্রেম্ণাপি ভক্তিপথগঞ্চ চকার তং তং
মায়াহরং সুবিমলং সততং স্মরামি।।২৬।।
শ্রীরূপধৃগ্ ভজনসাগরমগ্ননৃভ্যো
যশ্চন্দ্রশেখরগৃহে প্রদদৌ স্বদুগ্ধম্।
স্বাং দর্শয়ন্ বিজয়মুদ্ধরতি স্ম ভূতিং
তং সর্ব্বশক্তি-বিভবাশ্রয়ণং স্মরামি।।২৭।।

(অঃ--২৪) যঃ (যে) ভগবান্ (শ্রীভগবান্) নগরেষু (সকল নগরে) সর্ব্বত্র (সর্ব্বস্থানে) পরাবরেষু (উচ্চ-নীচ) জীবনিচয়েষু (জীবগণমধ্যে) গোকুলপতেঃ (গোকুলনাথ শ্রীকৃষ্ণের) নাম্নাং (নামসকল) দানায় (বিতরণ করিবার জন্য) অবধূত-দাসৌ (অবধূত শ্রীনিত্যানন্দকে ও ঠাকুর শ্রীহরিদাসকে) আজ্ঞাপয়ৎ চ (আদেশ করিয়াছিলেন), তং (সেই) করুণাবতারং (দয়ার অবতার) পুরষং (ঈশ্বর শ্রীমহাপ্রভুকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৪) যে ভগবান্ নগরে নগরে সর্ব্বত্র উত্তম অধম সকল জীবকে গোকুলপতি শ্রীকৃষ্ণের নামসমূহ বিতরণ করিবার জন্য অবধূতচন্দ্র শ্রীশ্রীনিত্যানন্দ-প্রভুকে ও ঠাকুর শ্রীহরিদাসকে আজ্ঞা দিয়াছিলেন, সেই করুণার অবতার ঈশ্বর শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--২৫) যঃ চ (আর যিনি) অগ্রজেন (জ্যেষ্ঠ শ্রীনিত্যানন্দের) সহ (সহিত) অদ্বৈতসদ্ম (শান্তিপুরে শ্রীঅদ্বৈতাচার্য্যের গৃহে) বিচলন্ (গমন করিবার কালে) ললিতাখ্যপুর্য্যাং (ললিতপুর-নামক গ্রামে) সুরাপং (মদ্যপায়ী)

নিদ্রাত্যাগঃ স্নপনমশনং গোদ্রুমাদৌ বিহারো
গ্রামে গ্রামে বিচরণমহো কীর্ত্তনঞ্চাল্পনিদ্রা।
যামে যামে ক্রমনিয়মতো যস্য ভক্তৈর্বভূবু-
স্তং গৌরাঙ্গং ভজনসুখদং হ্যষ্টযামং স্মরামি।।২৮।।
যো বৈ সংকীর্ত্তন-পরিকরৈঃ শ্রীনিবাসাদি-সঙ্ঘৈ-
স্তত্রত্যানাং পতিত-জগদানন্দমুখ্য-দ্বিজানাম্।
দুর্বৃত্তানাং হৃদয়বিবরং প্রেমপূর্ণং চকার
তং গৌরাঙ্গং পতিত-শরণং প্রেমসিন্ধুং স্মরামি।।২৯।।

সংন্যাসধর্ম্মরহিতং (সংন্যাসীর আচারশূন্য) ধ্বজিনং (কপটীকে) বিশুদ্ধং (শুদ্ধ) তত্ত্বং (তত্ত্ব) অবদৎ (উপদেশ করিয়াছিলেন), শুদ্ধ ভক্তি-নিলয়ং (শুদ্ধ ভক্তির আশ্রয়) শিবদং (মঙ্গলদাতা) তং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৫) আর, যিনি জ্যেষ্ঠ শ্রীনিত্যানন্দের সহিত শান্তিপুরে শ্রীঅদ্বৈতগৃহে গমন করিবার কালে 'ললিতপুর'-নামক গ্রামে ধর্ম্মধ্বজী সুরাপায়ী সন্ন্যাসাচার-রহিত একজন সন্ন্যাসীকে বিশুদ্ধ তত্ত্ব উপদেশ করিয়াছিলেন, সেই শুদ্ধ ভক্তির আশ্রয় ও মঙ্গলদাতা শ্রীগৌরচন্দ্রকে আমি স্মরণ করি।

(অঃ--২৬) অহো (আহা)! যঃ (যে) হরিঃ (শ্রীহরি) অদ্বৈতবাদ-শঠতাশ্রিত-দেশিকস্য (অদ্বৈতবাদরূপ কপটাশ্রিত আচার্য্যের অভিনয়কারী শ্রীঅদ্বৈতাচার্য্যের) পৃষ্ঠং (পৃষ্ঠে) প্রেম্ণা (কৃপাভরে) সহসা (সজোরে) ব্যতাড়য়ৎ (আঘাত করিয়াছিলেন), চ (এবং) তং (তাঁহাকে) ভক্তিপথগং অপি (ভক্তিপথাগতও) চকার (করিয়াছিলেন), মায়াহরং (মায়াবাদ বা শ্রীঅদ্বৈতাচার্য্য প্রভুর বিমুখবঞ্চনা-হারী) সুবিমলং (সুনির্ম্মল অর্থাৎ কৈতবরহিত) তং

ভাবাবেশৈর্নিখিল-সুজনান্ শিক্ষয়ামাস ভক্তিং
তেষাং দোষান্ সদয়হৃদয়ো মার্জ্জয়ামাস সাক্ষাৎ।
ভক্তিব্যাখ্যাং সুজন-সমিতৌ যো মুকুন্দশ্চকার
তং গৌরাঙ্গং স্বজন-কলুষ-ক্ষান্তিমূর্ত্তিং স্মরামি।।৩০।।
যো বৈ সংকীর্ত্তন-সুখরিপুং চান্দকাজীং বিমুচ্য*
লাস্যোল্লাসৈর্নগরনিচয়ে কৃষ্ণগীতং চকার।
বারংবারং কলিগদহরং শ্রীনবদ্বীপধাম্নি
তং গৌরাঙ্গং নটনবিবশং দীর্ঘবাহুং স্মরামি।।৩১।।

(তাঁহাকে--শ্রীগৌরাঙ্গকে) সততং (সর্ব্বদা) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৬) অহো! যে শ্রীহরি অদ্বৈতবাদ-রূপ কপটাশ্রিতের অভিনয়কারী শ্রীঅদ্বৈতাচার্য্যের পৃষ্ঠে কৃপাভরে সজোরে করাঘাত করিয়াছিলেন এবং তাঁহাকে ভক্তিপথাগতও করিয়াছিলেন, সেই মায়াবাদ বা বিমুখবঞ্চনা-হারী সুবিমল শ্রীগৌরাঙ্গকে আমি সর্ব্বদা স্মরণ করি।

(অঃ--২৭) যঃ (যিনি) চন্দ্রশেখর-গৃহে (আচার্য্য শ্রীচন্দ্রশেখরের গৃহে) শ্রীরূপ-ধৃক্ (মহালক্ষ্মীরূপ ধারণ করিয়া) ভজনসাগর-মগ্ন-নৃভ্যঃ (ভজনসাগরে নিমগ্ন জনগণকে) স্বদুগ্ধং (নিজস্তন্য) প্রদদৌ (প্রদান করিয়াছিলেন), [এবং] স্বাং (নিজ) ভূতিং (ঐশ্বর্য্য) দর্শয়ন্ (দেখাইয়া) বিজয়ং (বিজয়দাসকে) উদ্ধরতি স্ম (উদ্ধার করিয়াছিলেন), সর্ব্বশক্তি-বিভবাশ্রয়ণং (সর্ব্বশক্তি-বৈভবের আশ্রয়) তং (তাঁহাকে—শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৭) যিনি আচার্য্য শ্রীচন্দ্রশেখরের বাটীতে শ্রীমহালক্ষ্মীরূপ ধারণপূর্ব্বক ভজন-সমুদ্রে মগ্ন পুরুষদিগকে স্বীয় স্তন্য পান করাইয়াছিলেন এবং বিজয়দাসকে স্বীয় বৈভব দেখাইয়া উদ্ধার করিয়াছিলেন, সর্ব্বশক্তি-

---

৩১। * 'বিশোধ্য'

গঙ্গাদাসো মুররিপু-ভিষক্ শ্রীধরঃ শুক্লবস্ত্রঃ
সর্ব্বে যস্য প্রণতিনিরতাঃ প্রেমপূর্ণা বভূবুঃ।
যস্যোচ্ছিষ্টাশন-সুরতিকা শ্রীল-নারায়ণী চ
তং গৌরাঙ্গং পরমপুরুষং দিব্যমূর্ত্তিং স্মরামি।।৩২।।

বৈভবের আশ্রয়, তাঁহাকে--শ্রীগৌরচন্দ্রকে আমি স্মরণ করি।

(অঃ--২৮) অহো (আহা)! যস্য (যাঁহার) যামে যামে (প্রহরে প্রহরে) ক্রমনিয়মতঃ (নিয়মিতক্রমে) ভক্তৈঃ (ভক্তগণসহ) নিদ্রাত্যাগঃ (নিদ্রাত্যাগ) স্নপনং (স্নান) অশনং (ভোজন) গোদ্রুমাদৌ বিহারঃ (গোদ্রুমাদি গ্রামে বিহার) গ্রামে গ্রামে (পল্লীতে পল্লীতে) বিচরণং (ভ্রমণ), কীর্ত্তনং চ (ও কীর্ত্তন), অল্পনিদ্রা (সামান্য নিদ্রা) [এই সকল লীলা] বভূবুঃ (হইয়াছিল), তং (সেই) ভজনসুখদং (ভজনানন্দ-দাতা) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) অষ্টযামং হি (অষ্ট প্রহরই) স্মরামি (স্মরণ করি)।

(অঃ--২৯) যঃ বৈ (যিনি) সংকীর্ত্তন-পরিকরৈঃ (সংকীর্ত্তন সহচর) শ্রীনিবাসাদি-সঙ্ঘৈঃ (শ্রীনিবাসপ্রভৃতি গণসহিত) তত্রত্যানাং (সেই দেশবাসী) পতিত-জগদানন্দ-মুখ্যদ্বিজানাং (পতিত জগদানন্দ-প্রমুখ ব্রাহ্মণ) দুর্বৃত্তানাং (দুষ্টগণের) হৃদয়বিবরং (হৃদয়গুহা) প্রেমপূর্ণং (প্রেমপূর্ণ) চকার (করিয়াছিলেন), পতিত-শরণং (পতিতের আশ্রয়) প্রেমসিন্ধুং (প্রেমসিন্ধু) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--২৮) আহা! যাঁহার নিদ্রাত্যাগ, স্নান, ভোজন, গোদ্রুমাদি গ্রামে বিহার, গ্রামে গ্রামে বিচরণ, কীর্ত্তন ও অল্পনিদ্রা-- এই সকল লীলা প্রহরে প্রহরে ক্রমনিয়মে ভক্তগণের সহিত হইয়াছিল, ভজনানন্দদাতা সেই শ্রীগৌরাঙ্গকে আমি অষ্টকাল স্মরণ করি।

শ্রীবাসস্য প্রণয়বিবশস্তস্য সূনোর্গতাসো-
র্বক্ত্রাত্তত্ত্বং পরমশুভদং শ্রাবয়ামাস তস্মৈ।
তদ্দাসেভ্যোঽপি চ শুভমতিং দত্তবান্ যঃ পরাত্মা
বন্দে গৌরং কুহকরহিতং জীবনিস্তারকং তম্।।৩৩।।

(অনুঃ--২৯) যিনি শ্রীনিবাসাদি সংকীর্ত্তন-পরিকরের সহিত সেই দেশবাসী (শ্রীনবদ্বীপবাসী) পতিত ব্রাহ্মণ জগাই, মাধাই প্রভৃতি দুর্বৃত্তগণের হৃদয়-গুহা প্রেমপূর্ণ করিয়াছিলেন, পতিত-শরণ প্রেমসিন্ধু সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৩০) যঃ (যে) মুকুন্দঃ (বিমুক্তি-দাতা--শ্রীগৌরচন্দ্র) ভাবাবেশৈঃ (প্রেমাবেশ-দ্বারা) নিখিল-সুজনান্ (সকল সজ্জনকে) ভক্তিং (ভক্তি) শিক্ষয়ামাস (শিক্ষা দিয়াছিলেন), সদয়হৃদয়ঃ (সদয়-অন্তরে) তেষাং (তাঁহাদের) দোষান্ (সকল দোষ) সাক্ষাৎ (স্বয়ং বা প্রত্যক্ষভাবে) মার্জ্জয়ামাস (ক্ষালন করিয়াছিলেন), [এবং] সুজন-সমিতৌ (সজ্জনগোষ্ঠীতে) ভক্তিব্যাখ্যাং (ভক্তি-ব্যাখ্যান) চকার (করিয়াছিলেন), স্বজন-কলুষ-ক্ষান্তিমূর্ত্তিং (নিজজনগণের পাপের ক্ষমামূর্ত্তি) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৩০) মুকুন্দ--প্রেমভক্তিদাতা ('মু' মুক্তিকে 'কু' কুৎসিত করে যে প্রেমানন্দ, তাহার প্রদাতা) যে প্রভু ভাবাবেশ দ্বারা সকল সুজনকে ভক্তি শিক্ষা দিয়াছিলেন, সদয়-হৃদয় হইয়া তাঁহাদের দোষ স্বয়ং মার্জ্জন করিয়াছিলেন এবং সাধুসভায় ভক্তি ব্যাখ্যান করিয়াছিলেন, নিজজনগণের পাপের ক্ষমামূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

গোপীভাবাৎ পরমবিবশো-দণ্ড হস্তঃ পরেশো
বাদাসক্তানতিজড়মতীংস্তাড়য়ামাস মূঢ়ান্।
তস্মাত্তে যৎপ্রতিভটতয়া বৈরভাবানতন্বন্
তং গৌরাঙ্গং বিমুখকদনে দিব্যসিংহং স্মরামি।।৩৪।।

(অঃ--৩১) যঃ বৈ (যিনি) সংকীর্ত্তন-সুখ-রিপুং (সংকীর্ত্তন-আনন্দের বাধক) চান্দকাজীং (চাঁদকাজীকে) বিমুচ্য (বিশেষভাবে উদ্ধার করিয়া) শ্রীনবদ্বীপধাম্নি (শ্রীনবদ্বীপধামে) নগরনিচয়ে (নগরসমূহে) লাস্যোল্লাসৈঃ (নৃত্য ও আনন্দের সহিত) বারং বারং (পুনঃ পুনঃ) কলিগদহরং (কলিব্যাধি-নাশক) কৃষ্ণগীতং (কৃষ্ণকীর্ত্তন) চকার (করিয়াছিলেন), নটনবিবশং (নৃত্যমগ্ন) দীর্ঘবাহুং (দীর্ঘবাহু) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরণ করি)।

(অঃ-- ৩২) গঙ্গাদাসঃ (গঙ্গাদাস) মুররিপু-ভিষক্ (বৈদ্য মুরারি) শ্রীধরঃ (শ্রীধর) শুক্লবস্ত্রঃ (শুক্লাম্বর) - [ইঁহারা] সর্ব্বে (সকলে) যস্য (যাঁহার) প্রণতিনিরতাঃ (আনুগত্যে অনুরাগী হইয়া) প্রেমপূর্ণাঃ (প্রেমপূর্ণ) বভূবুঃ (হইয়াছিলেন), চ (এবং) শ্রীল-নারায়ণী (শ্রীমতী নারায়ণী দেবী) যস্য (যাঁহার) উচ্ছিষ্টাশন-সুরতিকা (উচ্ছিষ্ট-ভক্ষণে উত্তম-রতিবিশিষ্টা) [হইয়াছিলেন], দিব্যমূর্ত্তিং (অপ্রাকৃতদেহ) পরমপুরুষং (পরমেশ্বর) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৩১) যিনি সংকীর্ত্তন-সুখের বাধা-প্রদানকারী চাঁদ কাজীকে উদ্ধার করিয়া শ্রীনবদ্বীপধামে নগরসমূহে নৃত্য ও উল্লাসের সহিত কলিদোষ-হর কৃষ্ণকীর্ত্তন পুনঃ পুনঃ করিয়াছিলেন, নৃত্যবিবশ দীর্ঘবাহু সেই শ্রীগৌরাঙ্গ-চন্দ্রকে আমি স্মরণ করি।

তেষাং পাপ-প্রশমনমতিঃ কন্টকে মাঘমাসে
লোকেশাক্ষিপ্রমবয়সি যঃ কেশবান্ন্যাসলিঙ্গম্।
লেভে লোকে পরমবিদুষাং পূজনীয়ো বরেণ্য-
স্তং চৈতন্যং কচবিরহিতং দণ্ড হস্তং স্মরামি।।৩৫।।

(অনুঃ -- ৩২) গঙ্গাদাস, বৈদ্য মুরারিগুপ্ত, শ্রীধর ও শুক্লাম্বর ব্রহ্মচারী-সকলে যাঁহার আনুগত্যে অনুরাগী হইয়া প্রেমপূর্ণ হইয়াছিলেন এবং শ্রীমতী নারায়ণী যাঁহার উচ্ছিষ্ট-সেবনে উত্তম-প্রেমবিশিষ্টা হইয়াছিলেন, সেই দিব্য মূর্ত্তি পরমপুরুষ শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৩৩) যঃ (যে) পরাত্মা (পরমেশ্বর) শ্রীবাসস্য (শ্রীবাস পন্ডিতের) প্রণয়-বিবশঃ [সন্] (প্রেমে বশীভূত হইয়া), তস্য (তাঁহার) গতাসোঃ (মৃত) সূনোঃ (পুত্রের) বক্ত্রাৎ (মুখ হইতে) পরমশুভদং (পরমশুভপ্রদ) তত্ত্বং (তত্ত্বকথা) তস্মৈ (তাঁহাকে --শ্রীবাসকে) শ্রাবয়ামাস (শুনাইয়াছিলেন), চ (এবং) তদ্দাসেভ্যঃ অপি (তাঁহার ভৃত্যগণকেও) শুভমতিং (শুভমতি) দত্তবান্ (দিয়াছিলেন), কুহকরহিতং (বঞ্চনাহীন) জীবনিস্তারকং (জীবের নিস্তারকারী) তং (সেই) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) বন্দে (বন্দনা করি)।

(অঃ -- ৩৪) গোপীভাবাৎ (গোপীভাব-বশতঃ) পরমবিবশঃ (একান্ত বিহ্বল) পরেশঃ (পরমেশ্বর--শ্রীগৌরসুন্দর) দন্ডহস্তঃ [সন্] (দন্ড হস্তে করিয়া) বাদাসক্তান্ (মতবাদে আসক্ত তার্কিক) অতিজড়মতীন্ (অত্যন্ত জড়বুদ্ধি) মূঢ়ান্ (মূঢ়গণকে) তাড়য়ামাস (তাড়না করিয়াছিলেন)। তস্মাৎ (সেই-হেতু) যৎপ্রতিভটতয়া (যাঁহার প্রতিদ্বন্দ্বিভাবে) তে (তাহারা) বৈর-ভাবান্ (শত্রুতা) অতন্বন্ (বিস্তার করিয়াছিলেন), বিমুখকদনে (বিমুখগণের দমনে) দিব্যসিংহং (দিব্য সিংহসদৃশ) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

ত্যক্ত্বা গেহং স্বজন-সহিতং শ্রীনবদ্বীপভূমৌ
নিত্যানন্দ-প্রণয়বশগঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ।
ভ্রামং ভ্রামং নগরমগমচ্ছান্তিপূর্ব্বং পূরং য
স্তং গৌরাঙ্গং ব্রজ-জিগমিষাবিষ্টমূর্ত্তিং স্মরামি।।৩৬।।

(অনুঃ -- ৩৩) যে পরমেশ্বর শ্রীবাসের প্রেমে বশীভূত হইয়া তাঁহার মৃতপুত্রের মুখ হইতে পরম শুভদ তত্ত্ব তাঁহাকে শুনাইয়াছিলেন এবং তাঁহার দাসদিগকেও শুভমতি প্রদান করিয়াছিলেন, অবঞ্চক জীবনিস্তারক সেই শ্রীগৌরচন্দ্রকে আমি বন্দনা করি।

(অনুঃ --৩৪) পরমেশ্বর শ্রীগৌরসুন্দর গোপীভাবে একান্ত বিহ্বল হইয়া দন্ডহস্তে অতি জড়মতি, বাদাসক্ত (তার্কিক) মূঢ়দিগকে তাড়না করিয়াছিলেন, সেই-হেতু যাঁহার প্রতিদ্বন্দ্বিভাবে তাহারা শত্রুতা বিস্তার করিয়াছিল, বিমুখ-দমনে দিব্য সিংহস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৩৫) লোকে (জগতে) পরমবিদুষাং (পরমবিদ্বান্--বাস্তব তত্ত্বজ্ঞগণের) পূজনীয় (আরাধ্য) বরেণ্যঃ (শ্রেষ্ঠ) যঃ (যিনি) তেষাং (সেই পাষন্ডগণের) পাপ-প্রশমনমতিঃ (পাপনিবারণে ইচ্ছুক হইয়া) লোকেশাক্ষি-প্রমবয়সি (চব্বিশবৎসর বয়সে) কন্টকে (কাটোয়া নগরে) মাঘমাসে কেশবাৎ (শ্রীকেশব ভারতী হইতে) ন্যাসলিঙ্গং (সংন্যাসবেষ) লেভে (গ্রহণ করিয়াছিলেন), কচবিরহিতং (কেশরহিত) দন্ডহস্তং (হস্তে দন্ডধারী) তং (সেই) চৈতন্যং (শ্রীকৃষ্ণচৈতন্যকে) স্মরামি (স্মরণ করি)।

তত্রানীতা ত্বজিতজননী হর্ষশোকাকুলা সা
ভিক্ষাং দত্ত্বা কতিপয়দিবা পালয়ামাস সূনুম্।
ভক্ত্যা যস্তদ্বিধিমনুসরন্ ক্ষেত্রযাত্রাং চকার
তং গৌরাঙ্গং ভ্রমণকুশলং ন্যাসিরাজং স্মরামি।।৩৭।।

(অঃ --৩৬) শ্রীনবদ্বীপভূমৌ (শ্রীনবদ্বীপধামে) [স্থিত] স্বজন সহিতং (আত্মীয়-স্বজনপূর্ণ) গৃহং (গৃহ) ত্যক্ত্বা (ত্যাগ করিবার পর) যং (যে) কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ (শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু) নিত্যানন্দ-প্রণয়বশগঃ (শ্রীনিত্যানন্দে বিশ্বাসের বশীভূত হইয়া) ভ্রামং ভ্রামং (ভ্রমণ করিতেকরিতে) শান্তিপূর্ব্বং পুরং নগরং (শান্তিপুর নগরে) অগমৎ (গমন করিয়াছিলেন), ব্রজজিগমিষাবিষ্টমূর্ত্তিং (শ্রীব্রজধামে গমনেচ্ছাভিভূতদেহ) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৩৫) সেই সকল পাষন্ডগণের পাপ-প্রশমনে ইচ্ছুক হইয়া জগতে পরম-পন্ডিতদিগের পূজনীয় বরেণ্য-পুরুষ যিনি চবিবশ বৎসর বয়সে কাটোয়া-নগরে মাঘমাসে শ্রীকেশব ভারতীর নিকট হইতে সন্ন্যাসবেষ গ্রহণ করিয়াছিলেন, সেই কেশ-রহিত দন্ডধারী শ্রীকৃষ্ণচৈতন্যকে আমি স্মরণ করি।

(অনুঃ --৩৬) শ্রীনবদ্বীপে স্থিত আত্মীয়-স্বজনপূর্ণ গৃহ ত্যাগ করিবার পর যিনি শ্রীনিত্যানন্দে বিশ্বাস করিয়া ভ্রমণ করিতে করিতে শান্তিপুর নগরে গমন করিয়াছিলেন, ব্রজধামে গমনের ইচ্ছায় আবিষ্টমূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৩৭) তত্র (তথায়--শান্তিপুরে) আনীতা (আগতা) হর্ষ-শোকাকুলা (যুগপৎ হর্ষে ও দুঃখে বিহ্বলা) তু অজিতজননী (শ্রীভগবানের জননী) সা (সেই শ্রীশচীদেবী) ভিক্ষাং দত্ত্বা (ভিক্ষা দিয়া) সূনুং (পুত্র নিমাইকে) কতিপয়-দিবা (কয়েক-দিন) পালয়ামাস (পালন করিয়াছিলেন)। ভক্ত্যা (ভক্তি-সহকারে) তদ্বিধিং (তাঁহার--শ্রীশচীদেবীর ব্যবস্থা) অনুসরন্ (অনুসরণপূর্ব্বক) যঃ (যিনি) ক্ষেত্রযাত্রাং (শ্রীক্ষেত্রে গমন) চকার (করিয়াছিলেন), ভ্রমণকুশলং (ভ্রমণে নিপুণ) ন্যাসিরাজং (সন্ন্যাসি-শিরোমণি) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

নিত্যানন্দো বিবুধজগদানন্দ-দামোদরৌ চ
লীলাগানে পরমনিপুনো দত্তসূনুর্মুকুন্দঃ।*
এতে ভক্তাশ্চরণমধুপা যেনসার্দ্ধং প্রচেলু-
স্তং গৌরাঙ্গং প্রণতপটল- প্রেষ্ঠমূর্ত্তিং স্মরামি।।৩৮।।

(অনুঃ--৩৭) যুগপৎ হর্ষ ও শোকে বিহ্বলা শ্রীগৌরসুন্দরের জননী শ্রীশচীদেবীকে তথায় আনয়ন করিলে তিনি কয়েকদিন ধরিয়া ভিক্ষাদানে পুত্রকে পালন করিয়াছিলেন। যিনি ভক্তিসহকারে জননীর ব্যবস্থা অনুসরণ করিয়া শ্রীক্ষেত্রে যাত্রা করিয়াছিলেন, সেই ভ্রমণচতুর যতিবর শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৩৮) নিত্যানন্দঃ (শ্রীনিত্যানন্দ), বিবুধজগদানন্দ-দামোদরৌ (পণ্ডিত জগদানন্দ ও দামোদর) চ (এবং) লীলাগানে (লীলাকীর্ত্তনে) পরমনিপুণঃ (অতিশয় দক্ষ) দত্তসূনুঃ (দত্তবংশীয়) মুকুন্দঃ (মুকুন্দ) এতে (এই সকল) চরণমধুপাঃ (মহাপ্রভুর চরণের ভ্রমরস্বরূপ) ভক্তাঃ (ভক্তগণ) যেন (যাঁহার) সার্দ্ধং (সহিত) প্রচেলুঃ (গমন করিয়াছিলেন), প্রণতপটল-প্রেষ্ঠমূর্ত্তিং (প্রণতগণের প্রিয়তমস্বরূপ) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

৩৮। * নিত্যানন্দঃ প্রভুনিজজনো বিজ্ঞদামোদরশ্চ , সেবাদাসৌ বিধুজগদানন্দদত্তৌ মহান্তৌ।'

ত্যক্ত্বা গঙ্গাতট-জনপদাংশ্চাম্বুলিঙ্গং মহেশং
ওড্রে দেশে রমণবিপিনে ক্ষীরচৌরং চ বীক্ষ্য* ।
শ্রীগোপালং † কটকনগরে যো দদর্শাত্মরূপং
তং গৌরাঙ্গং স্বভজনপরং ভক্তমূর্ত্তিং স্মরামি।।৩৯।।

(অনুঃ--৩৮) শ্রীনিত্যানন্দ প্রভু, পণ্ডিত শ্রীজগদানন্দ, শ্রীদামোদর ও লীলাকীর্ত্তনে পরমনিপুণ দত্তবংশজ মুকুন্দ-- এই সকল শ্রীগৌরচরণ-পদ্মভৃঙ্গ ভক্তগণ যাঁহার সঙ্গে গমন করিয়াছিলেন, প্রণতগণের প্রেষ্ঠস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গ কে আমি স্মরণ করি।

(অঃ--৩৯) যঃ (যিনি) গঙ্গাতট-জনপদান্ (গঙ্গাতীরস্থ গ্রামসমূহ) ত্যক্ত্বা (অতিক্রম করিয়া) অম্বুলিঙ্গং মহেশং (অম্বুলিঙ্গ শিবকে) চ (এবং) ওড্রেদেশে (উড়িষ্যাদেশে) রমণবিপিনে (রেমুণায়) ক্ষীরচৌরং ('ক্ষীরচোরা' শ্রীগোপীনাথকে) বীক্ষ্য (দর্শন করিয়া) কটক নগরে (কটকে) আত্মরূপং (নিজরূপ) শ্রীগোপালং (শ্রীসাক্ষী গোপালকে) দদর্শ (দর্শন করিয়াছিলেন), স্বভজনপরং (নিজভজনপরায়ণ) ভক্তমূর্ত্তিং (ভক্তরূপী) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৩৯) যিনি গঙ্গাতীরস্থ গ্রামসমূহ অতিক্রম করিয়া (ছত্রভোগে) শ্রীঅম্বুলিঙ্গ শিবকে, উৎকলদেশে রেমুণায় শ্রীক্ষীরচোরা গোপীনাথকে এবং কটকে নিজস্বরূপ শ্রীসাক্ষি- গোপালকে দর্শন করিয়াছিলেন, স্বভজন-পরায়ণ ভক্তরূপী সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

৩৯। * 'দদর্শ', † 'গোপালং বৈ'

একাম্রাখ্যে পশুপতিবনে রুদ্রলিঙ্গং প্রণম্য
যাতঃ কাপোতক-শিবপুরং স্বস্য দণ্ডং বিহায়।
নিত্যানন্দস্তু তদবসরে যস্য দণ্ডং বভঞ্জ
তং গৌরাঙ্গং কপটমনুজং ভক্তভক্তং স্মরামি।।৪০।।

(অঃ--৪০) [শ্রীমহাপ্রভু] একাম্রাখ্যে (একাম্রনামক) পশুপতিবনে (ভুবনেশ্বরে) রুদ্রলিঙ্গং (ক্ষেত্রপাল শিবকে) প্রণম্য (প্রণাম করিয়া) স্বস্য (নিজের) দণ্ডং (দণ্ড) বিহায় (পরিত্যাগ করিয়া) কাপোতক-শিবপুরং (কপোতেশ্বর শিবের ক্ষেত্রে) যাতঃ (গমন করিলেন)। তু (কিন্তু), নিত্যানন্দঃ (শ্রীনিত্যানন্দপ্রভু) তদবসরে (সেই অবসরে) যস্য (যাঁহার) দন্ডং (দন্ড) বভঞ্জ (ভাঙ্গিয়া ফেলিলেন), কপটমনুজং (কপট মানুষ) ভক্তভক্তং (ভক্তের অনুগত) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৪০) (শ্রীমহাপ্রভু) একাম্র-নামক শিববনে (ভুবনেশ্বরে) শ্রীক্ষেত্রপাল শিবলিঙ্গকে প্রণাম করিয়া নিজ দণ্ডটী রাখিয়া শ্রীকপোতাক্ষ শিবক্ষেত্রে (কমলপুরে) গমন করিলেন। সেই অবসরে শ্রীনিত্যানন্দ যাঁহার দণ্ড ভঙ্গ করিয়াছিলেন, কপট মানুষ ভক্তসেবক সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

ভগ্নে দণ্ডে কপট-কুপিতস্তান্ বিহায় স্ববর্গা-
নেকো নীলাচলপতি-পুরং প্রাপ্য তূর্ণং প্রভুর্যঃ।
ভাবাবেশং পরমমগমৎ কৃষ্ণরূপং বিলোক্য
তং গৌরাঙ্গং পুরটবপুষং ন্যস্তদণ্ডং স্মরামি।।৪১।।

(অঃ--৪১) দণ্ডে ভগ্নে (দণ্ড ভগ্ন হইলে) কপটকুপিতঃ (কৃত্রিমভাবে ক্রুদ্ধ) যঃ প্রভুঃ (যে প্রভু) তান্ (সেই সকল) স্ববর্গান্ (নিজজনকে) বিহায় (পরিত্যাগ করিয়া) একঃ (একাকী) তূর্ণং (সবেগে) নীলাচলপতি-পুরং (শ্রীজগন্নাথধামে) প্রাপ্য (উপস্থিত হইয়া) কৃষ্ণরূপং (কৃষ্ণরূপ অর্থাৎ শ্রীজগন্নাথের রূপ) বিলোক্য (দর্শন করিয়া) পরং (গভীর) ভাবাবেশং (ভাবাবেশ) অগমৎ (প্রাপ্ত হইয়াছিলেন), ন্যস্তদণ্ডং (পরিত্যক্তদণ্ড) পুরটবপুষং (সুবর্ণদেহধারী) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৪১) দণ্ড ভগ্ন হইলে পর যে মহাপ্রভু কৃত্রিম ক্রোধবশে নিজজনকে ফেলিয়া একাকী নীলাচল-ধামে পৌঁছিয়া শ্রীকৃষ্ণমূর্ত্তি (শ্রীজগন্নাথমূর্ত্তি) দর্শনপূর্ব্বক গভীর-ভাবাবিষ্ট হইয়াছিলেন, দণ্ডত্যাগী সুবর্ণদেহ সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৪২) (সেই) ভাবাস্বাদ-প্রকটসময়ে (ভাবাস্বাদন-প্রকাশকালে বা প্রত্যক্ষানুভব-কালে) সার্ব্বভৌমস্য (শ্রীবাসুদেব সার্ব্বভৌম-কর্ত্তৃক) [শ্রীমহাপ্রভুর] সেবা (পরিচর্য্যা) তস্য (তাঁহার--সার্ব্বভৌমের) সর্ব্বান্ (সমস্ত) প্রকৃতিবিপুলান্ (স্বাভাবিক গাঢ়) অনর্থান্ (অনর্থ-সকল) নাশয়ামাস (নষ্ট করিয়াছিলেন)। তস্মাৎ (সেই কারণে) সঃ চ অপি (তিনিও) যস্য (যাঁহার)

ভাবাস্বাদ-প্রকটসময়ে সার্ব্বভৌমস্য সেবা
তস্যানর্থান্ প্রকৃতিবিপুলান্ নাশয়ামাস সর্ব্বান্।
তস্মাদ্ যস্য প্রবলকৃপয়া বৈষ্ণবোঽভূৎ স চাপি
তং বেদার্থ-প্রচরণবিধৌ তত্ত্বমূর্ত্তিং স্মরামি।।৪২।।
তত্রোষিত্বা কতিপয়দিবা দাক্ষিণাত্যং জগাম
কূর্ম্মক্ষেত্রে গদবিরহিতং বাসুদেবং চকার।
রামানন্দে বিজয়নগরে প্রেমসিন্ধুং দদৌ য-
স্তং গৌরাঙ্গং জনসুখকরং তীর্থমূর্ত্তিং স্মরামি।।৪৩।।

প্রবলকৃপয়া (প্রবলকৃপায়) বৈষ্ণবঃ (বিষ্ণুভক্ত) অভূৎ (হইয়াছিলেন), বেদার্থ-প্রচরণবিধৌ (বেদতাৎপর্য্য প্রকাশব্যাপারে) তত্ত্বমূর্ত্তিং (মূর্ত্তিমান্ তত্ত্ব-স্বরূপ) তং (তাঁহাকে--শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (আমি স্মরণ করি)।

(অনুঃ--৪২) (শ্রীমহাপ্রভুর) ভাবাস্বাদন-প্রকাশকালে শ্রীবাসুদেব সার্ব্বভৌম-কৃত সেবা তাঁহার স্বভাবতঃ মহা-অনর্থ-সকলকে ধ্বংস করিল। সেই কারণে, তিনিও যাঁহার পরমকৃপায় বৈষ্ণব হইয়াছিলেন, বেদার্থ-প্রচার-ব্যাপারে মূর্ত্তিমান্ তত্ত্বস্বরূপ তাঁহাকে (শ্রীগৌরাঙ্গকে) আমি স্মরণ করি।

(অঃ--৪৩) যঃ (যিনি) তত্র (তথায়--নীলাচলে) কতিপয়দিবা (কিছুদিন) উষিত্বা (অবস্থান করিয়া) দাক্ষিণাত্যং (দক্ষিণ দেশে) জগাম (গিয়াছিলেন), কূর্ম্মক্ষেত্রে (শ্রীকূর্ম্মদেবের স্থানে) বাসুদেবং (বাসুদেব-নামক এক ব্রাহ্মণকে) গদ-বিরহিতং (কুষ্ঠরোগ-মুক্ত) চকার (করিয়াছিলেন) ; বিজয়নগরে (গোদাবরীতীরে বিজয়নগর-নামক স্থানে) রামানন্দে (শ্রীরামানন্দ রায়কে) প্রেমসিন্ধুং (প্রেমসমুদ্র) দদৌ (অর্পণ করিয়াছিলেন), জনসুখকরং (লোকের

দেশে দেশে সুজন-নিচয়ে প্রেম বিস্তারয়ন্ যো
রঙ্গক্ষেত্রে কতিপয়দিবা ভট্টপল্ল্যামবাৎসীৎ।
ভট্টাচার্য্যান্ পরমকৃপয়া কৃষ্ণভক্তাংশ্চকার
তং গোপালালয়-সুখনিধিং গৌরমূর্ত্তিং স্মরামি।।৪৪।।
বৌদ্ধান্ জৈনান্ ভজনরহিতান্ তত্ত্ববাদাহতাংশ্চ
মায়াবাদ-হ্রদ-নিপতিতান্ শুদ্ধভক্তিপ্রচারৈঃ।
সর্ব্বাংশ্চৈতান্ ভজন-কুশলান্ যশ্চকারাত্মশক্ত্যা
বন্দেঽহং তং বহুমতধিয়াং পাবনং গৌরচন্দ্রম্।।৪৫।।

সুখদাতা) তীর্থমূর্ত্তিং (তীর্থবিগ্রহ স্বরূপ) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৪৩) যিনি তথায় নীলাচলে কিছুদিন অবস্থান করিবার পর দাক্ষিণাত্যে গমন করিয়াছিলেন, শ্রীকূর্ম্মক্ষেত্রে বিপ্রবাসুদেবকে কুষ্ঠরোগমুক্ত করিয়াছিলেন, বিজয়নগরে শ্রীরামানন্দে প্রেমসিন্ধু সমর্পণ করিয়াছিলেন, লোকসুখবিধাতা তীর্থবিগ্রহস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৪৪) যঃ (যিনি) দেশে দেশে সুজননিচয়ে (সজ্জনগণ মধ্যে) প্রেম (শুদ্ধ ভক্তি) বিস্তারয়ন্ (বিস্তার করিয়া) রঙ্গক্ষেত্রে (শ্রীরঙ্গপত্তনে) ভট্টপল্ল্যাং (শ্রীবেঙ্কট ভট্টের গৃহে) কতিপয়দিবা (কিছুদিন) আবাৎসীৎ (বাস করিয়াছিলেন), [এবং] পরমকৃপয়া (পরমকৃপাবশতঃ) ভট্টাচার্য্যান্ (সেই পরিবারের শ্রীপ্রবোধানন্দ-প্রমুখ ভট্টাচার্য্যগণকে) কৃষ্ণভক্তান্ (কৃষ্ণভক্ত) চকার (করিয়াছিলেন), গোপালালয়-সুখনিধিং (শ্রীগোপালভট্টের গৃহের আনন্দনিধি) তং (সেই) গৌরমূর্ত্তিং (শ্রীগৌরবিগ্রহকে) স্মরামি (স্মরণ করি)।

দত্ত্বানন্দং কলিমলহরং দাক্ষিণাত্যেভ্য ঈশো
নীত্বা গ্রন্থৌ ভজনবিষয়ৌ কৃষ্ণদাসেন সার্দ্ধম্।
আলালেশালয়পথগতো * নীলশৈলং যযৌ য-
স্তং গৌরাঙ্গং প্রমুদিতমতিং ভক্তপালং স্মরামি।।৪৬।।

(অনুঃ--৪৪) যিনি দেশে দেশে সজ্জনগণ-মধ্যে প্রেম বিস্তার করিয়া শ্রীরঙ্গমে শ্রীবেঙ্কটভট্টের গৃহে কিছুদিন বাস করিয়াছিলেন এবং পরম-কৃপাপূর্ব্বক (সেই পরিবারের) ভট্টাচার্য্যগণকে কৃষ্ণভক্ত করিয়াছিলেন, শ্রীগোপালভট্টের গৃহের আনন্দনিধি সেই শ্রীগৌরমূর্ত্তিকে আমি স্মরণ করি।

(অঃ--৪৫) যঃ (যিনি) শুদ্ধ ভক্তি-প্রচারৈঃ (শুদ্ধ ভক্তির প্রচার-দ্বারা) আত্মশক্ত্যা (নিজপ্রভাবে) তত্ত্ববাদাহতান্ (তত্ত্ববাদপীড়ীত তত্ত্ববাদিগণকে অথবা তত্ত্ববিচারে সম্যক্-পরাস্ত) বৌদ্ধান্ (বৌদ্ধগণকে) জৈনান্ (জৈনগণকে) ভজনরহিতান্ (ভজনহীনগণকে) মায়াবাদহ্রদ-নিপতিতান্ চ (ও মায়াবাদের হ্রদে পতিতগণকে) --এতান্ (ইহাদের) সর্ব্বান্ চ (সকলকেই) ভজনকুশলান্ (ভক্তিনিপুণ) চকার (করিয়াছিলেন), বহুমতধিয়াং (নানা-মতবাদে মতিবিশিষ্টগণের) পাবনং (পরিত্রাতা) তং (সেই) গৌরচন্দ্রং (শ্রীগৌরচন্দ্রকে) অহং (আমি) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ--৪৫) যিনি শুদ্ধ ভক্তি-প্রচার-দ্বারা ও নিজ প্রভাবে তত্ত্ববাদ-বিচ্যুত তত্ত্ববাদিগণ (অথবা, তত্ত্ববিচারে সম্যক্ পরাস্ত) বৌদ্ধ , জৈন, ভজনহীন, মায়াবাদহ্রদ-পতিতগণ--এই সকলকেই ভক্তিনিপুণ করিয়াছিলেন, নানা মতবাদে প্রবিষ্টবুদ্ধিগণের পরিত্রাতা সেই শ্রীগৌরচন্দ্রকে আমি বন্দনা করি।

৪৬। * 'আলালেশালয় পথগতং'

কাশীমিশ্র-দ্বিজবরগৃহে শুদ্ধচামীকরাভো
বাসঞ্চক্রে স্বজননিকরৈর্যঃ স্বরূপপ্রধানৈঃ।
নামানন্দং সকল-সময়ে সর্ব্বজীবায় যোঽদা-
ত্তং গৌরাঙ্গং স্বজনসহিতং ফুল্লমূর্ত্তিং স্মরামি।।৪৭।।
নীলাগেশে রথমধিগতে বৈষ্ণবৈর্যস্তদগ্রে
নৃত্যন্ গায়ন্ হরিগুণগণং প্লাবয়ামাস সর্ব্বান্।
প্রেম্ণৌড্রীয়ান্ গজপতিমুখান্ সেবকান্ শুদ্ধভক্তাং-
স্তং গৌরাঙ্গং স্বসুখজলধিং ভাবমূর্ত্তিং স্মরামি।।৪৮।।

(অঃ--৪৬) যঃ (যে) ঈশঃ (প্রভু) দাক্ষিণাত্যেভ্যঃ (দক্ষিণদেশ-বাসিগণকে) কলিমলহরং (কলিদোষ-নাশক) আনন্দং (প্রেমানন্দ) দত্ত্বা (বিতরণ করিয়া) ভজনবিষয়ৌ (ভজনবিষয়ক) গ্রন্থৌ (দুইটী গ্রন্থ) নীত্বা (সঙ্গে লইয়া) কৃষ্ণদাসেন (কালাকৃষ্ণদাসের) সার্দ্ধং (সহিত) আলালেশালয়-পথগতঃ (শ্রীআলালনাথের মন্দিরের পথ দিয়া) নীলশৈলং (নীলাচলে) যযৌ (গমন করিয়াছিলেন), প্রমুদিত-মতিং (অতি হৃষ্টচিত্ত) ভক্তপালং (ভক্তরক্ষক) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৪৬) যে প্রভু দক্ষিণদেশবাসিগণকে কলিদোষনাশন প্রেমানন্দ বিতরণ করত ভজনবিষয়ক দুইটী গ্রন্থ ('ব্রহ্মসংহিতা' ও 'কৃষ্ণকর্ণামৃত') সঙ্গে লইয়া কালাকৃষ্ণদাসের সহিত শ্রীআলালনাথের মন্দিরের পথ দিয়া নীলাচলে গমন করিয়াছিলেন, অতি হৃষ্টচিত্ত ভক্তরক্ষক সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৪৭) শুদ্ধচামীকরাভঃ (বিশুদ্ধ-স্বর্ণের কান্তি বিশিষ্ট) যঃ (যিনি) কাশীমিশ্র-দ্বিজবর-গৃহে (ব্রাহ্মণশ্রেষ্ঠ শ্রীকাশীমিশ্রের গৃহে) স্বরূপপ্রধানৈঃ (শ্রীল

ওড্রদেশাদ্যযৌ গৌড়ং সীমায়ামুৎকলস্য যঃ।
হিত্বৌড্রপার্ষদান্ দেবস্তং স্মরামি শচীসুতম্।।৪৯।।
শ্রীবাসং বাসুদেবঞ্চ রাঘবং স্ব-স্ব-মন্দিরে।
দৃষ্ট্বা শান্তিপুরং যাতো যস্তং গৌরং স্মরাম্যহম্।।৫০।।

স্বরূপদামোদর-মুখ্য) স্বজননিকরৈঃ (নিজজনগণ-সহ) বাসং (বাস) চক্রে (করিয়াছিলেন), যঃ (যিনি) সকলসময়ে (সর্ব্বদা) সর্ব্বজীবায় (সকলজীবকে) নামানন্দং (নামানন্দ) অদাৎ (বিতরণ করিয়াছিলেন), স্বজনসহিতং (নিজজনগণ-সহিত) ফুল্লমূর্ত্তিং (আনন্দময়-মূর্ত্তি) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৪৭) বিশুদ্ধ-স্বর্ণকান্তিবিশিষ্ট যিনি ব্রাহ্মণশ্রেষ্ঠ শ্রীকাশীমিশ্রের গৃহে স্বরূপদামোদর-প্রমুখ নিজজনগণের সহিত বাস করিয়াছিলেন ; যিনি সকলসময়ে সর্ব্বজীবকে নামানন্দ দান করিয়াছিলেন, স্বজনসহিত প্রফুল্ল-মূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৪৮) নীলাগেশে (নীলাচল-নাথ) রথং (রথে) অধিগতে (আরূঢ় হইলে) যঃ (যিনি) বৈষ্ণবৈঃ (বৈষ্ণবগণের সহিত) তদগ্রে (রথাগ্রে) নৃত্যন্ (নৃত্য করিয়া) [ও] হরিগুণগণং (শ্রীহরির গুণরাশি) গায়ন্ (কীর্ত্তন করিয়া) শুদ্ধভক্তান্ (শুদ্ধভক্ত) সেবকান্ (সেবক) গজপতিমুখান্ (গজপতি শ্রীপ্রতাপরুদ্র-প্রমুখ) সর্ব্বান্ (সকল) ওড্রীয়ান্ (উৎকল-দেশীয়গণকে) প্রেম্ণা (প্রেমে) প্লাবয়ামাস (প্লাবিত করিয়াছিলেন), স্বসুখ-জলধিং (নিজানন্দ-সমুদ্র) ভাবমূর্ত্তিং (মূর্ত্তিমান্ ভাবস্বরূপ বা প্রেমময়দেহ) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

শ্রীবিদ্যানগরে গচ্ছন্ বিদ্যাবাচস্পতের্গৃহম্।
কোলদ্বীপং*নবদ্বীপে যযৌ যস্তমহং ভজে।।৫১।।

(অনুঃ--৪৮) শ্রীনীলাদ্রিনাথ রথে অধিষ্ঠান করিলে যিনি বৈষ্ণবগণের সঙ্গে রথাগ্রে নৃত্য ও হরিগুণ গান করিয়া শূদ্ধভক্ত ও সেবক রাজা গজপতি-প্রমুখ উৎকল-দেশীয়গণকে প্রেমে প্লাবিত করিয়াছিলেন, স্বসুখসমুদ্র মূর্ত্তিমান্ ভাবস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৪৯) যঃ (যে) দেবঃ (প্রভু) উৎকলস্য (উৎকলের) সীমায়াং (সীমান্তে) ওড্রপার্ষদান্ (উৎকলদেশীয় পার্ষদগণকে) হিত্বা (ছাড়িয়া) ওড্রদেশাৎ (উৎকলদেশ হইতে) গৌড়ং (গৌড়দেশে) যযৌ (গমন করিয়াছিলেন), তং শচীসুতং স্মরামি (সেই শ্রীশচীনন্দনকে স্মরণ করি)।

(অনুঃ--৪৯) যেই প্রভু উৎকলীয় ভক্তগণকে উৎকলের সীমামধ্যে রাখিয়া উৎকল দেশ হইতে গৌড়দেশে গমন করিয়াছিলেন, সেই শ্রীশচীনন্দনকে আমি স্মরণ করি।

(অঃ--৫০) যঃ (যিনি) শ্রীবাসং বাসুদেবং রাঘবং চ (শ্রীবাস, বাসুদেব ও রাঘবকে) স্ব-স্ব-মন্দিরে (নিজ-নিজ গৃহে) দৃষ্টা (দর্শন করিয়া) শান্তিপুরং (শান্তিপুরে) যাতঃ (গিয়াছিলেন), অহং (আমি) তং গৌরং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৫০) যিনি শ্রীবাস, বাসুদেব ও রাঘব-পন্ডিতকে নিজ নিজ গৃহে দর্শন করিয়া শান্তিপুরে গিয়াছিলেন, আমি সেই শ্রীগৌরাঙ্গকে স্মরণ করি।

৫১। * কুলিয়ায়াং

বিদ্যারূপোদ্ভব-ধনজনৈর্যা ন লভ্যা নরেণ
তাং চৈতন্য প্রভুবরকৃপাং দৈন্যভাবাদবাপ।
দেবানন্দঃ কুলিয়া-নগরে যস্য ভক্তান্ প্রপূজ্য
বন্দে গৌরং বিমদবিদুষাং শুদ্ধভক্ত্যেক-লভ্যম্।।৫২।।
বৃন্দারণ্যেক্ষণকপটতো গৌড়দেশে প্রসূতিং
দৃষ্টা স্নেহাদ্ যবনকবলাৎ সাগ্রজঃ রূপমেব।
উদ্ধৃত্যৌড্রং পুনরপি যযৌ যঃ স্বতন্ত্রঃ পরাত্মা
তং গৌরাঙ্গং স্বজনতরণে হৃষ্টচিত্তং স্মরামি।।৫৩।।

(অঃ--৫১) যঃ (যিনি) শ্রীবিদ্যানগরে (বিদ্যানগর-নামক স্থানে) বিদ্যাবাচস্পতেঃ (শ্রীবিদ্যা-বাচস্পতির) গৃহং (গৃহে) গচ্ছন্ (যাইয়া) নবদ্বীপে (শ্রীনবদ্বীপান্তর্গত) কোলদ্বীপং (শ্রীকোলদ্বীপ বা কুলিয়াতে) যযৌ (গিয়াছিলেন), অহং (আমি) তং (সেই শ্রীগৌরাঙ্গদেবকে) ভজে (ভজনা করি)।

(অনুঃ--৫১) যিনি শ্রীবিদ্যনগরে বিদ্যাবাচস্পতির গৃহে যাইয়া নবদ্বীপান্তর্গত শ্রীকোলদ্বীপ বা কুলিয়াতে গিয়াছিলেন, আমি সেই শ্রীগৌরাঙ্গদেবকে ভজন করি।

(অঃ--৫২) কুলিয়ানগরে (কুলিয়াতে) দেবানন্দঃ (শ্রীদেবানন্দ পন্ডিত) যস্য (যাঁহার) ভক্তান্ (ভক্তগণের) প্রপূজ্য (সেবা করিয়া) দৈন্যভাবাৎ (দীনভাব লাভ করত) তাং চৈতন্য-প্রভুবর-কৃপাং (শ্রীচৈতন্য মহাপ্রভুর সেই কৃপা) অবাপ (প্রাপ্ত হইয়াছিলেন),--যা (যাহা) বিদ্যারূপোদ্ভব-ধন-জনৈঃ (বিদ্যা, রূপ, জন্ম, ধন ও জন-দ্বারা) নরেণ (লোকের) ন লভ্যা (লভ্য হয় না)--বিমদবিদুষাং

সঙ্গং হিত্বা বহুবিধনৃণাং ভদ্রমেকং গৃহীত্বা
যাত্রাং বৃন্দাবন-দৃঢ়মতির্যশ্চ কারাত্মতন্ত্রঃ।
ঋক্ষ-ব্যাঘ্র প্রভৃতিক-পশূন্ মাদয়িত্বাত্ম-শক্ত্যা
তং স্বানন্দৈঃ পশুমতিহরং গৌরচন্দ্রং স্মরামি।।৫৪।।

(নিরহঙ্কার পন্ডিতগণ-কর্তৃক) শুদ্ধ ভক্ত্যেক-লভ্যং (একমাত্র শুদ্ধ ভক্তিদ্বারা লভ্য) গৌরং (শ্রীগৌরসুন্দরকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ--৫২) বিদ্যা, রূপ, জন্ম, ধন ও জন--এই সকল দ্বারা মনুষ্য যাহা লাভ করিতে পারে না, শ্রীচৈতন্য-মহাপ্রভুর সেই কৃপা কুলিয়ানগরে দেবানন্দ পন্ডিত যাঁহার ভক্তগণকে পূজা করিয়া প্রাপ্ত হইয়াছিলেন, নিরহঙ্কার পন্ডিতগণের একমাত্র শুদ্ধ ভক্তিদ্বারা লভ্য শ্রীগৌরচন্দ্রকে আমি বন্দনা করি।

(অঃ—৫৩) যঃ (যে) স্বতন্ত্রঃ (স্বতন্ত্র) পরাত্মা (পরমেশ্বর) বৃন্দারণ্যেক্ষণ-কপটতঃ এব (বৃন্দাবন-দর্শনের ছলেই) গৌড়দেশে (গৌড় ভূমিতে) প্রসূতিং (জননীকে) দৃষ্ট্বা (দর্শন করিয়া) স্নেহাৎ (কৃপাবশতঃ) যবন-কবলাৎ (যবন বাদসাহ হোসেন সাহের কবল হইতে) সাগ্রজং (অগ্রজ শ্রীসনাতন-সহিত) রূপং (শ্রীরূপকে) উদ্ধৃত্য (উদ্ধার করিয়া) পুনরপি (পুনরায়) ঔঢ্রং (উড়িষ্যায়) যযৌ (গমন করিয়াছিলেন), স্বজন-তরণে (নিজজনের উদ্ধারে) হৃষ্টচিত্তং (অন্তরে আনন্দিত) তং (সেই) গৌরাঙ্গং (শ্রীগৌরাঙ্গদেবকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৫৩) যেই স্বতন্ত্র-পরমেশ্বর বৃন্দাবন-দর্শনের ছলনা করিয়া গৌড়দেশে স্বীয় প্রসূতিকে দর্শন পূর্ব্বক (গৌড়নিকটবর্ত্তী রামকেলি গ্রামে যাইয়া) কৃপাবশতঃ যবন বাদসাহ হোসেন সাহের কবল হইতে অগ্রজ

বৃন্দারণ্যে গিরিবর-নদী-গ্রামরাজীর্ব্বিলোক্য
পূর্ব্বক্রীড়া-স্মরণবিবশো ভাবপুঞ্জৈর্মুমোহ।
তস্মাদ্‌ভদ্রো ব্রজবিপিনতশ্চালয়ামাস যঞ্চ
তং গৌরাঙ্গং নিজজনবশং দীনমূর্ত্তিং স্মরামি।।৫৫।।
ভাবাবেশং পথি পরমহো বীক্ষ্য তং ভাগ্যবন্তো
ম্লেচ্ছাঃ কেচিচ্ছুভমতিবলাল্লেভিরে যৎপ্রসাদম্।
ভক্তাস্তে চ প্রণয়বশগা যৎপ্রসাদাদ্ বভূবু-
স্তং গৌরাঙ্গং জনিমলহরং শুদ্ধমূর্ত্তিং স্মরামি।।৫৬।।

শ্রীসনাতনের সহিত শ্রীরূপকে উদ্ধার করিয়া পুনরায় ওড্রদেশে ফিরিয়া গিয়াছিলেন, স্বজন-উদ্ধার-কার্য্যে হৃষ্টচিত্ত সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৫৪) আত্মতন্ত্রঃ (স্বতন্ত্র) যঃ (যিনি) বৃন্দাবন-দৃঢ়মতিঃ (বৃন্দাবন-দর্শনে দৃঢ়সংকল্প হইয়া) বহুবিধনৃণাং (নানাপ্রকার লোকের) সঙ্গং (সঙ্গ) হিত্বা (পরিত্যাগ করিয়া) একং (একমাত্র) ভদ্রং (বলভদ্র ভট্টাচার্য্যকে) গৃহীত্বা (সঙ্গে লইয়া) [পথমধ্যে] আত্মশক্ত্যা (নিজশক্তিতে) ঋক্ষ-ব্যাঘ্র প্রভৃতিক-পশূন্ (ভল্লুক, ব্যাঘ্র প্রভৃতি পশুগণকে) মাদয়িত্বা (উন্মত্ত করিয়া) যাত্রাং (গমন) চকার (করিয়াছিলেন), স্বানন্দৈঃ (প্রেমানন্দ বা নিজানন্দ-দ্বারা) পশুমতিহরং (পশুগণেরও চিত্তহারী) তং গৌরচন্দ্রং (সেই শ্রীগৌরচন্দ্রকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৫৪) যে আত্মতন্ত্র পুরুষ বৃন্দাবন-দর্শনে দৃঢ়মতি হইয়া নানা প্রকার লোকের সঙ্গ পরিত্যাগপূর্ব্বক একমাত্র বলভদ্র ভট্টাচার্য্যকে সঙ্গে লইয়া

পুণ্যে গঙ্গা-তপনতনয়া-সঙ্গমে তীর্থবর্য্যে
রূপং বিদ্যাং পররসময়ীং শিক্ষয়ামাস যো বৈ।
প্রেমাণং গোকুলপতিগতং বল্লভাখ্যং বুধঞ্চ
তং গৌরাঙ্গং রসগুরুমণিং শাস্ত্রমূর্ত্তিং স্মরামি।।৫৭।।

(পথমধ্যে) ব্যাঘ্র, ভল্লুক প্রভৃতি পশুগণকে আত্মশক্তিবলে উন্মত্ত করিয়া গমন করিয়াছিলেন, নিজানন্দ দ্বারা পশুগণেরও চিত্তহারী সেই শ্রীগৌরচন্দ্রকে আমি স্মরণ করি।

(অঃ--৫৫) (মহাপ্রভু) বৃন্দাবণ্যে (শ্রীবৃন্দাবনে) গিরিবরনদী গ্রামরাজীঃ (গিরিরাজ গোবর্দ্ধন, যমুনা-নদী ও গ্রামসকল) বিলোক্য (দর্শন করিয়া) পূর্ব্বক্রীড়া-স্মরণবিবশঃ (পূর্ব্বের বৃন্দাবন-লীলা-স্মরণে বিহ্বল হইয়া) ভাবপুঞ্জৈঃ (ভাবরাশি-লক্ষিতদেহে বা ভাবরাশি-প্রকাশ-সহকারে) মুমোহ (মূর্চ্ছিত হইতে লাগিলেন), তস্মাৎ (সেইহেতু) ভদ্রঃ (বলভদ্র) যং (যাঁহাকে) ব্রজবিপিনতঃ (ব্রজবিপিন হইতে) চালয়ামাস (স্থানান্তরিত করিয়াছিলেন), নিজজনবশং (নিজজনের বশীভূত) দীনমূর্ত্তিং (দীনস্বরূপ) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ--৫৫) মহাপ্রভু শ্রীবৃন্দাবনে গোবর্দ্ধনগিরি, যমুনা নদী ও (নন্দগ্রাম, বৃষভানুপুর প্রভৃতি) গ্রামরাজি দর্শন করিয়া পূর্ব্বলীলা-স্মরণে বিহ্বল হইয়া ভাবরাশি-প্রকাশ-সহকারে মূর্চ্ছিত হইতে লাগিলেন। সেই হেতু, বলভদ্র যাঁহাকে ব্রজবিপিন হইতে স্থানান্তরিত করিয়াছিলেন, সেই নিজজন-বশীভূত দীনমূর্ত্তি শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৫৬) অহো (আহা)! পথি (পথমধ্যে) কেচিৎ (কতিপয়) ভাগ্যবন্তঃ (ভাগ্যবান্) ম্লেচ্ছাঃ (ম্লেচ্ছরা) তং (সেই) পরং (পরম)ভাবাবেশং (ভাবাবেশ) বীক্ষ্য (দর্শন করিয়া) শুভমতিবলাৎ (সদ্বুদ্ধি-বলে) যৎপ্রসাদং (যাঁহার কৃপা) লেভিরে (লাভ করিয়াছিল), চ (এবং) যৎপ্রসাদাৎ (যাঁহার কৃপাতে) তে (তাহারা) প্রণয়বশগাঃ (প্রেমবশগত) ভক্তাঃ (ভক্ত) বভূবুঃ (হইয়াছিল), জনিমলহরং (জাতিদোষহারী) শুদ্ধ মূর্ত্তিং (অপ্রাকৃত-দেহ) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৫৬) আহা ! পথমধ্যে কতিপয় ভাগ্যবান্ ম্লেচ্ছ যাঁহার সেই পরম ভাবাবেশ দর্শন করিয়া সুবুদ্ধি বলে তাঁহার কৃপা লাভ করিয়াছিল এবং যাঁহার কৃপাতে তাহারা ভক্ত হইয়াছিল, জাতিদোষ-হারী অপ্রাকৃত- দেহ সেই শ্রীগৌরাঙ্গদেবকে আমি স্মরণ করি।

(অঃ--৫৭) যঃ (যিনি) পুণ্যে (পবিত্র) তীর্থবর্য্যে (তীর্থশ্রেষ্ঠ) গঙ্গা-তপনতনয়াসঙ্গমে (গঙ্গা-যমুনাসঙ্গমে--প্রয়াগে) রূপং (শ্রীরূপকে) পররসময়ীং (প্রেমরসের পরাকাষ্ঠাপূর্ণ) বিদ্যাং (জ্ঞান), চ (এবং) বল্লভাখ্যং (বল্লভ-নামক) বুধং (পন্ডিতকে) গোকুলপতিগতং (গোকুল নাথ কৃষ্ণের) প্রেমাণং (প্রেম) শিক্ষয়ামাস (শিক্ষা দিয়াছিলেন), রসগুরুমণিং (সর্ব্বশ্রেষ্ঠ রসশিক্ষক) শাস্ত্রমূর্ত্তিং (শাস্ত্রের মূর্ত্তিস্বরূপ) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

কাশীক্ষেত্রে রসবিরহিতান্ কেবলাদ্বৈতপক্ষান্
প্রেম্ণাপ্লাব্য স্বজন-কৃপয়া যস্তু রূপাগ্রজায়।
বিষ্ণোর্ভক্তি-স্মৃতিবিরচনে সাধু শক্তিং ব্যতারীদ্
বন্দে গৌরং ভজনবিষয়ে সাধকানাং গুরুং তম্।।৫৮।।

ধিগ্ গৌরাঙ্গ-প্রণতিরহিতান্ শুষ্কতর্কাদিদগ্ধা-
নিত্যেবং বৈ* প্রচুরবচনং শাঙ্করাণাং বভূব।
ন্যাসীশানাং সদসি মহতাং যস্য পূজা তদাভূ-
ত্তং গৌরাঙ্গং স্বসুখ-মথনানন্দমূর্ত্তিং স্মরামি।।৫৯।।

(অনুঃ --৫৭) যিনি তীর্থশ্রেষ্ঠ পুণ্য গঙ্গা-যমুনা-সঙ্গমস্থল --প্রয়াগে শ্রীরূপকে প্রেমরসের পরাকাষ্ঠা-পূর্ণ জ্ঞান এবং বল্লভভট্ট নামক পন্ডিতকে গোকুলনাথ শ্রীকৃষ্ণের প্রেম শিক্ষা দিয়াছিলেন; সর্ব্বশ্রেষ্ঠ রসশিক্ষক, শাস্ত্রের মূর্ত্তিস্বরূপ সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৫৮) যঃ তু (যিনি) কাশীক্ষেত্রে ('কাশী'-নামক তীর্থ ক্ষেত্রে) স্বজনকৃপয়া (নিজজনগণের প্রতি কৃপাহেতু) রসবিরহিতান্ (রসজ্ঞানহীন) কেবলাদ্বৈতপক্ষান্ (কেবলাদ্বৈত-বাদিগণকে) প্রেম্ণা (প্রেমদানে) আপ্লাব্য (সম্পূর্ণ ডুবাইয়া) রূপাগ্রজায় (শ্রীরূপের অগ্রজ শ্রীসনাতনের) বিষ্ণোঃ (শ্রীহরির) ভক্তিস্মৃতি-বিরচনে (ভক্তি অর্থাৎ সেবাবিষয়ক স্মৃতিশাস্ত্র-রচনায়) সাধু (উত্তমরূপে) শক্তিং (শক্তি) ব্যতারীৎ (সঞ্চার করিয়াছিলেন), ভজনবিষয়ে (হরি-ভজন-সম্বন্ধে) সাধকানাং (সাধকগণের) গুরুং (গুরু) তং গৌরং (সেই শ্রীগৌরসুন্দরকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ --৫৮) যিনি কাশীক্ষেত্রে নিজজনের প্রতি কৃপাহেতু রসজ্ঞানহীন কেবলাদ্বৈত-বাদিগণকে প্রেম-বন্যায় ডুবাইয়া শ্রীরূপের অগ্রজ শ্রীসনাতনকে শ্রীহরিতে ভক্তি অর্থাৎ সেবাবিষয়ক স্মৃতিশাস্ত্র-রচনায় উত্তমরূপে শক্তি সঞ্চার করিয়াছিলেন, ভজন বিষয়ে সাধকদিগের গুরু সেই শ্রীগৌরাঙ্গকে আমি বন্দনা করি।

৫৯। * ইত্যারভ্য

প্রাপ্য ক্ষেত্রং পুনরপি হরির্ভক্তবর্গাংস্তুতোষ
রামানন্দপ্রমুখ- সুজনান্ সার্ব্বভৌমাদিকান্ যঃ।
প্রেমালাপৈর্হরিরসপরৈর্যাপয়ামাস বর্ষাং-
স্তং গৌরাঙ্গং হরিরসকথাস্বাদপূর্ণং স্মরামি।।৬০।।
যৎ পাদাব্জং বিধি-শিবনুতং বীক্ষিতুং তে মহান্তো
বর্ষে বর্ষে রথপরিগতৌ গৌড়দেশাৎ সমেত্য।
প্রীতিং লব্ধা মনসি মহতীমোড্রদেশাৎ সমীয়ু-
গৌড়ীয়ানাং পরমসুহৃদং তং যতীন্দ্রং স্মরামি।।৬১।।

(অঃ --৫৯) তদা (সেইকালে) শাঙ্করাণাং (শঙ্করমতানুসারী) মহতাং (বিখ্যাত) ন্যাসীশানাং (প্রধান সন্ন্যাসিগণের) সদসি (সভায়) গৌরাঙ্গ-প্রণতিরহিতান্ ('শ্রীগৌরাঙ্গে প্রণতিবিহীন) শুষ্কতর্কাদি-দগ্ধান্ (নীরস তর্কাদি-দ্বারা দগ্ধ জনগণকে) ধিক্ --ইতি এবং (ধিক্'--এই প্রকার) প্রচুরবচনং (বহু কথা) বভূব (হইতে লাগিল) [এবং] যস্য (যাঁহার) পূজা (আরাধনা) অভূৎ (হইয়াছিল), স্বসুখ-মথনানন্দমূর্ত্তিং (নিজসুখ ধিক্কারী প্রেমানন্দের মূর্ত্তি) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৫৯) সেইকালে শাঙ্কর-মতাবলম্বী বিখ্যাত প্রধান সন্ন্যাসিগণের সভায় 'শ্রীগৌরাঙ্গ-প্রণতিবিহীন শুষ্কতর্কাদি-দগ্ধ ব্যক্তিদিগকে ধিক্,' -- এইরূপ বহু কথা হইয়াছিল এবং যাঁহার পূজা হইয়াছিল, নিজসুখধিক্কারী প্রেমানন্দের মূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ--৬০) যঃ (যে) হরিঃ (শ্রীহরি) পুনরপি (পুনরায়) ক্ষেত্রং (শ্রীক্ষেত্রে) প্রাপ্য (পৌঁছিয়া) রামানন্দপ্রমুখ-সুজনান্ (রায় রামানন্দপ্রমুখ

নির্ব্বিণ্ণানাং বিপুলপতনং স্ত্রীষু সম্ভাষণং যৎ
তত্তদ্দোষাৎ স্বমতচরকারক্ষণার্থং য ঈশঃ।
দোষাৎ ক্ষুদ্রাদপি লঘুহরিং বর্জ্জয়িত্বা মুমোদ
তং গৌরাঙ্গং বিমলচরিতং সাধুমূর্ত্তিং স্মরামি।।৬২।।

সজ্জন সহিত) সার্ব্বভৌমাদিকান্ (বাসুদেব সার্ব্বভৌম প্রভৃতি) ভক্তবর্গান্ (ভক্তগণকে) তুতোষ (আনন্দিত করিয়াছিলেন), হরিরসপরৈ (কৃষ্ণরস প্রধান) প্রেমালাপৈঃ (স্নেহপূর্ণ আলাপে) (অবশিষ্ট) বর্ষান্ (বৎসরগুলি) যাপয়ামাস (যাপন করিয়াছিলেন), হরিরসকথাস্বাদপূর্ণং (কৃষ্ণরসময় কথার আস্বাদনে ভরপূর) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৬০) যে শ্রীহরি পুনরায় শ্রীক্ষেত্রে পৌঁছিয়া রায় রামানন্দ-প্রমুখ সজ্জনসহিত বাসুদেব সার্ব্বভৌম-প্রভৃতি ভক্তগণকে আনন্দিত করিয়াছিলেন এবং কৃষ্ণরস - প্রধান স্নেহপূর্ণ আলাপে [অবশিষ্ট] বৎসরগুলি যাপন করিয়াছিলেন, কৃষ্ণরসময় কথার আস্বাদনে ভরপূর সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৬১) বিধিশিবনুতং (ব্রহ্মা-শিব-বন্দিত) যৎপাদাব্জং (যাঁহার পাদপদ্ম) বীক্ষিতুং (দর্শন করিবার জন্য) তে (সেই সকল) মহান্তঃ (মহাজনগণ) বর্ষে বর্ষে (বৎসর বৎসর) গৌড়দেশাৎ (বঙ্গদেশ হইতে) রথপরিগতৌ (রথযাত্রায়) সমেত্য (সমাগত হইয়া) মনসি (হৃদয়ে) মহতীং (পরম) প্রীতিং (আনন্দ) লব্ধা (প্রাপ্ত হইয়া) ওড্রদেশাৎ (উৎকল হইতে) সমীয়ুঃ (প্রত্যাবর্ত্তন করিতেন), গৌড়ীয়ানাং (গৌড়ীয়গণের) পরমসুহৃদং (পরম-বান্ধব) তং (সেই) যতীন্দ্রং (সন্ন্যাসিবরকে) স্মরামি (স্মরণ করি)।

দৈবাদ্ধীনান্বয়-জনিমতাং তত্ত্ববুদ্ধি প্রভাবা-
দাচার্য্যত্বং ভবতি যদিদং তত্ত্বমেকং সুগূঢ়ম্।
প্রদ্যুম্নায় প্রচুরকৃপয়া জ্ঞাপয়ামাস যস্ত-
ত্তং গৌরাঙ্গং গুণ-মধুকরং জাড্যশূণ্যং স্মরামি।।৬৩।।

(অনুঃ --৬১) যাঁহার ব্রহ্মা-শিব-বন্দিত পাদপদ্ম দর্শন করিবার জন্য সেই-সকল মহাজন প্রতিবৎসর বঙ্গ-দেশ হইতে রথযাত্রায় সমাগত হইয়া হৃদয়ে পরম আনন্দ লাভ করিয়া উৎকল দেশ হইতে প্রত্যাবর্ত্তন করিতেন, গৌড়ীয়গণের পরম সুহৃৎ সেই সন্ন্যাসিবরকে (শ্রীচৈতন্যচন্দ্রকে) আমি স্মরণ করি।

(অঃ--৬২) স্ত্রীষু সম্ভাষণং (স্ত্রীলোককে সম্বোধন করিয়া কথা বলা বা তাহাদের সহিত আলাপ) [ইতি] যৎ (এই যে কার্য্য) তৎ (তাহা) নির্ব্বিণ্ণানাং (বিরক্তগণের) বিপুলপতনং (মহাপতন বা পতনের কারণ); তদ্দোষাৎ (সেই দোষ হতে) স্বমতচরকারক্ষণার্থং (স্বকীয় মতানুসারিগণকে সংরক্ষণ করিবার উদ্দেশ্যে) যঃ (যে) ঈশঃ (প্রভু) ক্ষুদ্রাৎ (সামান্য) দোষাৎ অপি (অপরাধবশতঃও) লঘুহরিং (ছোট হরিদাসকে) বর্জ্জয়িত্বা (বর্জ্জন করিয়া) মুমোদ (সন্তুষ্ট রহিয়াছিলেন), বিমলচরিতং (নির্ম্মল-চরিত্র) সাধুমূর্ত্তিং (সাধুমূর্ত্তি) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৬২) বিরক্ত ব্যক্তিগণের পক্ষে স্ত্রী-সম্ভাষণ মহাপতন বা পতনের হেতু। সেই দোষ হইতে স্বীয়মতানুসারী গণকে (স্বীয় সম্প্রদায়কে) সংরক্ষণ করিবার উদ্দেশ্যে যে প্রভু সামান্য অপরাধ-বশতঃ ছোট হরিদাসকে বর্জ্জন

বাৎসল্যেন স্বভজনবশাদ্ দাসগোস্বামিনং য-
স্তত্ত্বজ্ঞানং ভজনবিষয়ে শিক্ষয়ামাস সাক্ষাৎ।
সিন্ধোস্তীরে চরমসময়ে স্থাপয়ামাস দাসং
তং গৌরাঙ্গং স্বচরণজুষাং বন্ধুমূর্ত্তিং স্মরামি।।৬৪।।

করিয়া সন্তুষ্ট রহিয়াছিলেন। (অর্থাৎ দুঃখিত হন নাই)। বিমলচরিত্র সাধুমূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৬৩) দৈবাৎ (দৈবক্রমে) হীনান্বয়-জনিমতাং (নীচ বংশজাতগণের) তত্ত্ববুদ্ধি -প্রভাবাৎ (তত্ত্বজ্ঞান-প্রভাবে) আচার্যত্বং (আচার্য্যত্ব) ভবতি (সিদ্ধ হয়) --ইদং যৎ (এই যে) একং (এক) সুগূঢ়ং (অতি গূঢ়) তত্ত্বং (তত্ত্ব), তৎ (তাহা) যঃ (যিনি) প্রচুরকৃপয়া (প্রচুর কৃপাবশে) প্রদ্যুম্নায় (শ্রীপ্রদ্যুম্ন মিশ্রকে) জ্ঞাপয়ামাস (জানাইয়া ছিলেন), জাড্যশূন্যং (বাহ্য জড়বিচার-রহিত) গুণ-মধুকরং (ভ্রমরবৎ গুণগ্রাহী) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৬৩) দৈবক্রমে নীচবংশে যাঁহারা জন্মলাভ করিয়াছেন, তাঁহাদেরও তত্ত্বজ্ঞান-প্রভাবে আচার্য্যত্ব সিদ্ধ হয়, ইহা একটি সুগূঢ় তত্ত্ব তাহা যিনি প্রচুর কৃপাবশতঃ শ্রীপ্রদ্যুম্ন মিশ্রকে জানাইয়াছিলেন, বাহ্য-জড়বিচার-রহিত মধুকরের ন্যায় গুণগ্রাহী সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

(অঃ --৬৪) যঃ (যিনি) দাসগোস্বামিনং (শ্রীদাস-গোস্বামীকে) স্বভজনবশাৎ (নিজ-ভজন-দর্শনে বশীভূত হইয়া) বাৎসল্যেন (স্নেহপূর্বক) ভজনবিষয়ে (শ্রীহরিভজনসম্বন্ধে) তত্ত্বজ্ঞানং (তত্ত্বজ্ঞান) সাক্ষাৎ (স্বয়ং) শিক্ষয়ামাস (শিক্ষা দিয়াছিলেন), [এবং] দাসং (শ্রীহরিদাস ঠাকুরকে) চরমসময়ে (অন্তিমকালে) সিন্ধোঃ (সমুদ্রের) তীরে (তটপ্রদেশে) সাক্ষাৎ (স্বয়ং) স্থাপয়ামাস (সমাধিস্থ করিয়াছিলেন), স্বচরণজুষাং (স্বচরণ-সেবকগণের) বন্ধুমূর্ত্তিং (মূর্ত্তিমান্ বন্ধু) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৬৪) শ্রীরঘুনাথ দাস-গোস্বামীর নিজ ভজন-দর্শনে বশীভূত হইয়া সেই গোস্বামীকে যিনি বাৎসল্যের সহিত ভজন-বিষয়ে তত্ত্বজ্ঞান স্বয়ং শিক্ষা দিয়াছিলেন এবং অন্তিমকালে শ্রীহরিদাস ঠাকুরকে যিনি বাৎসল্য-ভরে স্বয়ং সমুদ্রতীরে সমাধিস্থ করিয়াছিলেন, স্বচরণ-সেবকগণের মূর্ত্তিমান্ বন্ধু সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

পুরীং রামাখ্যং যো গুরুজনকথা-নিন্দনপরং
সদোপেক্ষ্য ভ্রান্তং কলিকলুষকূপে গতমিহ।
অমোঘং স্বীচক্রে হরিজন-কৃপালেশ-বলতঃ
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৬৫।।
সনাতনং কন্ডুরস-প্রপীড়িতং
স্পর্শেন শুদ্ধং কৃপয়া চকার যঃ।
স্বনাশবুদ্ধিং পরিশোধয়ন্নহো
স্মরামি গৌরং নবখন্ডনাগরম্।।৬৬।।

(অঃ --৬৫) ইহ (এই নীলাচলে) সদা (সর্ব্বদা) গুরুজন-কথানিন্দনপরং (নিজ গুরুদেবের কথার নিন্দাকারী) ভ্রান্তং (বিপথগামী) কলিকলুষকূপে (কলির অপরাধ-কূপে) গতং (পতিত) রামাখ্যং পুরীং (রামচন্দ্র পুরীকে) উপেক্ষ্য (উপেক্ষা করিয়া), [অথচ] অমোঘং (সার্ব্বভৌমের জামাতা অমোঘকে)

গোপীনাথং নরপতি-বলাদ্ যো ররক্ষাত্মতন্ত্রো
রামানন্দানুজ-নিজজনং শিক্ষয়ন্ ধর্ম্মতত্ত্বম।
পাপৈর্লব্ধং ধনমিতি * সদা ত্যাজ্যমেব স্বধর্ম্মা-
ত্তং গৌরাঙ্গং স্বজন-শিবদং ভদ্রমূর্ত্তিং স্মরামি।।৬৭।।
উপায়নং রাঘবতঃ সমাদৃতং
পুনঃ পুনঃ প্রাপ্তমপি স্বদেশতঃ।
স্বভক্ততো যেন পরাৎপরাত্মনা
তমেব গৌরং সততং স্মরাম্যহম্।।৬৮।।

হরিজন-কৃপালেশবলতঃ (বৈষ্ণবের কৃপালেশ-বলহেতু) স্বীচক্রে (গ্রহণ করিয়াছিলেন), সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৬৫) এই নীলাচলে সর্ব্বদা নিজ গুরুদেবের বা গুরুজনের কথার নিন্দাকারী, ভ্রান্ত, কলির অপরাধ-কূপে পতিত রামচন্দ্র পুরীকে উপেক্ষা করিয়া বৈষ্ণবের কৃপালেশের প্রভাবে (সার্ব্বভৌমের জামাতা) আমোঘকে যিনি গ্রহণ করিয়াছিলেন, সেই শ্রীশচীনন্দন আমার স্মরণ-পথে নিত্যকাল উদিত হউন।

(অঃ --৬৬) অহো (আহা)! যঃ (যিনি) কন্ডুরস - প্রপীড়িতং (চুলকণার রসে কষ্টপ্রাপ্ত) সনাতনং (শ্রীসনাতনকে) স্বনাশবুদ্ধিং (আত্মহত্যার বুদ্ধি) পরিশোধয়ন্ (সংশোধনপূর্ব্বক) কৃপয়া (কৃপাবশতঃ) স্পর্শেন (স্পর্শদ্বারা) শুদ্ধং (রোগমুক্ত) চকার (করিয়াছিলেন), (সেই) নবখন্ডনাগরং (শ্রীনবদ্বীপনাগর) গৌরং (শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

৬৭। * 'ধনমিহ'

তৈলং নাঙ্গীকৃতং যেন সংন্যাস-ধর্ম্ম-রক্ষিণা।
জগদানন্দ-দত্তঞ্চ স্মরামি তং মহাপ্রভুম্।।৬৯।।
জগন্নাথাগারে গরুড়সদন-স্তম্ভ নিকটে
দদর্শ শ্রীমূর্ত্তিং প্রণয়বিবশা কাপি জরতী।
সমারুহ্য স্কন্ধং যদমলহরেস্তুষ্টমনসঃ
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৭০।।

(অনুঃ --৬৬) আহা! যিনি কন্ডুরসদ্বারা প্রপীড়িত শ্রীসনাতন গোস্বামীকে আত্মহত্যার বুদ্ধি শোধন করিয়া কৃপাবশতঃ স্পর্শদ্বারাই নীরোগ করিয়াছিলেন, সেই নবদ্বীপনাগর শ্রীগৌরচন্দ্রকে আমি স্মরণ করি।

(অঃ --৬৭) স্বধর্ম্মাৎ (স্বধর্মে অবস্থিত থাকিয়া) পাপৈঃ (অন্যায়ভাবে) লব্ধং (উপার্জ্জিত) ধনং (ধন) সদা (সর্ব্বদা) ত্যাজ্যং এব (ত্যাগ করা উচিত) ইতি (এই) ধর্ম্মতত্ত্বং (ধর্ম্মতত্ত্ব বা কর্ত্তব্য জ্ঞান) শিক্ষয়ন্ (শিক্ষাদান-পূর্ব্বক) আত্মতন্ত্রঃ (স্বতন্ত্র) যঃ (যিনি) রামানন্দানুজ-নিজজনং (নিজজন ও রায় রামানন্দের কনিষ্ঠ ভ্রাতা) গোপীনাথং (গোপীনাথকে) নরপতি বলাৎ (রাজার বলে) ররক্ষ (রক্ষা করিয়াছিলেন), স্বজন শিবদং (নিজজনগণের মঙ্গল-বিধাতা) ভদ্রমূর্ত্তিং (মঙ্গলমূর্ত্তি) তং গৌরাঙ্গং (সেই শ্রীগৌরাঙ্গকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ --৬৭) 'স্বধর্ম্মে অবস্থিত থাকিয়া পাপলব্ধ ধন সর্ব্বদা ত্যাগ করা উচিত।' --এই ধর্ম্মতত্ত্ব বা কর্ত্তব্যজ্ঞান শিক্ষাদান-পূর্ব্বক যেই স্বতন্ত্র পুরুষ নিজজন ও শ্রীরামানন্দের কনিষ্ঠ ভ্রাতা গোপীনাথকে নৃপতির বলে রক্ষা করিয়াছিলেন, নিজ-জনগণের মঙ্গল-বিধাতা মঙ্গল-মূর্ত্তি সেই শ্রীগৌরাঙ্গকে আমি স্মরণ করি।

পুরীদেবে ভক্তিং গুরুচরণযোগ্যাং সুমধুরাং
দয়াং গোবিন্দাখ্যে বিশদ-পরিচর্য্যাশ্রিতজনে।
স্বরূপে যো প্রীতিং মধুররস-রূপাং হ্যকুরুত
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৭১।।

(অঃ —৬৮) যেন (যে) পরাৎপরাত্মনা (পরম হইতেও পরম ঈশ্বর) স্বভক্ততঃ (নিজভক্ত) রাঘবতঃ (রাঘবের) স্বদেশতঃ (স্বদেশের) প্রাপ্তং (প্রাপ্ত) উপায়নং অপি (উপহারও) পুনঃপুনঃ (বারবার) সমাদৃতং (সমাদর করিয়াছিলেন), তং (সেই) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) অহং (আমি) সততং এব (সর্ব্বদাই) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ —৬৮) যে পরাৎপর ঈশ্বর স্বীয়-ভক্ত রাঘব পন্ডিতের নিজদেশের প্রাপ্ত উপায়ন পুনঃপুনঃ সমাদর করিয়াছিলেন, সেই শ্রীগৌরাঙ্গকে আমি সর্ব্বদা স্মরণ করি।

(অঃ —৬৯) সংন্যাসধর্ম্ম-রক্ষিণা (সন্ন্যাসের আচার - রক্ষাকারী) যেন (যিনি) জগদানন্দদত্তং (জগদানন্দের প্রদত্ত) তৈলং (তৈল) ন অঙ্গীকৃতং চ (গ্রহণ করেন নাই) তং (সেই) মহাপ্রভুং (শ্রীমন্-মহাপ্রভুকে) স্মরামি (স্মরণ করি)।

(অনুঃ —৬৯) [অথচ] সন্ন্যাসের আচার-রক্ষাকারী যিনি শ্রীজগদানন্দের প্রদত্ত তৈল গ্রহণ করেন নাই, সেই শ্রীমন্মহাপ্রভুকে আমি স্মরণ করি।

(অঃ —৭০) প্রণয়বিবশা (প্রেমবিহ্বলা) কাপি (কোন এক) জরতী (বৃদ্ধা) জগন্নাথাগারে (শ্রীজগন্নাথদেবের মন্দিরে) গরুড়সদন-স্তম্ভ-নিকটে

দধানঃ কৌপীনং বসনমরুণং শোভনময়ং
সুবর্ণাদ্রেঃ শোভাং সকল-সুশরীরে দধদপি।
জপন্ রাধাকৃষ্ণং গলদুদক- ধারাক্ষিযুগলঃ
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৭২।।
মুদা গায়ন্নুচ্চৈর্মধুর-হরিনামাবলিমহো*
নটন্ মন্দং মন্দং নগরপথগামী সহ জনৈঃ।
বদন্ কাক্কা রে রে বদ হরিহরীত্যক্ষরযুগং
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৭৩।।

(গরুড়ের আসন-স্তম্ভের নিকটে) (দন্ডায়মান) তুষ্টমনসঃ (আনন্দে বিহ্বলচিত্ত) যদমলহরেঃ (যেই পূত শ্রীগৌরহরির) স্কন্ধং (স্কন্ধে) আরুহ্য (আরোহণ করিয়া) শ্রীমূর্ত্তিং (শ্রীজগন্নাথ-বিগ্রহ) দদর্শ (দর্শন করিয়াছিল), সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণ পদবীং (স্মরণ-পথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ —৭০) শ্রীজগন্নাথদেবের মন্দিরে গরুড়ের আসন স্তম্ভের নিকটে [দন্ডায়মান] আনন্দ-বিহ্বলচিত্ত যেই পূত শ্রীগৌরহরির স্কন্ধে আরোহণ করিয়া প্রেম-বিহ্বলা কোন এক বৃদ্ধা শ্রীজগন্নাথদেবের শ্রীমূর্ত্তি দর্শন করিয়াছিলেন, সেই শ্রীশচীনন্দন আমার স্মরণ পথে নিত্যকাল উদিত হউন।

(অঃ —৭১) যঃ (যিনি) পুরীদেবে (শ্রীপরমানন্দ পুরীকে) গুরুচরণযোগ্যাং (নিজ গুরুপাদপদ্মের যোগ্য) সুমধুরাং (অতি মধুর) ভক্তিং (ভক্তি), গোবিন্দাখ্যে (গোবিন্দ-নামক) বিশদ-পরিচর্য্যাশ্রিতজনে (বিশুদ্ধ সেবা-আশ্রিত ব্যক্তিকে) দয়াং (দয়া), [এবং] স্বরূপে (শ্রীস্বরূপ-দামোদরে) মধুররসরূপাং (মধুররস-

---

৭৩। * 'আবলিমসৌ'

রহস্যং শাস্ত্রাণাং যদপরিচিতং পূর্ব্ববিদুষাং
শ্রুতের্গূঢ়ং তত্ত্বং দশপরিমিতং প্রেমকলিতম্* ।
দয়ালুস্তদ্ যোঽসৌ প্রভুরতি-কৃপাভিঃ সমবদ-
চ্ছচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৭৪।।

সার) প্রীতিং হি (প্রীতিই) অকুরুত (করিয়াছিলেন), সঃ (সেই) শচীসূনঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৭১) যিনি শ্রীপরমানন্দ পুরীর প্রতি নিজ শ্রীগুরু-পাদপদ্মের যোগ্যা সুমধুরা ভক্তি, শ্রীগোবিন্দ-নামক বিশুদ্ধ সেবাশ্রিত ব্যক্তিকে দয়া এবং শ্রীস্বরূপদামোদরে মধুর-রসসার প্রীতিই করিয়াছিলেন, সেই শ্রীশচীনন্দন আমার স্মরণপথে নিত্যকাল উদিত হউন।

(অঃ --৭২) কৌপীনং (কৌপীন) [এবং] শোভনময়ং (উজ্জ্বলতাময়) অরুণং (অরুণবর্ণ) বসনং (বস্ত্র) দধানঃ (পরিধান করিয়া), সকল-সুশরীরে (সমগ্র সুচারু দেহে) সুবর্ণাদ্রেঃ (স্বর্ণপর্ব্বতের) শোভাং দধৎ (শোভাধারী), রাধাকৃষ্ণং ('রাধা-কৃষ্ণ' নাম) জপন্ (কীর্ত্তনকারী), অপি (এবং) গলদুদক-ধারাক্ষিযুগলঃ (বিগলিত জলধারা দ্বারা প্লাবিত নয়ন-যুগল যাঁহার), সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অঃ --৭৩) জনৈঃ (সঙ্গিগণের) সহ (সঙ্গে) মধুর-হরিনামাবলিং (মধুর হরিনাম-সমূহ) মুদা (আনন্দ-ভরে) উচ্চৈঃ (উচ্চস্বরে) গায়ন্

৭৪।* ' প্রেমকলিতম্'

আম্নায়ঃ প্রাহ তত্ত্বং হরিমিহ পরমং
সর্ব্বশক্তিং রসাব্ধিং
তদ্ভিন্নাংশাংশ্চ জীবান্ প্রকৃতি-কবলিতাং-
স্তদ্বিমুক্তাংশ্চ ভাবাৎ।
ভেদাভেদ-প্রকাশং সকলমপি হরেঃ
সাধনং শুদ্ধভক্তিং
সাধ্যং তৎপ্রীতিমেবেত্যু পদিশতি হরি-
র্গৌরচন্দ্রো ভজে তম্ * ।।৭৫।।

(কীর্ত্তনপূর্ব্বক), রে রে (ওহে) 'হরি হরি' ইতি অক্ষরযুগং ('হরি হরি' -- এই দুইটী অক্ষর) বদ (বল) [ইহা] কাক্বা (আর্ত্তিভরে) বদন্ (বলিতে বলিতে) মন্দং মন্দং (ধীরে ধীরে) নটন্ (নৃত্য করিতে করিতে) নগরপথগামী (নগরের পথে পথে ভ্রমণকারী), অহো (আহা) ! সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৭২) কৌপীন ও উজ্জ্বল অরুণবর্ণ বস্ত্র পরিধান করিয়া সমগ্র সুচারু দেহে স্বর্ণপর্ব্বতের শোভাধারী, 'রাধা-কৃষ্ণ' নাম-কীর্ত্তনকারী, বিগলিত অশ্রুধারায় প্লাবিত-নয়নযুগল সেই শ্রীশচীনন্দন আমার স্মরণপথে নিত্যকাল উদিত হউন।

(অনুঃ --৭৩) সঙ্গিগণ-সঙ্গে মধুর হরিনাম-সমূহ আনন্দে উচ্চ-স্বরে কীর্ত্তনপূবর্বক, --"ওহে; 'হরি হরি'--এই দুইটী কথা বল" --ইহা আর্ত্তিভরে বলিতে বলিতে, ধীরে ধীরে নৃত্য করিতে করিতে নগরের পথে পথে ভ্রমণকারী আহা ! সেই শ্রীশচীনন্দন আমার স্মরণপথে নিত্যকাল উদিত হউন।

৭৫।* জনান্ গৌরচন্দ্রঃ স্বয়ং সঃ। অথবা 'হরিঃ কৃষ্ণ-চৈতন্যচন্দ্রঃ।'

স্বতঃসিদ্ধো বেদো হরিদয়িত-বেধঃপ্রভৃতিতঃ
প্রমাণং সৎপ্রাপ্তঃ * প্রমিতিবিষয়াংস্তান্নববিধান্।
তথা-প্রত্যক্ষাদি-প্রমিতিসহিতং সাধয়তি নো
ন যুক্তিস্তর্কাখ্যা প্রবিশতি তথা-শক্তিরহিতা †।।৭৬।।
হরিস্ত্বেকং তত্ত্বং বিধি-শিব-সুরেশ-প্রণমিতো
যদেবেদং ব্রহ্মপ্রকৃতি-রহিতং তত্তনুমহঃ।
পরাত্মা তস্যাংশো জগদনুগতো বিশ্বজনকঃ
স বৈ রাধাকান্তো নবজলদ-কান্তিশ্চিদুদয়ঃ।।৭৭।।

(অঃ --৭৪) শাস্ত্রাণাং (সকল শাস্ত্রের) রহস্যং (গূঢ় মর্ম্ম), পূর্ব্ববিদুষাং (পূর্ব্ব পন্ডিতগণের) অপরিচিতং (অজ্ঞাত), প্রেমকলিতং (ভক্তিদ্বারাই বোধগম্য), শ্রুতেঃ (বেদশাস্ত্রের) যৎ (যে) দশপরিমিতং (দশসংখ্যক), গূঢ়ং তত্ত্বং (নিগূঢ় সিদ্ধান্ত) তৎ (তাহা) যঃ (যে) দয়ালুঃ (দয়াময়) প্রভুঃ (মহাপ্রভু) অতি-কৃপাভিঃ (অতিশয় কৃপাবশতঃ) সমবদৎ (উপদেশ করিয়াছিলেন), সঃ অসৌ শচীসূনুঃ (সেই ঐ শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অঃ --৭৫) ইহ (এই জগতে) আম্নায়ঃ (সদ্‌গুরু-পরম্পরা প্রাপ্ত বেদশাস্ত্র) হরিং (শ্রীহরিকে) পরমং তত্ত্বং (পরম তত্ত্ব) সর্ব্বশক্তিং (সকল শক্তির আধার) [ও] রসাব্ধিং (রসসমুদ্র) প্রাহ (বলেন) ; জীবান্ চ (এবং জীবগণকে) তদ্ভিন্নাংশান্ (শ্রীহরির বিভিন্নাংশ), [বহির্ম্মুখতা বশতঃ জীবগণ] প্রকৃতি-কবলিতান্ (প্রকৃতি বা মায়ার কবলে পতিত) ভাবাৎ চ (এবং ভাব বা রতির উদয়ে) তদ্বিমুক্তান্ (সেই মায়ার কবল হইতে সম্পূর্ণ মুক্ত) [হইবার যোগ্য বলেন]; সকলম্ অপি (সমস্ত বস্তুই) হরেঃ (শ্রীহরির) [যুগপৎ]

৭৬। * প্রাপ্তং , † যতঃশক্তিরহিতা।

পরাখ্যায়াঃ শক্তেরপৃথগপি স স্বে মহিমনি
স্থিতো জীবাখ্যাং স্বামচিদভিহিতাং তাং ত্রিপদিকাম্।
স্বতন্ত্রেচ্ছঃ শক্তিং সকলবিষয়ে প্রেরণপরো*
বিকারাদ্যৈঃ শূন্যঃ পরম পুরুষোঽসৌ বিজয়তে।।৭৮।।
স বৈ হ্লাদিন্যাশ্চ প্রণয়বিকৃর্তেহ্লাদনরত-
স্তথা সম্বিচ্ছক্তি-প্রকটিত-রহোভাবরসিতঃ।
তয়া † শ্রীসন্ধিন্যা কৃতবিশদ- তদ্ধামনিচয়ে
রসাম্ভোধৌ মগ্নো ব্রজরস-বিলাসী বিজয়তে।।৭৯।।

ভেদাভেদপ্রকাশং (ভেদ-প্রকাশ ও অভেদপ্রকাশ), শুদ্ধ ভক্তিং (শুদ্ধ ভক্তিকে) সাধনং (সাধন) [এবং] তৎপ্রীতিং এব (সেই শ্রীহরির প্রেমকেই) সাধ্যং (সাধ্য) [বলেন] ; ইতি (ইহা) [যে] হরিঃ গৌরচন্দ্রঃ (শ্রীহরি শ্রীগৌরচন্দ্র) উপদিশতি (শিক্ষা দেন), তং (তাঁহাকে) ভজে (আমি ভজন করি)।

(অনুঃ --৭৪) (যাহা) সকল শাস্ত্রের গূঢ় মর্ম্ম, (যাহা) পূর্ব্ব পূর্ব্ব পন্ডিতগণের অজ্ঞাত, (যাহা) ভক্তির দ্বারাই বোধগম্য, বেদশাস্ত্রের এই যে দশটী গূঢ় সিদ্ধান্ত -- তাহা যে দয়াময় প্রভু পরমকৃপা-পূর্ব্বক উপদেশ করিয়াছিলেন, সেই ঐ শ্রীশচীনন্দন আমার স্মৃতিপথে নিত্যকাল উদিত হউন।

(অনুঃ --৭৫) এই জগতে সদ্‌গুরু-পরম্পরা-প্রাপ্ত বেদশাস্ত্র (আম্নায়) শ্রীহরিকে পরম তত্ত্ব, সকল শক্তির আধার ও রসসমুদ্র বলেন ;জীবগণকে শ্রীহরির বিভিন্নাংশ, [বহির্ম্মুখতাহেতু] মায়ার কবলে পতিত এবং ভাব বা রতির উদয়ে তাহা হইতে সম্পূর্ণ মুক্ত হইবার যোগ্য বলেন ; সকল বস্তুই যুগপৎ শ্রীহরির ভেদাভেদ প্রকাশ, শ্রীহরির শুদ্ধ ভক্তিকে সাধন এবং শ্রীহরির

৭৮। * 'প্রেরয়তি যো' ৭৯। † 'তথা'

স্ফুলিঙ্গা ঋদ্ধাগ্নেরিব চিদণবো জীবনিচয়া
হরেঃ সূর্য্যস্যেবাপৃথগপি* তু তদ্ভেদ-বিষয়াঃ।
বশে মায়া যস্য প্রকৃতি-পতিরেবেশ্বর ইহ
স জীবো মুক্তোঽপি প্রকৃতি-বশযোগ্যঃ স্বগুণতঃ।।৮০।।
স্বরূপার্থৈর্হীনান্ নিজসুখপরান্ কৃষ্ণবিমুখান্
হরের্মায়া দন্ড্যান্ গুণনিগড়-জালৈঃ কলয়তি।
তথা স্থূলৈর্লিঙ্গৈর্দ্বিবিধ-বরণৈঃ ক্লেশনিকরৈ-
র্মহাকর্ম্মালানৈর্নয়তি পতিতান্ স্বর্গ-নিরয়ৌ।।৮১।।

প্রেমকেই সাধ্য বলে;—ইহা যে শ্রীহরি শ্রীগৌরচন্দ্র শিক্ষা দেন, তাঁহাকে আমি ভজন করি।

(অঃ --৭৬) হরিদয়িত-বেধঃপ্রভৃতিতঃ (শ্রীভগবানের প্রিয়সেবক ব্রহ্মাদিক্রমে) প্রাপ্তঃ (প্রাপ্ত) সৎ (নির্দ্দোষ ও নিত্য) প্রমাণং (প্রমাণ) স্বতঃসিদ্ধঃ (স্বয়ংসিদ্ধ) বেদঃ (বেদ) তথাপ্রত্যক্ষাদি-প্রমিতি-সহিতং (তাদৃশ নির্দ্দোষ প্রত্যক্ষাদি প্রমাণ-সহকারে) নঃ (আমাদের জন্য) তান্ (সেই সকল) নববিধান্ (নয় প্রকার) প্রমিতি-বিষয়ান্ (প্রমাণের বিষয়-প্রমেয়) সাধয়তি (সাধন বা প্রমাণিত করেন)। তথাশক্তিরহিতা (তাদৃশ নির্দ্দোষ-প্রমাণসামর্থ্যরহিত) তর্কাখ্যা (কেবল তর্ক-নামক) যুক্তিঃ (বিচার) ন প্রবিশতি (প্রমাণ-শ্রেণীমধ্যে প্রবিষ্ট হয় না)।

(অনুঃ --৭৬) শ্রীহরির প্রিয়সেবক ব্রহ্মাদি-ক্রমে প্রাপ্ত, নির্দ্দোষ ও নিত্য প্রমাণ—স্বয়ংসিদ্ধ বেদ, -- তাদৃশ অর্থাৎ বেদানুগত্য-হেতু নির্দ্দোষ প্রত্যক্ষাদি প্রমাণ-সহকারে আমাদিগের নিকট সেই সকল নয়-প্রকার প্রমেয় (প্রমাণের বিষয়) প্রমাণিত করেন। ঐরূপ নির্দ্দোষ-প্রমাণসামর্থ্য রহিত কেবলতর্ক-নামক

৮০। * 'সূর্য্যসোবাপৃথগপি'

যদা ভ্রামং ভ্রামং হরিরস-গলদ্বৈষ্ণবজনং
কদাচিৎ সংপশ্যংস্তদনুগমনে স্যাদ্রুচিযুতঃ।
তদা কৃষ্ণাবৃত্ত্যা ত্যজতি শনকৈর্মায়িকদশাং
স্বরূপং বিভ্রাণো বিমলরস-ভোগং স কুরুতে।।৮২।।
হরেঃ শক্তেঃ সর্ব্বং চিদচিদখিলং স্যাৎ পরিণতি
বিবর্ত্তং নো সত্যং শ্রুতিমত-বিরুদ্ধং কলিমলম্।
হরের্ভেদাভেদৌ শ্রুতিবিহিত-তত্ত্বং সুবিমলং
ততঃ প্রেম্ণঃ সিদ্ধির্ভবতি নিতরাং নিত্যবিষয়ে।।৮৩।।

যুক্তি প্রমাণ শ্রেণীমধ্যে প্রবেশাধিকার প্রাপ্ত হয় না।

(অঃ --৭৭) বিধি-শিব-সুরেশ-প্রণমিতঃ (ব্রহ্মা, শিব, ইন্দ্র-কর্ত্তৃক প্রণমিত) হরিঃ তু (শ্রীহরিই) একং (অদ্বিতীয়) তত্ত্বং (সত্য বস্তু) ; প্রকৃতিরহিতং (মায়াতীত) যৎ (যে) ব্রহ্ম, ইদং (ইহা) তত্তনুমহঃ (শ্রীহরির দেহ প্রভা) ; বিশ্বজনকঃ (বিশ্বস্রষ্টা) জগদনুগতঃ (জগতে প্রবিষ্ট) পরাত্মা (পরমাত্মা) তস্য (শ্রীহরির) অংশঃ (অংশ) ; সঃ বৈ (সেই শ্রীহরি) চিদুদয়ঃ (চিন্ময়স্বরূপ) নবজলদ-কান্তিঃ (নব-নীরদাকান্তি) রাধাকান্তঃ (শ্রীকৃষ্ণ)।

(অনুঃ --৭৭) ব্রহ্মা-শিব-ইন্দ্রের পূজিত শ্রীহরিই অদ্বিতীয়, সত্য বস্তু ; মায়াতীত যে ব্রহ্ম--ইহা শ্রীহরির দেহ-প্রভা ; জগতের সৃষ্টিকর্ত্তা ও জগতে অনুপ্রবিষ্ট পরমাত্মা -- শ্রীহরির অংশ ; সেই শ্রীহরিই -- চিন্ময়-স্বরূপ নবনীরদ-কান্তি রাধাকান্ত শ্রীকৃষ্ণ।

(অঃ --৭৮) সঃ অসৌ (ঐ সেই) পরমপুরুষঃ (পরমপুরুষ--শ্রীকৃষ্ণ) পরাখ্যায়াঃ (পরা-নাম্নী) শক্তেঃ (শক্তি হইতে) অপৃথক্ অপি (অভিন্ন হইয়াও)

স্বে (নিজ) মহিমনি (মহিমায়--অখন্ডস্বরূপে) স্থিতঃ (অবস্থিত থাকিয়া) স্বতন্ত্রেচ্ছঃ (স্বেচ্ছাময়রূপে) স্বাং (স্বরূপশক্তি), জীবাখ্যাং (জীবশক্তি), অচিদভিহিতাং (জড়শক্তি) [এইরূপে] ত্রিপদিকাং (ত্রিপদ-বিশিষ্ট) তাং (সেই-পরা) শক্তিং (শক্তিকে) সকলবিষয়ে প্রেরণপরঃ (সকল বিষয়ে পরিচালনাপর হইয়া) [অথচ, স্বয়ং] বিকারাদ্যৈঃ শূন্যঃ (বিকারাদিশূন্য থাকিয়া) বিজয়তে (বিজয়ী হইতেছেন)।

(অঃ --৭৯) সঃ বৈ (সেই শ্রীকৃষ্ণ) তয়া (সেই) শ্রীসন্ধিন্যা (সন্ধিনীশক্তি-দ্বারা) কৃতবিশদ-তদ্ধামনিচয়ে (প্রকাশিত নির্ম্মল কৃষ্ণধাম সকলে) সম্বিচ্ছক্তি-প্রকটিত-রহোভাবরসিতঃ (সম্বিদ্বৃত্তিদ্বারা প্রকাশিত অন্তরঙ্গভাবে বা ভোক্তৃভাবে আস্বাদনপর হইয়া) চ (এবং) তথা (তদ্রূপ) হ্লাদিন্যাঃ (হ্লাদিনীবৃত্তিকৃত) প্রণয়বিকৃতেঃ (কৃষ্ণপ্রেম পরিণতির) হ্লাদনরতঃ (আনন্দবিধানে ব্যাপৃত থাকিয়া) রসাম্ভোধৌ (রসসমুদ্রে) মগ্নঃ (নিমজ্জিত) [ও] ব্রজরস-বিলাসী (ব্রজের বিবিধরসে বিলাসশীল হইয়া) বিজয়তে (বিজয়ী হইতেছেন)।

(অনুঃ --৭৮) ঐ পরমপুরুষ শ্রীকৃষ্ণ তাঁহার 'পরা'-নাম্নী শক্তি হইতে অভিন্ন হইয়াও নিজ অখন্ডস্বরূপে অবস্থিত থাকিয়া স্বেচ্ছাময়-রূপে--স্বরূপশক্তি, জীবশক্তি, জড়শক্তি--এইরূপে ত্রিপদ-বিশিষ্টা সেই 'পরা' শক্তিকে সকল বিষয়ে পরিচালনা করিয়াও স্বয়ং বিকারাদিশূন্য থাকিয়া জয়যুক্ত হইতেছেন।

(অনুঃ --৭৯) সেই শ্রীকৃষ্ণ সেই পরাশক্তির সন্ধিনী-বৃত্তি দ্বারা প্রকাশিত নির্ম্মল কৃষ্ণধাম-সকল সম্বিদ্-বৃত্তিদ্বারা প্রকাশিত ভোক্তৃভাবে আস্বাদনপর এবং তদ্রূপ হ্লাদিনীবৃত্তি-কৃত প্রেমপরিণতির আনন্দ-বিধানে ব্যাপৃত থাকিয়া রসসমুদ্রে মগ্ন ও ব্রজের বিবিধরসে বিলাসশীল হইয়া বিজয়ী হইতেছেন।

(অঃ --৮০) জীবনিচয়াঃ (জীবসকল) ঋদ্ধাগ্নেঃ (সমৃদ্ধ অগ্নির) স্ফুলিঙ্গাঃ ইব (স্ফুলিঙ্গের ন্যায়) সূর্য্যস্য হরেঃ (সূর্য্যস্বরূপ শ্রীহরির) চিদণবঃ ইব (চিৎপরমাণু-তুল্য), [অতএব] অপৃথক্ অপি (অভিন্ন হইলেও) তু (কিন্তু), তদ্ভেদবিষয়াঃ (তাঁহার হইতে ভিন্ন বিষয়)। মায়া (ভগবচ্ছক্তি) যস্য (যাঁহার) বশে (বশীভূতা), সঃ এব (তিনিই) ইহ (এই স্থলে) প্রকৃতিপতিঃ (মায়াধীশ) ঈশ্বরঃ (শ্রীভগবান্) ; জীবঃ (জীব) মুক্তঃ অপি (স্বরূপে মায়াতীত হইলেও) স্বগুণতঃ (নিজধর্ম্মবশতঃ) প্রকৃতিবশ-যোগ্যঃ (মায়ার বশীভূত হওয়ার যোগ্য)।

শ্রুতিঃ কৃষ্ণাখ্যানং স্মরণ-নতি-পূজাবিধি-গণা-
স্তথা দাস্যং সখ্যং পরিচরণমপ্যাত্মদদনম্।
নবাঙ্গান্যেতানীহ বিধিগত-ভক্তেরনুদিনং
ভজন্ শ্রদ্ধাযুক্তঃ সুবিমল-রতিং বৈ স লভতে * ৮৪।।

(অনুঃ --৮০) জীবসকল প্রজ্বলিত অগ্নির স্ফুলিঙ্গের ন্যায় সূর্য্যস্বরূপ শ্রীহরিরই চিৎ-পরমাণু, [অতএব] অপৃথক্ হইলেও কিন্তু, তাঁহা হইতে ভিন্ন বিষয়। মায়া যাঁহার অধীন, তিনিই মায়াধীশ শ্রীভগবান্ ; জীব স্বরূপে মায়াতীত হইলেও নিজধর্ম্মবশতঃ মায়ার বশীভূত হইবার যোগ্য।

(অঃ --৮১) হরেঃ (শ্রীহরির) মায়া (জড়মায়া--মহামায়া) কৃষ্ণবিমুখান্ (কৃষ্ণবিমুখ) স্বরূপার্থৈঃ হীনান্ (নিজ বাস্তব স্বরূপের প্রয়োজন-জ্ঞানহীন) নিজসুখ-পরান্ (নিজের ভোগসুখে তৎপর) পতিতান্ (পতিত) [অতএব] দন্ড্যান্ (দন্ডযোগ্য) [জীবগণকে] গুণনিগড়জালৈঃ (গুণত্রয়ের শৃঙ্খলজাল) স্থূলৈঃ (স্থূলদেহ) লিঙ্গৈঃ (ও সূক্ষ্মদেহ-রূপ) দ্বিবিধবরণৈঃ (দ্বিবিধ আবরণ-দ্বারা) কলয়তি (আবদ্ধ করেন), তথা (এবং) ক্লেশনিকরৈঃ (দুঃখসার) মহাকর্ম্মালানৈঃ (বিশাল কর্ম্মবন্ধন দ্বারা) ,স্বর্গনিরয়ৌ (স্বর্গ ও নরকে) নয়তি (লইয়া যান)।

৮৪। * 'নবাঙ্গানি শ্রদ্ধাপবিত-হৃদয়ঃ সাধয়তি বা
ব্রজে সেবালুব্ধ বিমলরস ভাবঃ স লভতে।।'

স্বরূপাবস্থানে মধুররস-ভাবোদয় ইহ
ব্রজে রাধাকৃষ্ণ-স্বজনজন-ভাবঃ হৃদি বহন্।
পরানন্দে প্রীতিং জগদতুল-সম্পৎ-সুখমথো *
বিলাসাখ্যে তত্ত্বে পরমপরিচর্য্যাং স লভতে।।৮৫।।
প্রভুঃ কঃ কো জীবঃ কথমিদমচিদ্বিশ্বমিতি বা
বিচার্য্যৈতানর্থান্ হরিভজন-কৃচ্ছাস্ত্র-চতুরঃ।
অভেদাশাং ধর্ম্মান্ সকলমপরাধং পরিহরন্
হরের্নামানন্দং পিবতি হরিদাসো হরিজনৈঃ।।৮৬।।

(অঃ --৮২) যদা (যখন) [সেই জীব নানা-যোনি] ভ্রামং ভ্রামং (ভ্রমণ করিতে করিতে) কদাচিৎ (কখনও) হরিরস-গলদ্বৈষ্ণবজনং (কৃষ্ণ-প্রেমরসে বিগলিত বৈষ্ণবজনকে) সংপশ্যন্ (দর্শন করিয়া) তদনুগমনে (তাঁহার অনুগমনে) রুচিযুতঃ (রুচিবিশিষ্ট) স্যাৎ (হইতে পারে), তদা (তখন) সঃ (সে) কৃষ্ণাবৃত্ত্যা (কৃষ্ণনামের অনুক্ষণ কীর্ত্তন-দ্বারা) শনকৈঃ (ক্রমে ক্রমে) মায়িকদশাং (মায়াগ্রস্ত-দশা) ত্যজতি (ত্যাগ করে) [এবং] স্বরূপং (স্বরূপ) বিভ্রাণঃ (ধারণ করত) বিমলরস-ভোগং (নির্ম্মল কৃষ্ণসেবানন্দ আস্বাদন) কুরুতে (করে)।

(অনুঃ --৮১) শ্রীহরির (শক্তি) জড়মায়া (মহামায়া) কৃষ্ণবিমুখ, [অতএব] নিজ বাস্তব স্বরূপের প্রয়োজন জ্ঞান-রহিত নিজ-ভোগসুখে তৎপর, পতিত, [অতএব] দন্ডযোগ্য জীবগণকে ত্রিগুণের শৃঙ্খলজাল স্থূল ও সূক্ষ্ম দেহরূপ দ্বিবিধ আবরণ দ্বারা আবদ্ধ করেন এবং দুঃখ-সার বিশাল কর্ম্মবন্ধন-দ্বারা তাহাদিগকে স্বর্গ ও নরকে লইয়া যান।

(অনুঃ --৮২) যখন [সেই জীব নানা-যোনি] ভ্রমণ করিতে করিতে কখনও কৃষ্ণপ্রেমরসে বিগলিত বৈষ্ণবজনকে দর্শন করিয়া তাঁহার অনুগমনে রুচি-বিশিষ্ট হইতে পারে, তখন সে শ্রীকৃষ্ণ-নামের অনুক্ষণ কীর্ত্তন-দ্বারা ক্রমে

৮৫। * 'অহো'

সংসেব্য দশমূলং বৈ হিত্বাবিদ্যাময়ং জনঃ।
ভাবপুষ্টিং তথা তুষ্টিং লভতে সাধুসঙ্গতঃ।।৮৭।।

ক্রমে মায়াবদ্ধ-দশা ত্যাগ করে [এবং] স্বরূপ ধারণ করত নির্ম্মল শ্রীকৃষ্ণসেবানন্দ আস্বাদন করে।

(অঃ --৮৩) চিদচিৎ (চেতন ও অচেতন) অখিলং (নিঃশেষ) সর্ব্বং (সমস্ত জগৎ) হরেঃ (শ্রীহরির) শক্তেঃ (শক্তির) পরিণতিঃ (পরিণাম) স্যাৎ (বটে) ; শ্রুতিমত-বিরুদ্ধং (শ্রুতিশাস্ত্রের মতের বিরুদ্ধ) , কলিমলং (কলির মলস্বরূপ) বিবর্ত্তং (বিবর্ত্তবাদ) সত্যং নো (সত্য নহে) ; হরেঃ (শ্রীহরি হইতে) [যুগপৎ]) ভেদাভেদৌ (ভেদ ও অভেদ) (অচিন্ত্য-ভেদাভেদ-সিদ্ধান্তই) সুবিমলং (অতি নির্দ্দোষ) শ্রুতিবিহিত-তত্ত্বং (শ্রুতির নির্দ্ধারিত তত্ত্ব) ; ততঃ (তাহা হইতে) নিত্যবিষয়ে (নিত্য বস্তুতে) প্রেম্ণঃ (প্রীতির) নিতরাং (পূর্ণ) সিদ্ধিঃ (সিদ্ধি) ভবতি (হয়)।

(অঃ --৮৪) শ্রুতিঃ (শ্রবণ) কৃষ্ণাখ্যানং (কৃষ্ণ-কীর্ত্তন) স্মরণনতি-পূজাবিধিগণাঃ (স্মরণ-বন্দন-অর্চ্চন-বিধানসকল) দাস্যং (দাস্য) সখ্যং (সখ্য) পরিচরণং (পরিচর্য্যা--পাদসেবন) তথা (এবং) আত্মদদনম্ অপি (আত্ম-নিবেদনও) --বিধিগত-ভক্তেঃ (বিধির অনুগামিনী ভক্তির) এতানি (এই) নব (নয়টী) অঙ্গানি (অঙ্গ), সঃ (সে--জীব) শ্রদ্ধাযুক্তঃ (শ্রদ্ধার সহিত) অনুদিনং (প্রতিদিন) ভজন্ (সেবা করিয়া) সুবিমলরতিং (বিশুদ্ধরতি) বৈ লভতে (লাভ করে)।

(অনুঃ --৮৩) চেতন ও অচেতন নিঃশেষ সমস্ত জগৎ শ্রীহরির শক্তির পরিণাম বটে ; শ্রুতিশাস্ত্রের মতের বিরুদ্ধ , কলির মল-স্বরূপ বিবর্ত্তবাদ সত্য নহে ; শ্রীহরি হইতে যুগপৎ ভেদ ও অভেদ [অর্থাৎ অচিন্ত্য-ভেদাভেদসিদ্ধান্তই]

ইতিপ্রায়াং শিক্ষাং চরণমধুপেভ্যঃ পরিদিশন্
গলন্নেত্রাম্ভোভিঃ স্নপিত-নিজদীর্ঘোজ্জ্বল-বপুঃ।
পরানন্দাকারো জগদতুল-বন্ধুর্যতিবরঃ
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৮৮।।

শ্রুতিশাস্ত্রের নির্দ্ধারিত অতিনির্দ্দোষ তত্ত্ব ; তাহা হইতে নিত্যবস্তুতে প্রীতির পূর্ণ-সিদ্ধি হয়।

(অনুঃ --৮৪) শ্রবণ, কৃষ্ণ-কীর্ত্তন, স্মরণ, বন্দন, অর্চ্চন-বিধানসমূহ,দাস্য, সখ্য, পাদসেবন ও আত্ম-নিবেদন --বিধির অনুগামিনী ভক্তির এই নয়টী অঙ্গ সেই জীব শ্রদ্ধার সহিত প্রতিদিন সেবা করিয়া বিশুদ্ধ -রতি লাভ করেন।

(অঃ --৮৫) ইহ (এই জগতে) [থাকাকালে] স্বরূপাবস্থানে (স্বরূপে অবস্থিতি হইলে) মধুররস-ভাবোদয়ে (মধুররসের ভাবের উদয়ে) সঃ (সেই সাধক-জীব) ব্রজে (শ্রীবৃন্দাবনে) রাধাকৃষ্ণ-স্বজন-জনভাবং (শ্রীশ্রীরাধাকৃষ্ণের নিজ অন্তরঙ্গ-জনের সেবকের ভাব) হৃদি (অন্তরে) বহন্ (ধারণ করিয়া) পরানন্দে প্রীতিং (কৃষ্ণপ্রেমানন্দে অনুরাগ), জগদতুল-সম্পৎসুখং (জগতে অতুলনীয় সম্পদের সুখ), অথো (অনন্তর) বিলাসাখ্যে (শ্রীরাধাকৃষ্ণের বিলাস-নামক) তত্ত্বে (বিষয়ে) পরমপরিচর্য্যাং (শ্রেষ্ঠসেবা) লভতে (প্রাপ্ত হ'ন)।

(অঃ --৮৬) হরিভজন-কৃৎ (হরিভজনকারী) শাস্ত্রচতুরঃ (শাস্ত্রনিপুণ) হরিদাসঃ (হরিভক্ত) --প্রভুঃ কঃ (প্রভু অর্থাৎ কৃষ্ণ কে)? জীবঃ কঃ (জীব কে) ? কথং বা (কোথা হইতে) ইদং (এই) অচিৎ (জড়) বিশ্বং (বিশ্ব) -- ইতি এতান্ (এই সকল) অর্থান্ (বিষয়) বিচার্য্য (বিচারপূর্ব্বক) অভেদাশাং

গতির্গৌড়ীয়ানামপি সকল-বর্ণাশ্রমজুষাং
তথা চৌড্রীয়ানামতিসরল-দৈন্যাশ্রিতহৃদাম্।
পুনঃ পাশ্চাত্ত্যানাং সদয়মনসাং তত্ত্বসুধিয়াং
শচীসূনুঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৮৯।।

(নির্ব্বেদ-মুক্তির আকাঙ্খা), ধর্ম্মান্ (অপর সকল ধর্ম্ম), সকলং (সর্ব্বপ্রকার) অপরাধং (অপরাধ) পরিহরন্ (পরিত্যাগ করিয়া) হরিজনৈঃ (হরিভক্ত-সঙ্গে) হরেঃ (শ্রীহরির) নামানন্দং (নামানন্দ) পিবতি (পান করিতে থাকেন)।

(অঃ --৮৭) জনঃ (লোক) দশমূলং (দশমূলের) সংসেব্য (সম্যক্ সেবা-পূর্ব্বক) অবিদ্যাময়ং (অবিদ্যারোগ) হিত্বা (পরিহার করিয়া) সাধুসঙ্গতঃ (সাধুসঙ্গে) ভাবপুষ্টিং (প্রেমাস্পদ ভগবৎস্বরূপ-স্ফূর্ত্তি) তথা (এবং) তুষ্টিং (প্রেমলক্ষণা ভক্তিসুখ) বৈ লভতে (লাভ করে)।

(অঃ --৮৮) চরণমধুপেভ্যঃ (শ্রীচরণভৃঙ্গগণকে) ইতিপ্রায়াং (এইরূপ উপদেশপূর্ণ) শিক্ষাং (শিক্ষা) পরিদিশন্ (প্রদানকারী) গলন্নেত্রাম্ভোভিঃ (বিগলিত অশ্রুধারায়) স্নপিত-নিজদীর্ঘোজ্জ্বলবপুঃ (স্নাত নিজ দীর্ঘ উজ্জ্বল দেহ-বিশিষ্ট), পরানন্দাকারঃ (প্রেমানন্দমূর্ত্তি) জগদতুলবন্ধুঃ (জগতের অনুপম বন্ধু) যতিবরঃ (সন্ন্যাসিশ্রেষ্ঠ) সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হইন)।

(অনুঃ --৮৫) এই জগতে [থাকাকালে] স্বরূপে অবস্থিতিতে মধুররসের ভাবের উদয়ে সেই জীব ব্রজে শ্রীশ্রীরাধাকৃষ্ণের নিজ অন্তরঙ্গ-জনের সেবকের ভাব হৃদয়ে ধারণ করিয়া কৃষ্ণ-প্রেমানন্দে অনুরাগ, জগতে অতুলনীয় সম্পদের সুখ, অনন্তর শ্রীশ্রীরাধা-কৃষ্ণের 'বিলাস' -নামক ব্যাপারে শ্রেষ্ঠ-সেবা প্রাপ্ত হন।

অহো মিশ্রাগারে স্বপতি-বিরহোৎকণ্ঠ-হৃদয়ঃ
শ্লথাৎ সন্ধের্দৈর্ঘ্যং দধদতিবিশালং করপদোঃ।
ক্ষিতৌ ধৃত্বা দেহং বিকলিত-মতির্গদ্‌গদ বচাঃ
শচীসূনুঃ সাক্ষাৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৯০।।

(অনুঃ --৮৬) হরিভজনকারী শাস্ত্রনিপুণ হরিভক্ত-প্রভু কে? জীব কে? কোথা হইতে বা এই জড় বিশ্ব হইল? -- এই-সকল বিষয় বিচারপূর্ব্বক নির্ব্বেদ মুক্তির আকাঙ্ক্ষা, অপর সকল ধর্ম্ম, ও সর্ব্বপ্রকার অপরাধ পরিত্যাগ করিয়া হরিভক্ত সঙ্গে শ্রীহরির নাম রস পান করিতে থাকেন।

(অনুঃ--৮৭) এই দশ-মূলের সম্যক্ সেবাপূর্ব্বক লোক অবিদ্যারোগ পরিহার করিয়া সাধুসঙ্গে ভাবোদয়ে ভগবৎ স্বরূপ-স্ফূর্ত্তি ও প্রেমলক্ষণা ভক্তিসুখ লাভ করে।

(অনুঃ --৮৮) নিজ-চরণভৃঙ্গগণকে এইরূপ উপদেশ-পূর্ণ শিক্ষা-প্রদানকারী, বিগলিত অশ্রুধারায় স্নাত, নিজ দীর্ঘ উজ্জ্বল দেহ-বিশিষ্ট, প্রেমানন্দ-মূর্ত্তি, জগতের অনুপম বন্ধু, সন্ন্যাসিবর সেই শ্রীশচীনন্দন আমার স্মরণ-পথে নিত্যকাল উদিত হউন।

(অঃ --৮৯) অপি (অতএব) সকল-বর্ণাশ্রমজুষাং (সকল বর্ণ ও আশ্রম-গত) গৌড়ীয়ানাং (গৌড়ীয়গণের), তথাচ (তদ্রূপ) অতি-সরল-দৈন্যাশ্রিতহৃদাং (অতি সরল ও দীনহৃদয়-বিশিষ্ট) ঔট্রীয়ানাং (উৎকল-দেশীয়গণের), পুনঃ (আরও)--সদয়মনসাং (দয়ালু-হৃদয়) তত্ত্ব সুধিয়াং (তত্ত্বানুরাগী) পাশ্চাত্ত্যানাং (পশ্চিম-দেশীয়গণের) গতিঃ (আশ্রয়স্থল) সঃ (সেই) শচীসূনুঃ (শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণ পদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

গতো বদ্ধদ্বারাদুপলগৃহমধ্যাদ্বহিরহো
গবাং কালিঙ্গানামপি সমতিগচ্ছন্ বৃতিগণম্।
প্রকোষ্ঠে সঙ্কোচাদ্বত নিপতিতঃ কচ্ছপ ইব
শচীসূনুঃ সাক্ষাৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৯১।।

(অনুঃ --৮৯) অতএব সকল-বর্ণ ও আশ্রমগত গৌড়ীয়গণের তদ্রূপ অতিসরল ও দীনহৃদয়-বিশিষ্ট উৎকলদেশীয়গণের, আরও--দয়ালুহৃদয়, তত্ত্বানুরাগী পশ্চিম-দেশীয়গণের আশ্রয়-স্থল সেই শ্রীশচীনন্দন আমার স্মরণপথে নিত্যকাল উদিত হউন।

(অঃ—৯০) অহো (আহা)! স্বপতি-বিরহোৎকণ্ঠ-হৃদয়ঃ (নিজপতি কৃষ্ণের বিরহে উৎকণ্ঠাপূর্ণ-হৃদয়ে) শ্লথাৎ (শিথিল) সন্ধেঃ (দেহসন্ধিহেতু) করপদোঃ (হস্তপদের) অতিবিশালং (অত্যধিক) দৈর্ঘ্যং দধৎ (দৈর্ঘ্য-বিশিষ্ট) দেহং (দেহ) মিশ্রাগারে (কাশীমিশ্রের গৃহে) ক্ষিতৌ (ভূমিতে) ধৃত্বা (স্থাপন করিয়া) [শয়ান] বিকলিত-মতিঃ (সংজ্ঞাহীন) গদ্‌গদবচাঃ (অব্যক্ত-বাক্যযুক্ত) সঃ শচীসূনুঃ (সেই শ্রীশচীনন্দন) মে স্মরণপদবীং (আমার স্মরণপথে) সাক্ষাৎ (প্রত্যক্ষ ভাবে বা স্বয়ং) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৯০) আহা! নিজপতি শ্রীকৃষ্ণের বিরহে উৎকণ্ঠিত-হৃদয়ে শিথিল দেহসন্ধি-হেতু হস্তপদের অত্যধিক দৈর্ঘ্যবিশিষ্ট দেহখানি কাশীমিশ্রের গৃহে ভূমিতে স্থাপন করিয়া [শয়ান] সংজ্ঞাহীন, গদ্‌গদবাক্যযুক্ত সেই শ্রীশচীনন্দন আমার স্মৃতিপথে প্রত্যক্ষভাবে বা স্বয়ং উদিত হউন।

(অঃ --৯১) অহো (আশ্চর্য্য)! বদ্ধদ্বারাৎ (বদ্ধ দ্বার) উপলগৃহমধ্যাৎ (প্রস্তর-গৃহের মধ্য হইতে) বহির্গতঃ (বাহির হইয়া) বৃতিগণং অপি (প্রাচীর-সকলও) সমতিগচ্ছন্ (অতিক্রম করিয়া) কালিঙ্গানাং (কলিঙ্গদেশীয়) গবাং

ব্রজারণ্যং স্মৃত্বা বিরহ-বিকলান্তর্বিলপিতো
মুখং সংঘৃষ্যাসৌ* রুধিরমধিকং তদ্দধদহো।
ক্ক মে কান্তঃ কৃষ্ণো বদ বদ বদেতি প্রলপিতঃ
শচীসূনুঃ সাক্ষাৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৯২।।
পয়োরাশেস্তীরে চটক-গিরিরাজে সিকতিলে
ব্রজন্ গোষ্ঠে গোবর্দ্ধন-গিরিপতিং লোকিতুমহো।
গণৈঃ সার্দ্ধং গৌরো দ্রুতগতি-বিশিষ্টঃ প্রমুদিতঃ
শচীসূনুঃ সাক্ষাৎ স্মরণপদবীং গচ্ছতু স মে।।৯৩।।

(গাভীগণের) প্রকোষ্ঠে (সিংহদ্বার-পার্শ্বস্থিত কোঠায়) বত (হায়)! [অঙ্গের] সংকোচাৎ (সংকোচহেতু) কচ্ছপঃ ইব (কচ্ছপের ন্যায়) নিপতিতঃ (পতিত) সঃ শচীসূনুঃ (সেই শ্রীশচীনন্দন) সাক্ষাৎ (প্রত্যক্ষভাবে) মে স্মরণপদবীং (আমার স্মরণপথে) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৯১) আশ্চর্য্য! বদ্ধদ্বার প্রস্তর-গৃহের মধ্য হইতে বাহির হইয়া প্রাচীর-সকলও অতিক্রম করিয়া কলিঙ্গদেশীয় [তৈলঙ্গী] গাভীগণের কোঠায় হায়! অঙ্গের, সংকোচহেতু কচ্ছপের ন্যায় পতিত সেই শ্রীশচীনন্দন প্রত্যক্ষভাবে আমার স্মরণ-পথে উদিত হউন।

(অঃ --৯২) অহো (আহা)! ব্রজারণ্যং (ব্রজবন) স্মৃত্বা (স্মরণ করিয়া) বিরহ-বিকলান্তঃ (বিরহবিহ্বল-হৃদয়ে) বিলপিতঃ (বিলাপযুক্ত) অসৌ (সেই প্রভু) [ঘরের দেওয়ালে] মুখং (মুখ) সংঘৃষ্য (ঘর্ষণ করিয়া) তৎ (সেই মুখে) অধিকং (প্রচুর) রুধিরং (রক্ত) দধৎ (ধারণকারী), মে (আমার) কান্তঃ (প্রিয়তম) কৃষ্ণঃ (কৃষ্ণ) ক্ক (কোথায়)--বদ বদ বদ (বল বল বল) ইতি (এইরূপ)

৯২। * 'সংঘৃষ্যায়ং'

যস্যানুকম্পা সুখদা জনানাং
সংসার-কূপাদ্রঘুনাথদাসম্।
উদ্ধৃত্য গুঞ্জাঃ শিলয়া দদৌ সা
তং গৌরচন্দ্রং প্রণমামি ভক্ত্যা।।৯৪।।

প্রলপিতঃ (প্রলাপ করিয়াছিলেন) ; সঃ শচীসূনুঃ (সেই শ্রীশচীনন্দন) মে স্মরণপদবীং (আমার স্মরণ-পথে) সাক্ষাৎ গচ্ছতু (প্রত্যক্ষ-ভাবে উদিত হউন)।

(অঃ --৯৩) অহো (আহা)! পয়োরাশেঃ (সমুদ্রের) তীরে (উপকূলে) গণৈঃ সার্দ্ধং (নিজগণসহ) ব্রজন্ (যাইতে যাইতে) গৌরঃ (শ্রীগৌরসুন্দর) গোষ্ঠে (ব্রজে) [স্থিত] গোবর্দ্ধন-গিরিপতিং (পর্ব্বতরাজ গোবর্দ্ধনকে) লোকিতুং (দর্শন করিবার) [ভাবে] সিকতিলে (বালুকাময়) চটকগিরিরাজে (গিরিবর চটকের) [দিকে] দ্রুতগতি-বিশিষ্টঃ (দ্রুতপদে ধাবিত হইয়া) প্রমুদিতঃ (আনন্দবিহ্বল হইয়াছিলেন), সঃ শচীসূনুঃ (সেই শ্রীশচীনন্দন) মে (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) সাক্ষাৎ (স্বয়ং) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ--৯২) আহা! ইনি ব্রজবন-স্মরণে বিরহ-বিহ্বল-হৃদয়ে বিলাপযুক্ত হইয়া, [ঘরের দেওয়ালে] মুখ ঘর্ষণ করিয়া সেই মুখে প্রচুর রক্ত ধারণপূর্ব্বক, "আমার প্রিয়তম কৃষ্ণ কোথায় বল বল বল"--এইরূপ প্রলাপ করিয়াছিলেন। সেই শ্রীশচীনন্দন আমার স্মৃতিপথে সাক্ষাদ্‌ভাবে উদিত হউন।

(অনুঃ--৯৩) আহা! সমুদ্রের তীরে নিজগণসহ যাইতে যাইতে শ্রীগৌরসুন্দর ব্রজধাম-স্থিত গিরিরাজ শ্রীগোবর্দ্ধনকে দর্শন করিবার ভাবে বালুকাময় গিরিবর চটকের দিকে দ্রুতগতিতে ধাবিত হইয়া আনন্দে বিহ্বল হইয়াছিলেন; সেই শ্রীশচীনন্দন আমার স্মরণপথে সাক্ষাৎ উদিত হউন।

সদ্‌ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধবাদান্
বৈরস্য-ভাবাংশ্চ বহির্ম্মুখানাম্।
সঙ্গং বিহায়াথ সুভক্ত-গোষ্ঠ্যাং
ররাজ যস্তং প্রণমামি গৌরম্।।৯৫।।
নামানি বিষ্ণোর্বহিরঙ্গ-পাত্রে
বিস্তীর্য্য লোকে কলিপাবনোঽভূৎ।
প্রেমান্তরঙ্গায় রসং দদৌ য-
স্তং গৌরচন্দ্রং প্রণমামি ভক্ত্যা।।৯৬।।

(অঃ --৯৪) জনানাং (জীবের) সুখদা (সুখদায়িনী) যস্য (যাঁহার) সা (লোকপ্রসিদ্ধা) অনুকম্পা (দয়া) রঘুনাথদাসং (শ্রীরঘুনাথদাস গোস্বামীকে) সংসারকূপাৎ (সংসার-কূপ হইতে) উদ্ধৃত্য (উদ্ধার করিয়া) [তাঁহাকে] শিলয়া (গোবর্দ্ধনশিলা-সহিত) গুঞ্জাঃ (গুঞ্জামালা) দদৌ (দান করিয়াছিলেন), তং (সেই) শ্রীগৌরচন্দ্রং (শ্রীগৌরচন্দ্রকে) ভক্ত্যা (ভক্তিভরে) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ --৯৪) জীবের সুখদায়িনী যাঁহার সেই দয়া শ্রীরঘুনাথ দাস গোস্বামীকে সংসারকূপ হইতে উদ্ধার করিয়া [তাঁহাকে] শিলা-সহ গুঞ্জামালা প্রদান করিয়াছিলেন, সেই শ্রীগৌরচন্দ্রকে আমি ভক্তিভরে প্রণাম করি।

(অঃ --৯৫) যঃ (যিনি) সদ্ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধবাদান্ (শুদ্ধ ভক্তিসিদ্ধান্তের বিরুদ্ধ মতবাদ-সকল), বৈরস্যভাবান্ চ (ও রসদুষ্ট ভাবসকল) অথ (এবং) বহির্ম্মুখানাং (কৃষ্ণ-বহির্ম্মুখগণের) সঙ্গং (সঙ্গ) বিহায় (বর্জ্জন করিয়া) সুভক্ত-গোষ্ঠ্যাং (উত্তম ভক্তগণের গোষ্ঠীতে) ররাজ (বিরাজ করিতেন), তং (সেই) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) প্রণমামি (নমস্কার করি)।

নামাপরাধং সকলং বিনাশ্য
চৈতন্য-নামাশ্রিত-মানবানাম্।
ভক্তিং পরাং যঃ প্রদদৌ জনেভ্য-
স্তং গৌরচন্দ্রং প্রণমামি ভক্ত্যা।।৯৭।।

(অঃ --৯৬) যঃ (যিনি) লোকে (জগতে) বহিরঙ্গ-পাত্রে (বহিরঙ্গ লোকমধ্যে) বিষ্ণোঃ (কৃষ্ণের) নামানি (নামসমূহ) বিস্তীর্য্য (বিস্তার করিয়া) কলিপাবনঃ (কলিপাবন) অভূৎ (হইয়াছিলেন), প্রেমান্তরঙ্গায় (প্রেমের অন্তরঙ্গ জনকে) রসং (ভক্তিরস) দদৌ (প্রদান করিয়াছিলেন), তং গৌরচন্দ্রং (সেই শ্রীগৌরচন্দ্রকে) ভক্ত্যা (ভক্তিভরে) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ --৯৫) যিনি শুদ্ধ ভক্তিসিদ্ধান্তের বিরুদ্ধ মতবাদসকল ও রস-দুষ্ট ভাবসকল এবং কৃষ্ণ বহির্ম্মুখগণের সঙ্গ বর্জ্জন করিয়া উত্তম ভক্তগণের গোষ্ঠীতে বিরাজ করিতেন, সেই শ্রীগৌরচন্দ্রকে আমি প্রণাম করি।

(অনুঃ --৯৬) যিনি জগতে বহিরঙ্গ-লোকমধ্যে কৃষ্ণনাম-সমূহ বিস্তার করিয়া কলিপাবন হইয়াছিলেন [এবং] প্রেমের অন্তরঙ্গ-জনকে ভক্তিরস প্রদান করিয়াছিলেন, সেই শ্রীগৌরচন্দ্রকে আমি ভক্তিভরে প্রণাম করি।

(অঃ --৯৭) চৈতন্যনামাশ্রিত-মানবানাং (শ্রীচৈতন্য-নামাশ্রিত ব্যক্তিগণের) সকলং (সর্ব্ববিধ) নামাপরাধং (নামাপরাধ) বিনাশ্য (বিদূরীত করিয়া) যঃ (যিনি) জনেভ্যঃ (লোককে) পরাং ভক্তিং (প্রেমভক্তি) প্রদদৌ (প্রদান করিয়াছিলেন), তং গৌরচন্দ্রং (সেই শ্রীগৌরচন্দ্রকে) ভক্ত্যা (ভক্তি-সহকারে) প্রণমামি (প্রণাম করি)।

(অনুঃ --৯৭) শ্রীচৈতন্য-নামাশ্রিত ব্যক্তিগণের সর্ব্বপ্রকার নামাপরাধ

ইত্থং লীলাময়-বরবপুঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রো
বর্ষান্ দ্বিদ্বাদশ-পরিমিতান্ ক্ষেপয়ামাস গার্হ্যে।
সংন্যাসে যঃ সমপরিমিতং যাপয়ামাস কালং
বন্দে গৌরং সকল-জগতামাশ্রমাণাং গুরুং তম্।।৯৮।।
দরিদ্রেভ্যো বস্ত্রং ধনমপি দদৌ যঃ করুণয়া
বুভুক্ষূন্ যোঽন্নাদ্যৈরতিথি-নিচয়াংস্তোষমনয়ৎ
তথা বিদ্যাদানৈঃ সুখমতিশয়ং যঃ সমভজৎ
স গৌরাঙ্গঃ শশ্বৎ স্মরণপদবীং গচ্ছতু মম।।৯৯।।

বিদূরিত করিয়া যিনি লোককে প্রেমভক্তি প্রদান করিয়াছিলেন, সেই শ্রীগৌরচন্দ্রকে আমি ভক্তিভরে প্রণাম করি।

(অঃ--৯৮) লীলাময়-বরবপুঃ (লীলাময় সুন্দর দেহধারী) যঃ (যে) কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ (শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র) ইত্থং (এইভাবে) গার্হ্যে (গৃহস্থধর্মে) দ্বিদ্বাদশ-পরিমিতান্ (চব্বিশ) বর্ষান্ (বৎসর) ক্ষেপয়ামাস (ক্ষেপণ করিয়াছিলেন) [এবং] সংন্যাসে (সংন্যাসধর্ম্মে) সমপরিমিতং (সমপরিমাণ) কালং (কাল) যাপয়ামাস (যাপন করিয়াছিলেন), তং (সেই) সকলজগতাং (সকল জগতের) আশ্রমাণাং [ও সকল] (আশ্রমের) গুরুং (গুরু) গৌরং (শ্রীগৌরচন্দ্রকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ --৯৮) লীলাময় উত্তম দেহধারী যে শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র এইভাবে গৃহস্থাশ্রমে চব্বিশ বৎসর অতিবাহিত করিয়াছিলেন [এবং] সন্ন্যাসাশ্রমে সমপরিমাণ কাল যাপন করিয়াছিলেন, সকল জগৎ ও আশ্রমের গুরু সেই শ্রীগৌরাঙ্গকে আমি বন্দনা করি।

সংন্যাসস্য প্রথম-সময়ে তীর্থ-যাত্রাচ্ছলেন
বর্ষান্ যো বৈ রস-পরিমিতান্ ব্যাপ্য ভক্তিং ততান্।
শেষানব্দান্ বসু-বিধুমিতান্ ক্ষেত্রদেশে স্থিতো যো
বন্দে তস্য প্রকট-চরিতং যোগমায়া-বলাঢ্যম্।।১০০।।

(অঃ --৯৯) যঃ (যিনি) করুণয়া (করুণাবশতঃ) দরিদ্রেভ্যঃ (দরিদ্রদিগকে) বস্ত্রং (বস্ত্র) ধনম্ অপি (ও ধন) দদৌ (দান করিয়াছিলেন), যঃ (যিনি) বুভুক্ষূন্ (অন্নপ্রার্থী) অতিথিনিচয়ান্ (অতিথিগণের) অন্নাদ্যৈঃ (অন্নাদি-দ্বারা) তোষং (সন্তোষ) অনয়ৎ (বিধান করিয়াছিলেন) ; তথা (তদ্রূপ) যঃ (যিনি) বিদ্যাদানৈঃ (বিদ্যাদান-দ্বারা) অতিশয়ং (অত্যন্ত) সুখং (আনন্দ) সমভজৎ (লাভ করিয়াছিলেন), সঃ (সেই) গৌরাঙ্গঃ (শ্রীগৌরাঙ্গ) মম (আমার) স্মরণপদবীং (স্মরণপথে) শশ্বৎ (নিত্যকাল) গচ্ছতু (উদিত হউন)।

(অনুঃ --৯৯) যিনি দয়াবশে দরিদ্রদিগকে বস্ত্র ও ধন দান করিয়াছিলেন, যিনি আহারপ্রার্থী অতিথিগণের অন্নাদিদ্বারা সন্তোষ বিধান করিয়াছিলেন, তদ্রূপ যিনি বিদ্যা দান করিয়া অতিশয় আনন্দ লাভ করিয়াছিলেন, সেই শ্রীগৌরাঙ্গ আমার স্মরণ -পথে নিত্যকাল উদিত হউন।

(অঃ --১০০) যঃ বৈ (যিনি) সংন্যাসস্য (সন্ন্যাস জীবনের) প্রথমসময়ে (প্রথমভাগে) তীর্থযাত্রাচ্ছলেন (তীর্থভ্রমণের ছলে) রসপরিমিতান্ (ছয়) বর্ষান্ (বৎসর) ব্যাপ্য (ব্যাপিয়া) ভক্তিং (ভক্তি) ততান (বিস্তার করিয়াছিলেন), যঃ (যিনি) শেষান্ (অবশিষ্ট) বসুবিধুমিতান্ (আঠার) অব্দান্ (বৎসর) ক্ষেত্রদেশে (শ্রীক্ষেত্রে) স্থিতঃ (অবস্থান করিয়াছিলেন), তস্য (তাঁহার) যোগমায়াবলাঢ্যং

হা হা কষ্টং সকল-জগতাং ভক্তিভাজাং বিশেষং
গোপীনাথালয়-পরিসরে কীর্ত্তনে যঃ প্রদোষে।
অপ্রাকট্যং বত সমভজন্মোহয়ন্ ভক্তনেত্রং
বন্দে তস্যাপ্রকট-চরিতং * নিত্যমপ্রাকৃতং তৎ।।১০১।।

(যোগমায়াশক্তিতে পূর্ণ) প্রকটচরিতং (প্রকটলীলাকে) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ --১০০) যিনি সন্ন্যাস-জীবনের প্রথম-ভাগে তীর্থ ভ্রমণের ছলে ছয় বৎসর ব্যাপিয়া ভক্তি প্রচার করিয়াছিলেন, যিনি অবশিষ্ট আঠার বৎসর শ্রীক্ষেত্রে অবস্থান করিয়াছিলেন, তাঁহার যোগমায়াশক্তিতে সমৃদ্ধ প্রকটলীলাকে আমি বন্দনা করি।

(অঃ --১০১) হা হা (হায় হায়)! সকল জগতাং (সকল জগতের) --বিশেষং (বিশেষতঃ) ভক্তিভাজাং (ভক্তিপথ-সেবিগণের) কষ্টং (দুঃখ)। বত (হায়)! যঃ (যিনি) গোপীনাথালয়পরিসরে (শ্রীটোটা-গোপীনাথের মন্দির-প্রদেশে) প্রদোষে (সন্ধ্যাকালে) কীর্ত্তনে (কীর্ত্তন-মধ্যে) ভক্তনেত্রং (ভক্তগণের চক্ষুঃ) মোহয়ন্ (মোহিত করিয়া) অপ্রাকট্যং (অপ্রকট ভাব) সমভজৎ (প্রাপ্ত হইয়াছিলেন) ; তস্য (তাঁহার) তৎ (সেই) অপ্রাকৃতং (নির্ম্মায়িক--মায়াতীত) অপ্রকট চরিতং (অপকটলীলাকে) নিত্যং (সর্ব্বদা) বন্দে (বন্দনা করি)।

(অনুঃ --১০১) হায়! হায়! সকল-জগতের--বিশেষতঃ ভক্তিপথ-সেবিগণের দুঃখ ; হায়! যিনি শ্রীটোটা-গোপীনাথের মন্দিরপ্রদেশে সন্ধ্যাকালে কীর্ত্তনমধ্যে ভক্তগণের চক্ষুঃ মোহিত করিয়া অপ্রকটভাব প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহার সেই অপ্রাকৃত অপ্রকটলীলাকে আমি সর্ব্বদা বন্দনা করি।

১০১। * 'তস্য প্রকটচরিতং'

ভক্ত্যা যে বৈ সকলসময়ে গৌরগাথামিমাং নো
গায়ন্ত্যুচ্চৈর্বিগলিত-হৃদঃ গৌরতীর্থে বিশেষাৎ।
তেষাং তূর্ণং দ্বিজকুল-মণিঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ
প্রেমাবেশং যুগল-ভজনে যচ্ছতি প্রাণবন্ধুঃ।।১০২।।
ষট্‌খবেদে সমাসেন কার্ত্তিকে গোদ্রুমে প্রভোঃ।
গীতা ভক্তিবিনোদেন লীলেয়ং লোকপাবনী।।১০৩।।

(অঃ --১০২) যে বৈ (যাঁহারা) বিগলিতহৃদঃ (বিগলিত-হৃদয় হইয়া) সকলসময়ে (সর্ব্বদা) নঃ (আমাদের) ইমাং (এই) গৌরগাথাং (শ্রীগৌরগীতি) --বিশেষাৎ (বিশেষতঃ) গৌরতীর্থে (শ্রীগৌরসুন্দরের লীলাস্থলে)--উচ্চৈঃ (উচ্চস্বরে) গায়ন্তি (কীর্ত্তন করেন), দ্বিজকুলমণিঃ (ব্রাহ্মণকুলতিলক) প্রাণবন্ধুঃ (জীবনস্বরূপ বন্ধু) কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ (শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র) তেষাং (তাঁহাদিগকে) যুগলভজনে (শ্রীযুগলসেবায়) প্রেমাবেশং (প্রেমাবেশ) তূর্ণং (শীঘ্র) যচ্ছতি (দান করেন)।

(অনুঃ --১০২) যাঁহারা বিগলিত-হৃদয়ে সকল-সময়ে আমাদের এই শ্রীগৌর-গীতি--বিশেষতঃ শ্রীগৌরসুন্দরের লীলাস্থলে উচ্চস্বরে কীর্ত্তন করেন, দ্বিজকুলমণি জীবনতুল্য বন্ধু শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র তাঁহাদিগকে শ্রীযুগলসেবায় শীঘ্রই প্রেমাবেশ প্রদান করেন।

(অঃ --১০৩) (গোদ্রুমে শ্রীনবদ্বীপ-মন্ডলের অন্তর্গত শ্রীগোদ্রুমদ্বীপে) ষট্‌খবেদে (চারিশত ছয় গৌরাব্দে) কার্ত্তিকে (কার্ত্তিকমাসে) প্রভোঃ (শ্রীমন্মহাপ্রভুর) ইয়ং (এই) লোকপাবনী (জগদুদ্ধারকারিণী) লীলা (কীর্ত্তি) ভক্তিবিনোদেন (শ্রীভক্তিবিনোদ-কর্ত্তৃক) সমাসেন (সংক্ষেপে) গীতা (কীর্ত্তিত হইল)।

যৎপ্রেম-মাধুর্য্য-বিলাসরাগা-
ন্নন্দাত্মজো গৌড়বিহারমাপ।
তস্যৈ বিচিত্রা বৃষভানুপুত্র্যৈ
লীলা ময়া তস্য সমর্পিতেয়ম্।।১০৪।।

ইতি শ্রীভক্তিবিনোদ-বিরচিতং
শ্রীশ্রীমদ্গৌরাঙ্গলীলা - স্মরণমঙ্গলস্তোত্রং সমাপ্তম্।

(অনুঃ --১০৩) শ্রীনবদ্বীপ-মন্ডলের অন্তর্গত শ্রীগোদ্রুম দ্বীপে চারিশত ছয় শ্রীগৌরাব্দে কার্ত্তিকমাসে শ্রীমন্মহাপ্রভুর এই লোকপাবনী লীলা শ্রীভক্তিবিনোদ-কর্ত্তৃক সংক্ষেপে কীর্ত্তিত হইল।

(অঃ --১০৪) নন্দাত্মজঃ (শ্রীনন্দনন্দন) যৎপ্রেম-মাধুর্য্য-বিলাস-রাগাৎ (যাঁহার প্রেমমাধুরী-বিলাসে অনুরাগবশতঃ) গৌড়বিহারং (শ্রীনবদ্বীপ-লীলা) আপ (করিয়াছিলেন) তস্যৈ (সেই) বৃষভানু-পুত্র্যৈ (শ্রীবৃষভানু-নন্দিনীকে) তস্য (তাঁহার--শ্রীকৃষ্ণের) ইয়ং (এই) বিচিত্রা (বিচিত্রা) লীলা (লীলাগাথা) ময়া (আমি) সমর্পিতা (সমর্পণ করিলাম)। ইতি শ্রীভক্তিবিনোদ-বিরচিতং (শ্রীভক্তিবিনোদের রচিত) শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণমঙ্গল স্তোত্রং (শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণের মঙ্গলময় স্তোত্র) সমাপ্তম্ (সমাপ্ত হইল)।

(অনুঃ --১০৪) শ্রীনন্দনন্দন যাঁহার প্রেমমাধুরী-বিলাসে অনুরাগ-বশতঃ শ্রীনবদ্বীপ-লীলা করিয়াছিলেন, সেই শ্রীবৃষভানু- নন্দিনীকে শ্রীকৃষ্ণের এই বিচিত্র লীলাগাথা আমি সমর্পণ করিলাম।

ইতি শ্রীভক্তিবিনোদ-রচিত
শ্রীগৌরাঙ্গলীলা-স্মরণের মঙ্গলময় স্তোত্র সমাপ্ত।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

পরিশিষ্ট

ওঁ বিষ্ণুপাদ-

শ্রীল-ভক্তিবিনোদ-ঠাকুর-কৃত

শ্রীশ্রীগৌরাঙ্গলীলা-স্মরণমঙ্গল-স্তোত্রের 'বিকাশিনী' টীকা

[মহামহোপাধ্যায়-শিতিকণ্ঠ-বাচস্পতি-মহোদয়-কৃতা]

[“বিকাশিনী”—১] খল্বেতস্মিন্ ভারতে ধর্ম্মানুরাগিণামল্পতামধর্ম্ম-পরাণামাধিক্যঞ্চ নিরীক্ষ্য পরমদয়ালোর্ভগবতো নিজমুখনির্গলিতস্য “পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম্। ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।।” ইতি বাদস্য সত্যতাসাধনার্থমবতরণপ্রয়োজনমভূৎ। ততশ্চাসৌ ভগবান্ মহাপ্রভু-নামধেয়ো ভাগীরথীকূলস্থতয়া পুণ্যভূমের্ন্যায়স্মৃত্যাদিশাস্ত্রসলিল-ক্ষালিতধিয়াং সুধিয়ামাস্পদতয়া চ ভারত ললামভূতস্য শ্রীনবদ্বীপনামকনগরস্যান্ত-র্বর্ত্তি-মায়াপুরীসমাখ্যপল্ল্যাং শ্রীজগন্নাথমিশ্রভবনে ফাল্গুনপূর্ণিমায়া-মাবিরাসীৎ। তত্রভবতা কবিনা শ্রীভক্তিবিনোদেন চ তল্লীলাস্মরণমঙ্গলস্তোত্রং প্রণীয়তে রাহুগ্রস্ত ইতি। ফাল্গুনে ফাল্গুনমাসে, পূর্ণিমায়াং জড়শশধরে রাহুণা গ্রস্তে (ভাবে

সপ্তমী), গৌড়ে গৌড়দেশে, সপ্তভির্বর্ষৈরধিকে মনুশতমিতে চতুর্দ্দশশতপরিমাণে মিলিত্বা সপ্তাধিকচতুর্দ্দশশতশকাব্দ ইত্যর্থঃ। প্রদোষে রজনীমুখে মায়াপুর্য্যাং নবদ্বীপান্তর্গত-তদাখ্যপল্ল্যাং শচ্যাঃ শ্রীজগন্নাথমিশ্রপত্ন্যা গর্ভ এব সিন্ধুঃ সমুদ্রস্তস্মিন্ যঃ শ্রীগৌরাঙ্গঃ সমজনি প্রাদুর্বভূব তং, চিচ্ছক্ত্যা প্রকটিতা তনুঃ শরীরং যেন স তং মিশ্রসূনুং শ্রীজগন্নাথমিশ্রতনয়ং শ্রীগৌরাঙ্গমিত্যর্থঃ, স্মরামি চিন্তয়ামি। শ্লোকেঽস্মিন্ শচীগর্ভস্য সিন্ধুত্বারোপণাৎ যৎপাদোপস্থাপ্য-শ্রীগৌরাঙ্গে চন্দ্রত্বারোপণতাৎপর্য্যমায়াতং তেন চ চিন্ময়-তমোনাশক-শ্রীগৌরাঙ্গচন্দ্রস্য শচীগর্ভসিন্ধাবুদয়াৎ জড়শশধরস্য রাহুগ্রস্তত্বেঽপি ন কাচিৎ ক্ষতিরিতি কবেরাশয়ঃ। অত্র চ "পর্ব্বকালে তু সম্প্রাপ্তে চন্দ্রার্কৌ ছাদয়িষ্যসি। ভূমিচ্ছায়াগতশ্চন্দ্রং চন্দ্রগোঽর্কং কদাচন।।" ইতি বিষ্ণুধর্ম্মোত্তরবচনেন, "রাহুঃ কুভামণ্ডলগঃ শশাঙ্কং শশাঙ্কগচ্ছাদয়তি ন বিম্বম্। তমোময়ঃ শম্ভুবরপ্রদানাৎ সর্ব্বগমানামবিরুদ্ধ মেতৎ।।" ইতি সিদ্ধান্তশিরোমণিবচনেন চ " রাহুর্বৈ হস্তী ভূত্বা চন্দ্রমসং গ্রসতি, হস্তী বৈ ভূত্বা স্বর্ভানুরংশুভিরাদিত্যং তমসা পিদধাতি" ইতি সূর্য্যাচন্দ্রমসোরুপরাগ প্রতিপাদকশ্রুতিপ্রামাণ্যোপপত্তয়ে রাহোস্তদানীং তত্তদ্গততয়া তদ্ঘটনাসম্পাদকত্বকল্পনাৎ রাহুকর্ত্তৃকচন্দ্রগ্রাসকথনেন ন কশ্চিদ্দোষাবসরঃ ইতি। শ্লোকেঽস্মিন্ **মন্দাক্রান্তা** বৃত্তং "মন্দাক্রান্তাঽম্বুধির-সনগৈর্ম্মো ভনৌ তৌ গযুগ্মং" ইতি তল্লক্ষণাৎ।

২। বিশ্বম্ভর ইতি। আর্য্যখণ্ডস্য আর্য্যাবর্ত্তস্য মুকুটোপমং শিরোললাম-সদৃশং যৎ গৌড়রাষ্ট্রং তস্মিন্ যস্য শ্রীগৌরাঙ্গচন্দ্রস্য বিশ্বম্ভরঃ বিশ্বম্ভরমিশ্রঃ প্রভুর্মহাপ্রভুঃ হরির্গৌরহরিঃ দ্বিজো দ্বিজমণিঃ গৌরচন্দ্রঃ তথা নিম্বেশঃ (নিমাই ইতি ভাষা) নিম্ববৃক্ষসন্নিধৌ জাতত্বাদিতি ভাবঃ—এতেষাং নাম্নাং নিচয়ঃ সমূহঃ ক্রমতো বভূব, তং কলিপাবনং গৌরং সততং স্মরামি। **বসন্ততিলকং** বৃত্তম্।

৩। অঙ্গীকুর্ব্বন্নিতি। নিজস্য সুখকরীং আনন্দজনিকাং রাধিকায়া ভাবেন সহ কান্তিং শোভাম্ অঙ্গীকুর্ব্বন্ গৃহ্ণন্, সুললিতবপুঃ সৌম্যবিগ্রহঃ। গৌরবর্ণো যো হরিঃ মিশ্রাবাসে শ্রীজগন্নাথমিশ্রভবনে পল্লীস্ত্রীণাং প্রতিবাসিনীনাং

সুখমভিদধৎ সমুৎপাদয়ন্ বাল্যে শৈশবে খেলয়ামাস ক্রীড়াঞ্চকার, তং কনকবপুষং সুবর্ণমূর্ত্তিং প্রাঙ্গণে রিঙ্গমাণং ক্রীড়ন্তং গৌরচন্দ্রমহং বন্দে অভিবাদয়ে। রাধিকাভাবকান্তিমিত্যত্র সমাসবাক্যে সহ-শব্দস্য পৃথক্সাহিত্য-বোধাৎ ভাবঞ্চ কান্তিঞ্চ ইত্যর্থঃ অন্যথা দ্বন্দ্বসমাসে কৃতে দ্বিবচনানুপপত্তিঃ স্যাৎ। খেলয়ামাসেতি পদং খেলঞ্চকারেত্যর্থে কৃত্যর্থ 'ণ্ঞি' করণাৎ সিদ্ধম্। অত্র **মন্দাক্রান্তা** বৃত্তম্।

৪। সর্পাকৃতিমিতি। যঃ শ্রীগৌরাঙ্গঃ স্বাঙ্গনগং নিজপ্রাঙ্গণোপস্থিতং সর্পাকৃতিমনন্তমাসনং কৃত্বা তরসা বলেনেত্যর্থঃ উপবিষ্টঃ, এবঞ্চ আত্মজনানাঞ্চ অনুরোধাৎ তঞ্চ অনন্তং তত্যাজ, তং বিশ্বম্ভরং নিত্যং সর্ব্বদা প্রণমামি। শ্লোকেঽস্মিন্ **ইন্দ্রবজ্রা** বৃত্তম্, তল্লক্ষণং যথা—"স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জগৌ গঃ"।

